সংস্থানের জন্য খাটিতে হয় পাঠের অবসর থাকে না, অধ্যয়নের প্রবল বাসনা সত্ত্বেও তাহাদের সুযোগ ঘটিয়া উঠে না। এই জন্য এই নৈশ বিদ্যালয়ের অনুষ্ঠান। ইহাতে ইংরেজী বাঙ্গালা ও পালি শিক্ষা দেওয়া হয়।

দ্বিতল।—ধর্ম্মাঙ্কুর পূর্ব্বে একতল ছিল। ইহার উন্নতির সঙ্গে সঙ্গে কার্য্যাবলী বৃদ্ধি হওয়াতে একতলে সঙ্কুলান হয় না। যাত্রী ও অভ্যাগতের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাইতে থাকে, সুতরাং বহু অর্থ ব্যয়ে ধর্ম্মাঙ্কুর দ্বিতলীকৃত হইল। যাত্রীদিগের থাকিবারও বিশেষ সুবিধা হইয়াছে। কেবল বালী ও চুণকাম মাত্র বাকী রহিল।

গবর্ণমেণ্ট-বৃত্তিলাভ।—ধর্ম্মাঙ্কুর সভার সম্পাদক বিশ্ববিদ্যালয়ের কৃতবিদ্য শ্রীমান বেণীমাধব বড়ুয়া এম, এ মাসিক প্রায় দুইশত টাকা গবর্ণমেণ্ট হইতে বিশেষ বৃত্তি লাভ করিয়া বিলাতে পালি অধ্যয়ন ও গবেষণা করিতেছেন। তিনি তিন বৎসর ধরিয়া নানাশাস্ত্র অধ্যয়ন দ্বারা পারদর্শিতা লাভ করিয়াছেন।

পান্থশালা।—চট্টগ্রাম অঞ্চলের মফস্বলবাসী এবং হারবাঙ্গ কাকসবাজার প্রভৃতি স্থানের গয়া ও অন্যান্য তীর্থযাত্রীদিগের অবস্থানের জন্য চট্টগ্রাম সহরে কোন অবস্থান ছিল না। যাত্রিগণ বহু কষ্টে যথা তথায় রাত্রি যাপন করিতেন। সিমলা শাখা-সমিতি কর্ত্তৃক অধুনা চট্টগ্রাম অনাথবাজার বিহারসংলগ্ন একখানি পান্থশালা নির্ম্মিত হওয়াতে যাত্রীদিগের সেই অভাব দূরীভূত হইয়াছে।

ঠেগরপুণিতে প্রতিবৎসর মাঘী-পূর্ণিমোপলক্ষে মেলা হইয়া থাকে। দূরবর্ত্তী গ্রাম হইতে অনেক যাত্রী তথায় আসিয়া রাত্রি যাপন করেন। বুড়া গোসাঞির মন্দিরের চতুর্দ্দিকে বারান্দা দেওয়ায় যাত্রীগণের সেই ক্লেশ দূরীকৃত হইয়াছে।

জেতবন বৌদ্ধদিগের পীঠস্থান। এই স্থানে ভগবান বুদ্ধ তাঁহার

শিষ্যগণকে পরিত্রাণপ্রদ নির্ব্বাণধর্ম্মের উপদেশ দিতেন। সূত্র-পিটকের প্রায় প্রত্যেক সূত্রের প্রারম্ভে এই জেতবনের উল্লেখ দেখিতে পাওয়া যায়। সুদত্ত শ্রেষ্ঠী প্রতিদিন শত সহস্র শ্রমণকে এই জেতবনে অন্নদান করিয়া অনাথপিণ্ডদ নামে খ্যাত হইয়াছিলেন। শ্রাবস্তীর প্রাচীন কীর্ত্তি এখন মৃত্তিকাগর্ভে নিহিত। সম্প্রতি আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির, পণ্ডিত শ্রীমৎ চন্দ্রমণি থের ও শ্রীমৎ বরসম্বোধি থের বলরামপুরের অনারেবল মহারাজা স্যার ভগবতীপ্রসাদ সিং কে, সি, আই, ই মহোদয়ের নিকট যাত্রীদিগের সুবিধার্থ মন্দির ও ধর্ম্মশালা নির্ম্মাণের জন্য কতক ভূমি প্রার্থনা করেন। ভিক্ষুগণের আবেদনে উক্ত মহাত্মা তিন বিঘা ভূমি অম্লানবদনে দান করিয়াছেন। অধুনা পণ্ডিত চন্দ্রমণি ও বরসম্বোধি থেরদ্বয় ধর্ম্মশালা নির্ম্মাণ কার্য্য সম্পন্ন করিতেছেন।

লক্ষ্ণৌ-বিহার।—স্থানীয় গবর্ণমেণ্ট বৌদ্ধ বিহার ও ধর্ম্মশালা নির্ম্মাণের জন্য লক্ষ্ণৌনগরে অনেক ভূমি দান করিয়াছেন। ঐ ভূমিতে বিহার ধর্ম্মশালা ও পঞ্চরত্ন মন্দির নির্ম্মিত হইয়াছে। আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের প্রিয় শিষ্য শ্রীমৎ বোধানন্দ ভিক্ষু ও শ্রীমৎ জ্ঞানানন্দ শ্রমণের অবস্থান করিয়া তথাকার শিষ্যগণকে ধর্ম্মদেশনা করিয়া থাকেন। আচার্য্য মহোদয় প্রতি বৎসর ঐ বিহার পরিদর্শন করেন।

শাখা-সমিতি।—কার্য্যব্যপদেশে ধর্ম্মাঙ্কুরের সভ্যগণ ভারতের নানাস্থানে যাতায়াত করেন। তাঁহাদিগকে তথায় দীর্ঘকাল অবস্থান করিতে হয় এবং তথায় উপযুক্ত বিহার ও ভিক্ষুর অভাবে ধর্ম্মালোচনার কোন সুবিধা হইয়া উঠে না। সেই অভাব দূরীকরণার্থ ধর্ম্মাঙ্কুরের শাখা-সমিতি প্রতিষ্ঠার প্রয়োজন হওয়ায় আসাম (শিলং পাহাড়), দার্জ্জিলিঙ, শিমলা, লক্ষ্ণৌ, রাঁচী ও চট্টগ্রামের ভিন্ন ভিন্ন গ্রামে শাখা সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে। শাখা সমিতিও প্রতিবৎসর অভিনব সদনুষ্ঠান দ্বারা উন্নতিপথে অগ্রসর হইতেছে। উক্ত শাখা সমিতি সমূহ ধর্ম্মাঙ্কুর সভার নিয়মের বাধ্য থাকিবে।

মূর্ত্তি-প্রতিষ্ঠা।—সভাপতি আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবিরের শিষ্যগণ গুরুর প্রতি প্রগাঢ় ভক্তি ও সম্মান প্রদর্শনার্থ সম্প্রতি ইতালি হইতে একটি সুগঠিত সুন্দর মর্ম্মর মূর্ত্তি আনাইয়া উপাসিকা শ্রীমতী মহেশ্বরী কর্ত্তৃক নির্ম্মিত একটি মন্দিরে প্রতিষ্ঠা করিয়াছেন। তৎসঙ্গে দুইটি বুদ্ধমূর্ত্তিও প্রতিষ্ঠাপিত হইয়াছে। প্রতিষ্ঠাব্যাপারে প্রীতিভোজন কাঙ্গালীভোজন ইত্যাদিতে বহু অর্থ ব্যয়িত হইয়াছে। ইহা বলা বাহুল্য নহে যে, উক্ত মূর্ত্তির জন্য চাঁদা সংগ্রহের ভার শ্রীযুক্ত মহারাজ মহাজনের উপর ন্যস্ত ছিল। তিনিও এই বিষয়ে যথেষ্ট সাহায্য করিয়াছেন।

বুদ্ধিষ্ট টেম্পল লেন।—ধর্ম্মাঙ্কুর বিহারের উত্তর পশ্চিম কোণা হইতে ঠিক সোজা পশ্চিম দিকে অশ্বযান মটরযান প্রভৃতি যাতায়াতের উপযোগী একটি রাস্তা বৌষ্ট্রীটের সহিত সংলগ্ন হইয়াছে। বিহারে যাতায়াতের সুবিধার জন্য কাশীমবাজারের অধিপতি বদান্যপ্রবর শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী কে, সি, আই, ই, মহোদয় উক্ত রাস্তাটির জমি দান করিয়াছেন এবং তৎসংলগ্ন খণ্ডেক জমি ঐ অভিপ্রায়ে সমিতি জনৈক জমিদার হইতে ১৬০০৲ শত টাকা মূল্যে খরিদ করিয়াছেন। এই বিষয়ে মিউনিসিপালিটির কর্ত্তৃপক্ষ যথেষ্ট সাহায্য করিয়া ধন্যবাদার্হ হইয়াছেন। ঐ রাস্তাটি এখন উল্লিখিত নামেই অভিহিত হয়।

বৌদ্ধ ছাত্রাবাস—গত চারি বৎসর পর্য্যন্ত বৌদ্ধ ছাত্রগণের সুবিধার জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ একখানি সুরম্য গৃহ প্রদান করেন। ছাত্রগণ সুপরিচালনের অভাবে নানা প্রকার অসুবিধা ভোগ করে। ছাত্রগণ বারংবার নানাবিধ অভাব অভিযোগ প্রদর্শন করিয়া ধর্ম্মাঙ্কুরের আশ্রয় গ্রহণ করে। ১৯১৬ ইংরেজী হইতে উক্ত ছাত্রাবাস সমিতির পর্য্যবেক্ষণে আনীত হইয়াছে। ধর্ম্মাঙ্কুর হইতে সদ্ধর্ম্মবাগীশ শ্রীমৎ আর্য্যালঙ্কার ভিক্ষু ছাত্রাবাস পর্য্যবেক্ষণের জন্য নিয়োজিত হইয়াছেন।

অধিবেশন—ধর্ম্মাঙ্কুরে বৌদ্ধপর্ব্বোপলক্ষে সভা, শোকসভা, মহাস্থবিরের জন্মোৎসব উপলক্ষে সভার অধিবেশন হইয়া থাকে। এখন বৌদ্ধ সাহিত্য ও বৌদ্ধদর্শন ইত্যাদি আলোচনার জন্য মাসিক এক একটি অধিবেশন হইতেছে। এই সভার বিশেষ বিবরণ প্রতিমাসে জগজ্জ্যোতিঃতে প্রকাশিত হইয়া থাকে। এই অধিবেশনে বঙ্গের খ্যাতনামা দার্শনিক, সাহিত্যিক, নৈয়ায়িক,ঐতিহাসিক ও প্রত্নতত্ত্বপণ্ডিত-গণ উপস্থিত থাকিয়া জ্ঞানগর্ভ বক্তৃতা দ্বারা বৌদ্ধশাস্ত্রের আলোচনা করিয়া থাকেন।

গবর্ণমেণ্ট-অনুমোদন।—এই সভা ১৯১৩ সালের ৭ আইনের বিধানানুযায়ী কোম্পানীর রেজষ্টরীর আফিসে ১৯১৫ ইংরেজীর ৬ই ডিসেম্বর তারিখে রেজিষ্টরীকৃত হইয়াছে। ১৩২২ সালের জগজ্জ্যোতিঃর মাঘ সংখ্যার ইহার বিশেষ বিবরণ দ্রষ্টব্য।

গুণালঙ্কার-লাইব্রেরী।—সাধারণের পাঠের সুবিধার জন্য গুণালঙ্কার লাইব্রেরী নামক একটি পুস্তকাগার আছে। ঐ পুস্তকাগারে বহুবিধ পুস্তক সংগৃহীত হইতেছে। আর্কিয়োলজিকেল ডিপার্টমেণ্ট ও রয়েল এসিয়াটিক সোসাইটি হইতে প্রকাশিত মূল্যবান গ্রন্থসমূহ নিয়মিত প্রেরিত হয়।

বিহার-পরিদর্শন।—পরমানন্দের বিষয় যে, বৌদ্ধদিগের প্রাতঃ-স্মরণীয় তিব্বতের ষোড়শ কোটী মানবের ধর্ম্মগুরু তাসিলামা ও দালাই-লামা, ভারতীয় শিক্ষাবিভাগের কমিশনার মিঃ এইচ্, শার্প এবং প্রাইভেট সেক্রেটারী মিঃ ডবলিউ, আর্, গোর্লে সমভিব্যাহারে বঙ্গেশ্বর লর্ড কার-মাইকেল্ মহোদয় এই বিহার পরিদর্শন করিয়া গৌরবান্বিত করিয়াছেন।

রাজ-দরবার।—এই সভার সভাপতি ও সহ-সভাপতি মহোদয়-গণ—যুবরাজ দরবারে ও সম্রাটের অভিষেককালীন দিল্লী দরবারে নিমন্ত্রিত হইয়া তাঁহাদের জয়মঙ্গল কামনা করিয়া আশীর্ব্বাদ করিয়া-ছিলেন। ইহাও সভার বিশেষ গৌরব ও খ্যাতির পরিচায়ক।

বুদ্ধাস্থি।—বৌদ্ধধর্ম্মাঙ্কুর সমিতির ভূতপূর্ব্ব সহ-সভাপতি গুণালঙ্কার মহাস্থবির এম. আর্, এ, এস্ মহোদয়—সভাপতি মহোদয়ের দক্ষিণ হস্ত স্বরূপ থাকিয়া এতকাল এই সমিতির উন্নতির জন্য অম্লানবদনে পরিশ্রম করিয়া আসিতেছিলেন। তাঁহারই প্রযত্নে অদ্য ভারত গবর্ণমেণ্ট তক্ষশীলায় মৃত্তিকাগর্ভে প্রাপ্ত বুদ্ধাস্থি এই সমিতিতে প্রদান করিতে মনস্থ করিয়াছেন। বহু প্রতিযোগিতা ও অন্তরায়ের মধ্য দিয়া আমরা ভারত গবর্ণমেণ্ট হইতে এতাদৃশ প্রাপ্তির প্রতিশ্রুতি লাভ করিয়াছি, ইহাই সমিতির ধীর কার্য্যকারিতা গুণেরই সুস্পষ্ট পরিচায়ক। এই উপলক্ষে গত ২৮শে ফেব্রুয়ারী বঙ্গেশ্বর লর্ড কার্‌মাইকেল্ তাঁহার প্রাইভেট সেক্রেটারী মিঃ ডবলিউ, আর, গোর্লে সহ ধর্ম্মাঙ্কুর বিহার পরিদর্শন করিয়া পূণ্যময় বুদ্ধাস্থি দিবেন বলিয়া এই সমিতিকে আরও উৎসাহিত করেন।

শিক্ষা-বিস্তার।—বৌদ্ধ ধর্ম্মাঙ্কুর বা বঙ্গীয় বৌদ্ধসমিতির প্রযত্নে চট্টগ্রামের পাহাড়তলী গ্রামে এংলো পালি বিদ্যালয় ও নয়াপাড়া উচ্চ ইংরেজী বিদ্যালয় গবর্ণমেণ্ট affilated হইয়াছে। এই সমিতির নাম সেই সমস্ত বিদ্যালয়ের ইতিহাসের সঙ্গে সঙ্গে জড়িত থাকিবে।

আরও কয়েকটী নূতন নূতন প্রতিষ্ঠিত মধ্য ইংরেজী বিদ্যালয় চট্টগ্রামের ভিন্ন ভিন্ন গ্রামে দরিদ্র ছাত্রদিগকে শিক্ষাদান করিতেছে। এই সমিতির প্রযত্নই সেই সমুদয় বিদ্যালয় প্রতিষ্ঠার মূল ভিত্তি। ইহাদের মধ্যে কর্ত্তালা মধ্য ইংরেজী বিদ্যালয়ের নাম বিশেষ উল্লেখ যোগ্য।

উল্লিখিত বিষয় সমূহে সাধারণ বক্তব্য

প্রতিবৎসর অভিনব অনুষ্ঠানের সহিত উত্তরোত্তর এই সভা উন্নতির দিকে অগ্রসর হইতেছে। পঞ্চবিংশ বর্ষকাল এই কলিকাতাবক্ষে সভাপতি মহোদয় সদ্ধর্ম্মের উন্নতির জন্য যে অক্লান্ত পরিশ্রমে কার্য্য করিয়া আসিতেছেন, তাহা একবার অনুধাবন করিয়া দেখিলে স্তম্ভিত হইতে হয়। নিন্দাপ্রশংসায়, সম্পদে বিপদে তিনি বিচলিত হন না। তাঁহার দৃঢ় সঙ্কল্প যতক্ষণ কার্য্যে পরিণত না হয়, ততক্ষণ তিনি শান্তিলাভ করিতে

পারেন না। কর্ত্তব্য সম্পাদনপথে শত অন্তরায় তাঁহাকে প্রতিনিবৃত্ত করিতে সমর্থ হয় না। তাঁহারই পরিশ্রমের ফলে আজ শত শত তীর্থ যাত্রী দুর্গম তীর্থপথে থাকিবার স্থান পাইতেছে। তাঁহারই উৎসাহে এই বিশাল সৌধ সাধারণের সদ্ধর্ম্মালোচনার স্থান পাইতেছে। বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভা উপযুক্ত সভাপতির নেতৃত্বে আজ এতদূর অগ্রসর হইতেছে। কর্ম্মবীর না হইয়া তিনি যদি শুধু বাক্যবীর হইতেন, তবে এই সদনুষ্ঠান এতদিন বাক্যস্রোতে ভাসিয়া চিরকাল শুধু নূতন নূতন সঙ্কল্পেই পর্য্যবসিত হইত। সভ্যবৃন্দের বাদানুবাদে যাহা মীমাংসিত হয়, তাহাই সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইবে;—ইহাই প্রাচীন লিচ্ছবী জাতির জাতীয় উন্নতির বিশেষ লক্ষণ ছিল। সভাপতি মহোদয় তদনুসরণ পূর্ব্বক সামান্য বিষয়ও সভ্যবৃন্দের গোচরীভূত করিয়া তাঁহাদের মতামত গ্রহণ করেন।

সদ্ধর্ম্মে মতি রাখিয়া সদুপায়ে যে কোন বৃত্তিদ্বারা জীবিকা নির্ব্বাহ কর, ক্ষতি নাই; কিন্তু কাহাকেও ঘৃণা করিয়া সৌহৃদ্য বা একতার অঙ্গ হানি করা অভিপ্রেত নহে ইহাই তাঁহার মত। তাঁহার কার্য্যের শৃঙ্খলাও প্রশংসনীয়। তাঁহার হৃদয় যেমন দয়াগুণের আধার তাঁহার কার্য্যাবলীও তেমন লোকহিতকর। এই সমস্ত গুণে আজ বড়লাট ছোটলাট হইতে সাধারণ লোক পর্য্যন্ত মুগ্ধ। সভার কার্য্যাবলী আলোচনা করিতে করিতে তাঁহার গুণাবলীর কথা স্বতঃই স্মৃতিপথে উদয় হইয়া থাকে।

এই সভার সদস্যবর্গের নিয়মিত দান যেমন সমিতির পরিচালনপক্ষে প্রধান সহায়, এককালীন দান ও বিহারের অসম্পূর্ণ কার্য্য সম্পাদন পক্ষে তেমনি পরিপোষক। দাতৃগণের একমাত্র দানের উপরই এই সমিতির প্রত্যেক কার্য্য নির্ভর করে; তাঁহারাই সমিতির মেরুদণ্ডস্বরূপ।

এই সমিতির সভাপতি, সহ সভাপতি, সম্পাদক, সহ-সম্পাদক, সহৃদয় সভ্য, পৃষ্ঠপোষক, অনুগ্রাহক সকলেরই সমবেত চেষ্টার ফলে বঙ্গীয় বৌদ্ধ সমাজ এতদূর অগ্রসর হইয়াছে। ভগবৎসমীপে তাঁহাদের অনাময় দীর্ঘজীবন কামনা করি। প্রার্থনা করি, তাঁহারা যেন উত্তরোত্তর সদ্ধর্ম্মের উন্নতি করিয়া জীবনের সার্থকতা সম্পাদন করেন।

এক্ষণে আমরা কৃপাশরণ ফ্রি ইনষ্টিটিউসন ও নৈশবিদ্যালয়ের উদ্দেশ্য ও কার্য্য প্রণালী বিবৃত করিয়া সম্বৎসরের ধারাবাহিক সভার বিবরণ প্রকাশ করিব।

কৃপাশরণ ফ্রি ইনষ্টিটিউসন্

(স্পেশিয়াল স্কুল)

(১৯১৩ খৃষ্টাব্দের ১৫ই নবেম্বর সংস্থাপিত)

বৌদ্ধ বালকবালিকাগণের মধ্যে শিক্ষা বিস্তার করা, বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার একটি প্রধান উদ্দেশ্য হইলেও কর্ম্মবীর কৃপাশরণ মহাস্থবির মহোদয় নানা গুরুতর কার্য্যে ব্যাপৃত থাকায় এতদিন উক্ত মহৎ উদ্দেশ্য প্রকৃত পক্ষে কার্য্যে পরিণত করিবার অবসর প্রাপ্ত হন নাই। ১৯১৩ খ্রীষ্টাব্দের অক্টোবর মাসে তাঁহার সেই মহৎ উদ্দেশ্য কার্য্যে পরিণত করিবার মানসে তিনি স্থানীয় কয়েকজন উৎসাহী বৌদ্ধযুবক লইয়া এক কমিটী গঠন করতঃ "কৃপাশরণ ফ্রি ইনষ্টিটিউসন" (Kripasharan Free Institution) নামে এক বিদ্যালয় স্থাপন করেন। বর্ত্তমান সময়ে এই বিদ্যালয়ে হিন্দু, বৌদ্ধ ও মুসলমান ছাত্রবৃন্দ বিনা বেতনে সুচারুরূপে শিক্ষালাভ করিতেছে। এই বিদ্যালয়ে বাঙ্গলা ভাষার সহিত ইংরেজী ও পালি ভাষা এরূপ ভাবে শিক্ষা দেওয়া হইতেছে যেন ছাত্রগণ এই বিদ্যালয়ের পাঠ সমাপন করিয়া যে কোন H. E. School এর 4th class এ ভর্ত্তি হইতে পারে।

উদ্দেশ্য

কলিকাতাস্থ বৌদ্ধ বালকবালিকাদিগের শিক্ষার পথ সুগম করাই এই বিদ্যালয়ের একমাত্র উদ্দেশ্য।

নিয়মাবলী

১। বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার প্রতিষ্ঠাতা সভাপতি স্বনামধন্য কর্ম্মবীর আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের নামে এই বিদ্যালয়ের নাম,

'কৃপাশরণ ফ্রি ইন্‌ষ্টিটিউসন' রাখা হইল। যতদিন এই বিদ্যালয় বিদ্যমান থাকিবে, ততদিন কেহ ইহার নাম পরিবর্ত্তন করিতে পারিবেন না।

২। এই বিদ্যালয়ের শিক্ষার্থী কোন বালকবালিকা হইতে বেতন লওয়া হইবে না।

৩। এই বিদ্যালয়ের যাবতীয় ব্যয় নির্ব্বাহার্থ ধর্ম্মাঙ্কুর সংশ্লিষ্ট একটী ফণ্ড থাকিবে। এই ফণ্ডের টাকা এই বিদ্যালয় ভিন্ন অপর কোন সম্পর্কে ব্যয়িত হইতে পারিবে না।

৪। এই বিদ্যালয়ের পরিচালন কার্য্যের সহায়তা কল্পে একটী সাধারণ সমিতি গঠিত থাকিবে।

যাঁহারা মাসিক অন্যূন এক টাকা চাঁদা দিবেন তাঁহারা সাধারণ সমিতির মেম্বর শ্রেণীভুক্ত হইতে পারিবেন।

৬। বিদ্যালয়ের কার্য্য পর্য্যবেক্ষণ ও সুপরিচালন কল্পে একটী কার্য্য নির্ব্বাহক সমিতি গঠিত থাকিবে। এই সমিতিতে সাধারণ সমিতি হইতে নির্ব্বাচিত তের জন মেম্বর থাকিবেন। এতদ্ভিন্ন সভাপতি, সহকারী সভাপতি, সম্পাদক, পরিদর্শক এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক কার্য্য-নির্ব্বাহক সমিতিতে স্থান পাইবেন।

৭। কার্য্য-নির্ব্বাহক সমিতির মেম্বরগণ দুই বৎসরের জন্য নির্ব্বাচিত হইবেন; দুই বৎসর পরে তাঁহাদিগকে পুনঃ নির্ব্বাচিত হইবার অধিকার দেওয়া যাইবে। সাধারণ সমিতির মেম্বরগণ ভোটের দ্বারা কার্য্য-নির্ব্বাহক সমিতির মেম্বরগণ কর্ত্তৃক নির্ব্বাচিত হইবেন। যাঁহারা মাসিক অন্যূন দুই টাকা চাঁদা দিবেন, কার্য্য নির্ব্বাহক সমিতির মেম্বর হইতে তাঁহাদের দাবী থাকিবে।

৮। বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার সভাপতি ও সহকারী সভাপতি যথাক্রমে উক্ত সাধারণ সমিতি ও কার্য্যনির্ব্বাহক সমিতির সভাপতি ও সহকারী সভাপতি থাকিবেন। এতদ্ব্যতীত তাঁহাদিগকে কোষাধ্যক্ষের কার্য্যভার

দেওয়া হইবে, সহকারী সম্পাদক কার্য্য-নির্ব্বাহক সমিতি হইতে নির্ব্বাচিত হইবেন।

৯। বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার সম্পাদক বিদ্যালয়-পরিদর্শকের কার্য্য করিবেন।

১০। বিদ্যালয় সম্পর্কীয় সকল কার্য্য, কার্য্যনির্ব্বাহক সমিতির পরামর্শানুসারে করিতে হইবে। সম্পাদক ও প্রধান শিক্ষক কার্য্য-নির্ব্বাহক সমিতি আহ্বান করিতে পারিবেন। অন্যূন ৫ পাঁচজন মেম্বর উপস্থিত থাকিলে সমিতির কার্য্য চলিতে পারিবে। অধিক সংখ্যক মেম্বরের ভোট লইয়া বিষয় নির্দ্ধারিত হইবে।

১১। কার্য্য-নির্ব্বাহক সমিতির নির্দ্দেশমতে ফণ্ডের টাকা ব্যয়িত হইবে। দৈবাৎ কোন কার্য্য উপস্থিত হইলে সমিতির বিনানুমতিতে সভাপতি মহোদয় দশ টাকা পর্য্যন্ত ব্যয় করিতে পারিবেন। কার্য্যনির্ব্বাহক সমিতি আবশ্যক মনে করিলে বিদ্যালয় সংক্রান্ত প্রথম নিয়ম ব্যতীত অন্যান্য নিয়মসমূহ পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন করিতে পারিবেন।

১২। বৈশাখ মাসের ১লা তারিখ হইতে বিদ্যালয়ের বৎসর গণনা করা হইবে। ঐ তারিখে সাধারণ সমিতির অধিবেশন, পুরস্কার বিতরণ ও বিদ্যালয়ের বার্ষিক রিপোর্ট পাঠ হইবে।

১৩। কোন সদাশয় মহাত্মা এক কালীন দান করিতে চাহিলে তাহা সাদরে গৃহীত হইবে।

১৪। মেম্বরগণের দেয় চাঁদা প্রতি মাসের ১৫ই কিম্বা তৎপূর্ব্ব তারিখে সভাপতির নিকট জমা দিতে হইবে।

১৫। বিদ্যালয়ের বার্ষিক রিপোর্টে বৎসরের আয়ব্যয়, ছাত্রসংখ্যা মেম্বর ও চাঁদাদাতৃগণের নাম প্রভৃতি সকল আবশ্যকীয় বিষয় সমূহ প্রকাশিত হইবে।

১৬। বিদ্যালয়ে ইংরেজী বাঙ্গালা শিক্ষা দেওয়া হইবে। এতদ্ব্যতীত প্রত্যহ অপরাহ্ণ ৪ হইতে ৫ ঘটিকা পর্য্যন্ত পালি শিক্ষা দেওয়া হইবে।

১৭। বিদ্যালয়ের কোন শিক্ষক শিক্ষার জন্য ছাত্রগণকে শাসন করিলে যদি কোন অভিভাবকের মনে পীড়া জন্মে, তাহা যথাসময়ে সভাপতির গোচরীভূত করিতে হইবে।

কৃপাশরণ ফ্রি ইনষ্টিটিউসন্

সভাপতি—

আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির।

পরিদর্শক্—

শ্রীযুক্ত বেণীমাধব বড়ুয়া, এম্ এ।

সহকারী পরিদর্শক—

সদ্ধর্ম্মবাগীশ শ্রীমৎ আর্য্যালঙ্কার ভিক্ষু।

সম্পাদক—

শ্রীযুক্তবাবু পুলিনবিহারী চৌধুরী।

সহকারী সম্পাদক—

শ্রীযুক্তবাবু অনন্তকুমার বড়ুয়া।

কার্য্যনির্ব্বাহক সমিতির মেম্বরগণ—

১। শ্রীযুক্ত বাবু হীরুলাল বড়ুয়া, ৮ ললিত মোহন দাসের লেন, কলিকাতা।

২। শ্রীযুক্ত বাবু অনন্তকুমার বড়ুয়া, মার্চ্চেণ্ট, ওয়ারিশবাগান, কলিকাতা।

৩। শ্রীযুক্ত বাবু রসিকচন্দ্র বড়ুয়া ক্লার্ক, কলিকাতা।

৪। শ্রীযুক্ত বাবু ধীরেন্দ্র লাল চৌধুরী মার্চ্চেণ্ট, সাং সাতবাড়ীয়া, চট্টগ্রাম।

৫। সঙ্গীতাধ্যাপক শ্রীযুক্ত বাবু সর্ব্বানন্দ বড়ুয়া, রাউজান চট্টগ্রাম।

৬। শ্রীযুক্ত বাবু সেরসিংহ চৌধুরী, বৌষ্ট্রীট, কলিকাতা।

৮। শ্রীযুক্ত বাবু পুষ্করচন্দ্র বড়ুয়া, বৌষ্ট্রীট, কলিকাতা।

৯। শ্রীযুক্ত বাবু হরকিশোর তালুকদার, সাং পিঙ্গলা, চট্টগ্রাম।

১০। প্রধান শিক্ষক শ্রীযুক্তবাবু রমণীরঞ্জন বিদ্যাবিনোদ এম্,আর্,এ,এস্, কোয়েপাড়া, চট্টগ্রাম।

সাধারণ সমিতির মেম্বর ও মাসিক চাঁদাদাতৃগণের নাম

ওয়ারিশ বাগানস্থ শ্রীযুক্ত বাবু অনন্তকুমার বড়ুয়া ১৲, ১১নং ললিত মোহন দাসের লেনস্থ শ্রীযুক্ত বাবু মহেন্দ্রলাল বড়ুয়া, ১৲ টাকা, সাতবাড়ীয়া নিবাসী প্রসিদ্ধ ব্যবসায়ী শ্রীযুক্ত বাবু ধীরেন্দ্রলাল চৌধুরী (বর্ত্তমান আকিয়াব) ১৲ টাকা, পিঙ্গলানিবাসী শ্রীযুক্ত বাবু হরকিশোর তালুকদার ১ টাকা, বৌষ্ট্রীটস্থ শ্রীযুক্ত বাবু সেরসিংহ চৌধুরী ২৲ টাকা, শ্রীযুক্ত বাবু পুষ্করচন্দ্র বড়ুয়া ১৲ টাকা, শ্রীযুক্ত বাবু রাজকুমার বড়ুয়া ১৲ টাকা, ২নং বুদ্ধিষ্ট টেম্পল লেনস্থ শ্রীযুক্ত বাবু চুনীলাল বড়ুয়া ১৲ টাকা, রাউজান নিবাসী সঙ্গীত-অধ্যাপক শ্রীযুক্ত বাবু সর্ব্বানন্দ বড়ুয়া ১৲ টাকা, লাথেরা নিবাসী শ্রীযুক্ত বাবু ক্ষেত্র মোহন বড়ুয়া, ১৲ টাকা, বুদ্ধিষ্ট টেম্পল লেনস্থ শ্রীযুক্ত বাবু রসিকচন্দ্র বড়ুয়া ক্লার্ক ১৲ টাকা এবং তেকোটা নিবাসী ষষ্ঠীচরণ বড়ুয়া মহোদয় ১৲ টাকা হারে চাঁদা দিয়া থাকেন।

নৈশ বিদ্যালয়

(NIGHT SCHOOL.)

কলিকাতায় যাহারা ব্যবসা বাণিজ্য ও নানাবিধ চাকরি দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, দিবাভাগে কার্য্যে ব্যাপৃত থাকায় শিক্ষার প্রবল বাসনা সত্ত্বেও তাহাদিগের শিক্ষার সুযোগ ঘটিয়া উঠে না। অনেক অপরিণত বয়স্ক বালক উদরান্ন সংস্থানের জন্য অনন্যোপায় হইয়া আপনাকে যে কোন কার্য্যে নিয়োজিত করিতেছে! অর্থাগমে—সুশিক্ষার অভাবে অনেকে বিপথগামী হইয়া পড়ে। এই হেতু আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয় কয়েকজন বিশিষ্ট মেম্বরের পরামর্শে ও অনুরোধে গত ১৬ই জানুয়ারী (১৯১৬) তারিখে নৈশ বিদ্যালয়ের প্রতিষ্ঠা করেন।

রাত্রি ১০ ঘটিকা হইতে ১২॥০ ঘটিকা পর্য্যন্ত এই বিদ্যালয়ের অধ্যাপনা কার্য্য চলিবে।

পরিচালনের নিয়মাবলী সত্বর বিধিবদ্ধ হইবে।

নমঃ ত্রিরত্নায়।

কলিকাতা বৌদ্ধ ধর্ম্মাঙ্কুর সভার পঞ্চবিংশ বার্ষিক অধিবেশন সমূহের সংক্ষিপ্ত তালিকা

প্রথম, দ্বিতীয় ও তৃতীয় অধিবেশন।—প্রবারণা উৎসব। ১৯১৬ ইংরাজীর ১০ই অক্টোবর রবিবার পূর্ণিমা তিথিতে প্রবারণা উৎসব সর্ব্বাঙ্গীন সৌন্দর্য্য লাভ করে। এই পুণ্য দিনে বুদ্ধপূজা, ভিক্ষুপূজা ও ধর্ম্মোপদেশ শ্রবণ ব্যতিরেকে সভাপতিবরণ, বা বক্তৃতাদি কিছুই হইতে পারে না বলিয়া তৎপর দিবস হইতে প্রবারণা উৎসবের অধিবেশন কার্য্য আরম্ভ হয়। বৌদ্ধধর্ম্মাঙ্কুর বিহার ও সভার প্রতিষ্ঠাতা স্থায়ীসভাপতি আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের সভাপতিত্বে ১৯১৬ ইংরেজীর ১১ই, ১২ই ও ১৩ই অক্টোবর তারিখে প্রবারণা উৎসব সভার কার্য্য মহাসমারোহে সুসম্পন্ন হইয়াছে। [বিশেষ বিবরণী জগজ্জ্যোতিঃ (নবম বর্ষ) পৃষ্ঠায় ১৫৪—১৫৬ দ্রষ্টব্য।]

চতুর্থ অধিবেশন।—প্রবারণা উৎসবের সাধারণ অধিবেশন। রায় সাহেব কবিবর শ্রীযুক্ত দীনেশ চন্দ্র সেন মহোদয়ের সভাপতিত্বে ১৯১৬ ইংরেজীর ১৫ই অক্টোবর তারিখে প্রবারণা উৎসবের সাধারণ অধিবেশনের কার্য্য সুচারুরূপে সম্পন্ন হয়। কলিকাতা সংস্কৃত কলেজের সুযোগ্য অধ্যক্ষ বহুভাষার সুপণ্ডিত মহামহোপাধ্যায় ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ, এম্, এ, পি, এইচ, ডি, এম্, আর্, এ, এস্; অনারেবল রায় শ্রীযুক্ত প্রসন্নকুমার রায় বাহাদুর; মিস্ এম্ টনেট্; মেডেম্ এলেকৃজেণ্ডার ডেভিড্ নীল; সদ্ধর্ম্মব্রত পণ্ডিত শ্রীযুক্ত ক্ষেত্রনাথ কাব্যকণ্ঠ এফ্, টি, এস্ ও শ্রীযুক্ত শচীন্দ্র নাথ মুখোপাধ্যায় বি এল মহোদয় প্রমুখ বহুগণ্যমান্য ব্যক্তি সভায় উপস্থিত ছিলেন। [বিশেষ বিবরণ, জগজ্জ্যোতিঃ—(নবমবর্ষ) ১৫৬—১৫৮ পৃষ্ঠা।]

পঞ্চম অধিবেশন।—মহিলাসম্মিলনী। ধর্ম্মাঙ্কুর সভার স্থায়ী সভাপতি মহোদয়ের সভাপতিত্বে ১৯১৬ ইংরেজীর ১৬ই অক্টোবর বৌদ্ধ মহিলাগণের অধিবেশন হয়।] জগজ্জ্যোতিঃ—(নবম বর্ষ) ১৫৮ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

ষষ্ঠ ও সপ্তম অধিবেশন।—প্রবারণা উৎসবের বিশেষ অধিবেশন। ধর্ম্মাঙ্কুরের স্থায়ী সভাপতি আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের সভাপতিত্বে ১৯১৬ ইংরাজীর ১৭ই ও ১৮ই অক্টোবর তারিখে প্রবারণা উৎসবের বিশেষ অধিবেশনের কার্য্য সুচারুরূপে নির্ব্বাহিত হয়। এই দুই অধিবেশনে পাটনা কলেজের সুযোগ্য অধ্যাপক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার প্রত্নতত্ত্ববারিধি মহোদয় বৈদ্যুতিক আলোকের সাহায্যে ভারতের অতীত গৌরব বৌদ্ধ প্রাচীন তত্ত্ব বিহারের ভূগর্ভ হইতে প্রাপ্ত স্মৃতির অপূর্ব্ব দৃশ্যগুলি প্রদর্শন করিয়া পৌরাণিক কাহিনী বিবৃত করেন। তাঁহার বক্তৃতা অতিশয় সারগর্ভ ও হৃদয়গ্রাহী হইয়াছিল। [জগজ্জ্যোতিঃ—(নবমবর্ষ)১৫৮—১৫৯ পৃষ্ঠা।]

অষ্টম অধিবেশন।—ধর্ম্মচক্র প্রবর্ত্তনসূত্রপাঠ। স্থায়ী সভাপতি মহোদয়ের সভাপতিত্বে ১৯১৬ ইংরেজীর ২০শে অক্টোবর ধর্ম্মচক্র প্রবর্ত্তন সূত্র পঠিত হয়। বলা বাহুল্য যে সেদিন মলঙ্গালেনস্থ, বৌবাজার ও কপালিটোলাস্থ এবং ওয়ারিশ বাগানস্থ বৌদ্ধগণ দলে দলে পুষ্প স্তবক দীপ, ধূপ, ফল, চীবর ও নানাবিধ দানীয় দ্রব্যাদি ও বাদ্যযন্ত্র সহযোগে সুমধুর তানে অহিংসা পরমোধর্ম্মের গুণগান করিতে করিতে ধর্ম্মাঙ্কুর বিহারে শুভাগমন করিয়া দানের সুবৃহৎ সজ্জিত ডালাগুলি ভক্তি ও বিনয়সহকারে ভিক্ষুগণকে প্রদান করেন। [জগজ্জ্যোতিঃ—(নবম বর্ষ) ১৫৯—১৬০ পৃষ্ঠা।]

নবম অধিবেশন।—শোক সভা। আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের সভাপতিত্বে ১৯১৬ ইংরেজীর ৮ই অক্টোবর বৈদ্যপাড়া-নিবাসী সব্‌রেজিষ্ট্রার্ ৺লক্ষ্মীচন্দ্র বড়ুয়া মহাশয়ের শোক সভা হয়। [জগজ্জ্যোতিঃ—(নবমবর্ষ) ১৬০ পৃষ্ঠা।]

দশম অধিবেশন।—ধর্ম্মাঙ্কুরের সাহিত্য সভা। প্রবীণ সাহিত্যিক শ্রীযুক্ত তিনকড়ি মুখোপাধ্যায় মহাশয়ের সভাপতিত্বে ১৯১৬ ইংরেজীর ১৯শে ডিসেম্বর তারিখে ধর্ম্মাঙ্কুরের সাহিত্য সভার কার্য্য সুচারুরূপে সম্পন্ন হয়। [জগজ্জ্যোতিঃ—(নবমবর্ষ) ১৯৩ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

একাদশ অধিবেশন।— স্মৃতি-সভা। কলিকাতা সংস্কৃত কলেজের সুযোগ্য অধ্যাপক দার্শনিক পণ্ডিত মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ মহাশয়ের সভাপতিত্বে ১৯১৭ ইংরেজীর ১৭ই জানুয়ারী তারিখে বঙ্গের অন্যতম সুসন্তান বৌদ্ধ সমাজের অকৃত্রিম বন্ধু সুবিখ্যাত ভ্রমণকারী সাহিত্যিক রাজদূত রায় শরৎচন্দ্র দাস বাহাদুরের মৃত্যু উপলক্ষে এক মহতী স্মৃতিসভার অধিবেশন হয়। কলিকাতা সংস্কৃত কলেজের সুযোগ্য অধ্যক্ষ ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ, এম্, এ, পি, এইচ্, ডি, এম্, আর্, এ, এস্ ; টাকীর জমিদার রায় শ্রীযুক্ত যতীন্দ্রনাথ চৌধুরী এম্, এ, বি, এল্ ; সুপ্রসিদ্ধ সাহিত্যিক শ্রীযুক্ত চারুচন্দ্র বসু পুরাতত্ত্ব ভূষণ ; মহাত্মা এইচ্ ধর্ম্মপাল্ ; শ্রীমৎ শুদ্ধানন্দ ব্রহ্মচারী ; সদ্ধর্ম্মব্রত পণ্ডিত শ্রীযুক্ত ক্ষেত্রনাথ বন্দোপাধ্যায় কাব্যকণ্ঠ এফ্ টি, এস্ ; পণ্ডিত শ্রীযুক্ত প্রভাসচন্দ্র মুখোপাধ্যায় সাহিত্যভূষণ রায় সাহেব শ্রীযুক্ত ঈশান চন্দ্র ঘোষ, এম্, এ মহোদয় প্রমুখ বহু গণ্যমান্য ব্যক্তি এই সভায় উপস্থিত ছিলেন। [জগজ্জ্যোতিঃ—(নবমবর্ষ) ২১৯ পৃষ্ঠা হইতে ২২১ পৃষ্ঠা।]

দ্বাদশ অধিবেশন।—মাঘী পূর্ণিমোৎসব। ১৯১৭ ইংরেজীতে ৬ই ফেব্রুয়ারী তারিখে কলিকাতা মেডিকেল্ কলেজের সুপ্রসিদ্ধ রসায়ন শাস্ত্র বিশারদ রায় বাহাদুর শ্রীযুক্ত চুনীলাল বসু মহোদয়ের সভাপতিত্বে বিরাট সভার অধিবেশন কার্য্য সুনিষ্পন্ন হয়। [জগজ্জ্যোতিঃ (নবম-বর্ষ) ২৫৩—২৫৪ পৃষ্ঠা।]

ত্রয়োদশ অধিবেশন।—১৯১৭ ইংরেজীর ২৮শে ফেব্রুয়ারী বুধবার ধর্ম্মাঙ্কুরে বঙ্গেশ্বরের শুভাগমন উপলক্ষে বিশেষ অধিবেশন হয়। [জগজ্জ্যোতিঃ—(নবমবর্ষ) ২৫৫—২৫৭ পৃষ্ঠা।]

চতুর্দ্দশ অধিবেশন।—স্মৃতি সভা। ১৩২৩ সালের ২৬শে চৈত্র রবিবার ভারতগৌরব স্বনামধন্য হাইকোর্টের সুযোগ্য বিচারপতি অনারেবল ডাক্তার স্যার্ শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী সম্বুদ্ধাগমচক্রবর্ত্তী Kt. C. S. I. মহাশয়ের সভাপতিত্বে কলিকাতা ধর্ম্মাঙ্কুরের সহকারী সভাপতি জগজ্জ্যোতিঃ-সম্পাদক জ্ঞানরত্ন কবিধ্বজ পরলোকগত গুণালঙ্কার মহাস্থবির এম্, আর্, এ, এস্, মহোদয়ের স্মৃতি সভার কার্য্য সুচারুরূপে নির্ব্বাহিত হয়। [জগজ্জ্যোতিঃ—(নবমবর্ষ) ২৮৩—২৮৬ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

পঞ্চদশ অধিবেশন।—বন্ধু সম্মিলনে ৺ গুণালঙ্কারের স্থায়ী স্মৃতি সভা। ১৩২৪ সালের ১লা বৈশাখ সদ্ধর্ম্মবিশারদ স্থবির শ্রীমৎ জ্ঞানানন্দ স্বামী মহোদয়ের সভাপতিত্বে বন্ধুসম্মিলনীর কার্য্য সুসম্পন্ন হইয়াছে। উক্ত সম্মিলনীর কার্য্য ধারাবাহিক রূপে নির্ব্বাহিত হইবার পর পরলোকগত ৺ গুণালঙ্কার মহাস্থবিরের স্মৃতি-সভা সম্বন্ধে আলোচিত হইলে প্রতিবৎসর এই বন্ধু সম্মিলনে ৺ গুণালঙ্কারের স্থায়ী স্মৃতি-সভার অনুষ্ঠান হইবে বলিয়া সর্ব্বসম্মতি ক্রমে স্থিরীকৃত হয়। [জগজ্জ্যোতিঃ (৯মবর্ষ) ৩০০ পৃষ্ঠা।]

কলিকাতা বাসী ও প্রবাসী বৌদ্ধ দায়কবৃন্দের আগ্রহাতিশয্যে স্থায়ী সভাপতি শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের অনুমত্যানুসারে ১৩২৪ সালের ৮ই বৈশাখ ধর্ম্মাঙ্কুর বিহারে ৺ গুণালঙ্কার মহাস্থবিরের পারলৌকিক ক্রিয়া সুসম্পন্ন হইয়াছে। [জগজ্জ্যোতিঃ—(নবম বর্ষ) ৩০৭—৩০৮ পৃষ্ঠা।]

ষোড়শ অধিবেশন।—কলিকাতা বৌদ্ধ মহিলাসমিতি। বিগত ১৩ই বৈশাখ পরলোকগত ৺ গুণালঙ্কার মহাস্থবির মহোদয়ের শোক-স্মৃতি উপলক্ষে কলিকাতা বৌদ্ধ মহিলাসমিতির বিশেষ অধিবেশন কার্য্য এবং পরলোকগত মহাত্মার অন্ত্যেষ্টিক্রিয়া উপলক্ষে উক্ত সমিতি কর্ত্তৃক বৌদ্ধভিক্ষু ও কাঙালী ভোজন এবং আতুরাশ্রমে দান কার্য্য

সুচারুরূপে নির্ব্বাহিত হইয়াছে। [জগজ্জ্যোতিঃ—(নবম বর্ষ)—৩০৮—৩১০ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

সপ্তদশ অধিবেশন।—১৯১৭ ইংরেজীর ৩০শে এপ্রিল তারিখে কৃপাশরণ ফ্রি ইনষ্টিটিউসনের গ্রীষ্মাবকাশ উপলক্ষে সুযোগ্য এক্‌সাইজ ইন্‌স্পেক্টর্‌ শ্রীযুক্ত শান্তশীল বড়ুয়া বি, এ মহোদয়ের সভাপতিত্বে এক সাধারণ সভার অধিবেশন হয়। উক্ত বিদ্যালয়ের ১ম শ্রেণীর ছাত্রগণের মধ্যে যে সর্ব্বোচ্চ স্থান অধিকার করিবে সহৃদয় সভাপতি মহোদয় তাহাকে "সব্‌ধন" নামক একটি রৌপ্যপদক দানে পুরস্কৃত করিতে প্রতিশ্রুত হন। [জগজ্জ্যোতিঃ—(৯ম বর্ষ) ৩০০—৩০১ পৃষ্ঠা]

অষ্টাদশ অধিবেশন—বৈশাখী পূর্ণিমোৎসব।—১৯১৭ ইংরেজীর ৬ই মে রবিবার ভারতের অন্যতম মনীষি বঙ্গের তথা ভারতের অন্যতম সুসন্তান সর্ব্বশাস্ত্রে সুপণ্ডিত বহু ভাষাভিজ্ঞ কলিকাতা সংস্কৃত কলেজের সুযোগ্য অধ্যক্ষ মহামহোপাধ্যায় ডাক্তার শ্রীযুক্ত সতিশচন্দ্র বিদ্যাভূষণ এম্‌ এ, পি এইচ ডি, এম্‌ আর্‌ এ এস, মহোদয়ের সভাপতিত্বে, শ্রীশ্রীভগবান বুদ্ধদেবের ২৪৬১ তম মহাপরিনির্ব্বাণোৎসবের অধিবেশন কার্য্য সমারোহে সুসম্পন্ন হইয়াছে। [জগজ্জ্যোতিঃ—(৯ম বর্ষ) ৩৩২—৩৩৫ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

ঊনবিংশ অধিবেশন।—ভারত-সম্রাটের জন্মোৎসব। ১৯১৭ ইংরেজীর ৪ঠা জুন সোমবার রাজগুরু শ্রীমৎ ধর্ম্মাধার মহাস্থবির মহোদয়ের সভাপতিত্বে মহামান্য ভারত-সম্রাটের জন্মোৎসব মহাসমারোহে সুসম্পন্ন হয়। মাননীয় সভাপতি মহোদয়; সূত্রাভিধর্ম্মবিশারদ শ্রীমৎ অগ্রবংশ বিদ্যাবিনোদ; এক্‌সাইজ ইন্‌স্পেক্টর শ্রীযুক্ত শান্তশীল বড়ুয়া বি, এ; জগজ্জ্যোতিঃ-সম্পাদক পণ্ডিত শ্রীযুক্ত রমণীরঞ্জন সেনগুপ্ত বিদ্যাবিনোদ এম্‌,আর্‌, এ, এস্‌ মহোদয় প্রমুখ গণ্যমান্য সভ্যগণ রাজা প্রজার সম্বন্ধমূলক বহুবিধ তত্ত্বের আলোচনা করতঃ ইংরেজ-রাজত্বের মহত্ত্ব ও উপকারিতা

সকলকে বিশদরূপে বুঝাইয়া দেন। [জগজ্জ্যোতিঃ—(৯ম বর্ষ) ৩৩৫ পৃষ্ঠা]

বিংশ অধিবেশন।—শোক সভা। সদ্ধর্ম্মবাগীশ শ্রীমৎ আর্য্যালঙ্কার ভিক্ষু মহোদয়ের সভাপতিত্বে ১৯১৭ ইংরেজীর ৭ই মে তারিখে চট্টগ্রাম গৈড়লা নিবাসী জমিদার স্বর্গীয় ৺সারদাচরণ সেন মহাশয়ের অকাল মৃত্যু উপলক্ষে শোকসভা সমাহিত হয়। [জগজ্জ্যোতিঃ—(৯ম বর্ষ) ৩৩৬ পৃষ্ঠা]

একবিংশ অধিবেশন।—মহাস্থবিরের জন্মোৎসব। ১৩২৪ সালের ৭ই আষাঢ় (২১শে জুন) বৃহস্পতিবার কলিকাতাস্থ বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভাগৃহে ভারত-গৌরব স্বনামধন্য কলিকাতা সংস্কৃত কলেজের সুযোগ্য অধ্যক্ষ মহামহোপাধ্যায় ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এইচ্ ডি, এম্ আর এ এস্ মহাশয়ের সভাপতিত্বে বৌদ্ধধর্ম্মাঙ্কুর বিহার ও সভার প্রতিষ্ঠাতা ও স্থায়ী সভাপতি উদার হৃদয় কর্ম্মবীর ধর্ম্মপ্রাণ আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের ৫৩শ তম জন্মোৎসব-অধিবেশন মহাসমারোহে সুসম্পন্ন হইয়াছে। [জগজ্জ্যোতিঃ—(১০ম বর্ষ) ২৩—২৪ পৃষ্ঠা।]

দ্বাবিংশ অধিবেশন।—ধর্ম্মাঙ্কুরের বিশেষ অধিবেশন। ১৯১৭ ইংরেজীর ৩০শে জুন তারিখে চট্টগ্রাম কলেজের পালি লেক্‌চারার শ্রীমৎ ধর্ম্মবংশ মহাস্থবির মহোদয়ের সভাপতিত্বে ধর্ম্মাঙ্কুরের বিশেষ অধিবেশনের কার্য্য সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। [জগজ্জ্যোতিঃ—(১০ম বর্ষ) ২৫ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

ত্রয়োবিংশ অধিবেশন।—বর্ষাবাস বা আষাঢ়ী পূর্ণিমোৎসব। ১৯১৭ ইংরেজীর ২রা আগষ্ট বৃহস্পতিবার বর্ষাবাস বা আষাঢ়ী পূর্ণিমোৎসব উপলক্ষে ধর্ম্মালোকে আলোকিত হইবার মানসে কলিকাতাবাসী ও প্রবাসী শত শত বৌদ্ধ উপাসক উপাসিকাগণ ফুলবাতি সহকারে ধর্ম্মাঙ্কুরে আগমন করতঃ, বুদ্ধ ও ভিক্ষু পূজাদি পুণ্য কার্য্যের অনুষ্ঠান করেন। এই

অধিবেশনে যথারীতিতে সভাপতিবরণ বা বক্তৃতাদি হইতে পারে না বলিয়া বুদ্ধপূজা, গুরুপূজা ও ধর্ম্মোপদেশ শ্রবণ ইহার প্রধান অঙ্গ ছিল।

চতুর্ব্বিংশ অধিবেশন।—ধর্ম্মাঙ্কুরের কার্য্যকারী সমিতি। ১৯১৭ ইংরেজীর ৫ই আগষ্ট তারিখে বৌদ্ধধর্ম্মাঙ্কুর বিহার ও সভার প্রতিষ্ঠাতা স্বনামধন্য আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের সভাপতিত্বে ধর্ম্মাঙ্কুরের কার্য্যকারী সমিতির বিশেষ অধিবেশন সুসম্পন্ন হইয়াছে। [জগজ্জ্যোতিঃ—(১০ম বর্ষ) ৫০ পৃষ্ঠা]

পঞ্চবিংশ অধিবেশন।—ধর্ম্মাঙ্কুরের বিশেষ অধিবেশন। মাননীয় ভূপেন্দ্রনাথ বসু মহোদয় ভারত-সচিবের মন্ত্রনাসভায় অধিষ্ঠিত হওয়ায় তাঁহাকে অভিনন্দন প্রদান এবং কর্ম্মবীর আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের শিষ্যদ্বয়কে আশীর্ব্বাদ প্রদান উপলক্ষে ১৯১৭ ইংরেজীর ২৬শে আগষ্ট রবিবার কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস্‌চেন-সেলার মাননীয় ডাক্তার শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী মহোদয়ের সভাপতিত্বে বিরাট সভার অধিবেশন কার্য্য মহাসমারোহে নির্ব্বাহিত হইয়াছে। [জগজ্জ্যোতিঃ—(১০ম বর্ষ, ভাদ্র সংখ্যা) ৭৬—৮০ পৃষ্ঠা।]

বিশেষ দ্রষ্টব্য।—উল্লিখিত অধিবেশন সমূহের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য বোধে ত্রয়োদশ, চতুর্দ্দশ, একবিংশ ও চতুর্ব্বিংশ অধিবেশন সমূহের বিবৃত বিবরণ নিম্নে প্রকাশিত হইল।

ত্রয়োদশ অধিবেশন

ধর্ম্মাঙ্কুরে—বঙ্গেশ্বর।

গত ২৮শে ফেব্রুয়ারী বুধবার মহামান্য বঙ্গেশ্বর লর্ড কারমাইকেল বাহাদুর তাঁহার প্রাইভেট্ সেক্রেটারী ডব্লিউ আর গোর্লে মহোদয়ের সহিত 'ধর্ম্মাঙ্কুর' পরিদর্শন করিয়া বঙ্গীয় বৌদ্ধগণকে কৃতার্থ করিয়াছেন। ভারতীয় প্রত্নতত্ত্ববিভাগের ডাইরেক্টর জেনারেল সারজন্ মার্শেল্ বাহাদুর সিংহল হইতে দিল্লী প্রত্যাবর্ত্তনপথে কলিকাতা মহানগরীতে উপস্থিত হইলে বঙ্গেশ্বরের সমভিব্যহারে ধর্ম্মাঙ্কুর পরিদর্শনের প্রস্তাব ছিল। দুঃখের বিষয়, তাঁহার অসুস্থতানিবন্ধন ইহা ঘটিয়া উঠিল না। যাহা হউক, বঙ্গেশ্বরের আগমন উপলক্ষে—তাঁহার নিষেধবিধায় সভ্যগণ সম্মিলিত হইয়া সাজসজ্জা বিষয়ে বিশেষ আয়োজন করিতে পারেন নাই, তজ্জন্য তাঁহারা নিতান্ত ক্ষুণ্ণ। বৃথা সাজসজ্জা দ্বারা ধর্ম্মমন্দিরের অর্থ-ব্যয় ন্যায়পর বিচক্ষণ বঙ্গেশ্বর বা বহুদর্শী প্রত্নতত্ত্ববিদের অভিপ্রেত নহে।

ধর্ম্মাঙ্কুরে আগমনকালীন বঙ্গেশ্বর, পূজ্যপাদ আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির পূজনীয় রাজগুরু শ্রীমৎ ধর্ম্মাধার মহাস্থবির প্রমুখ ভিক্ষুসংঘ কর্ত্তৃক সন্নিহিত পথিমধ্যে অভ্যর্থিত ও অভিনন্দিত হইয়া কাশিমবাজারাধিপতি প্রভৃতি বিশিষ্ট বহু সভ্যমণ্ডলীর সহিত করমর্দ্দন পূর্ব্বক বিহার-প্রাঙ্গনে উপনীত হন। প্রথমতঃ তিনি মন্দিরে প্রতিষ্ঠিত সুবৃহৎ বুদ্ধ-মূর্ত্তি দর্শন করিয়া আনন্দ লাভ করেন। তৎপর 'গুণালঙ্কার লাইব্রেরী' পরিদর্শন করিতে গিয়া তিনি তালপত্র লিখিত প্রাচীন পালিগ্রন্থ দেখিয়া পরম পরিতোষ-লাভ করেন। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যা-ভূষণ এম, এ, পি, এইচ, ডি, মহোদয় উক্ত গ্রন্থসমূহের বিশেষ পরিচয় প্রদান করেন। তৎপর তথা হইতে তিনি দ্বিতলোপরি পরিনির্ব্বাণ

শয্যায় শায়িত বুদ্ধ-মূর্ত্তি দর্শন করিয়া পুনরায় নিম্নতলে মার্ব্বেলমণ্ডিত সভামণ্ডপে সভ্যমণ্ডলী পরিবৃত হইয়া নির্দ্দিষ্ট আসনে উপবেশন করেন। ভিক্ষুমণ্ডলীও যথোপযুক্ত আসনে উপবেশন করিলে তাঁহারা সকলে সমস্বরে পালিগাথা উচ্চারণ করিয়া বঙ্গেশ্বরকে আশীর্ব্বাদ করেন। সহযোগী সম্পাদক শ্রীযুক্ত গজেন্দ্রলাল চৌধুরী এম, আর, এ, এস, মহোদয় পূজ্যপাদ মহাস্থবিরগণের আশীর্ব্বাদসূচক মুদ্রিত পত্র বঙ্গেশ্বরকে প্রদান করেন তৎপর আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয় ধর্ম্মাঙ্কুর বিহার ও ভগবান বুদ্ধের ধাতুপঞ্জর-স্থাপন-সংক্রান্ত বিষয় বর্ণনান্তে বঙ্গেশ্বরের শুভাগমনে আনন্দ প্রকাশ করিয়া বলেন :—

"আমরা হৃদয়ের গভীর আনন্দের সহিত প্রকাশ করিতেছি যে, আজ আমাদের সদাশয় বঙ্গেশ্বর লর্ড কারমাইকেল বাহাদুর কলিকাতাবক্ষে বঙ্গীয় বৌদ্ধের একমাত্র বিহার এই ধর্ম্মাঙ্কুরে শুভাগমন করিয়া আমাদিগকে অনুগৃহীত ও চির কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন। ভারতের ভূতপূর্ব্ব বড়লাট বাহাদুর লর্ড রিপন ও বঙ্গেশ্বর ছোটলাট সারজন উড্‌বরণ্ বাহাদুরের সদয় ব্যবহারে যেমন তাঁহারা ভারত ও বঙ্গবাসীর হৃদয়ে এখনও দেবতার ন্যায় পূজা পাইয়া আসিতেছেন, সেইরূপ আমাদের বর্ত্তমান বঙ্গেশ্বর লর্ড কারমাইকেলও তাঁহার অপরিসীম সৌজন্য ও দয়ার জন্য চিরকাল বঙ্গবাসীর হৃদয়ে দেবতার ন্যায় বিদ্যমান থাকিবেন, ইহাতে কোন সন্দেহ নাই।

আমাদের ভূতপূর্ব্ব বিচক্ষণ বড়লাট লর্ড কর্জ্জন বাহাদুর ভারতের ভূগর্ভ প্রোথিত প্রাচীন স্মৃতিরক্ষার জন্য যে সুন্দর বিধিব্যবস্থা করিয়া গিয়াছেন, তাঁহার এই কার্য্যের জন্য তিনি যেমন হিন্দু, বৌদ্ধ, জৈন প্রভৃতি ভারতীয় প্রজাগণের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন, সেইরূপ মহাত্মা সারজন্ মার্শেল বাহাদুরও ভারতের প্রাচীন স্মৃতি ভূগর্ভ হইতে উদ্ধার সাধন করিয়া ততোঽধিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ ভাজন হইয়াছেন। তিনি লুপ্ত প্রাচীন স্মৃতি জগতের সম্মুখে ধরিয়াছেন। আজ ভগবান তথাগত

বুদ্ধের পবিত্র অস্থিপঞ্জর উদ্ধার করিয়া কোটি কোটি বৌদ্ধ নরনারীর ধর্ম্মসাধনের অভিনব উপায় উদ্ঘাটন করিয়াছেন। কোটি কোটি কণ্ঠে চিরদিন তাঁহার জয়-গান উচ্চারিত হইবে। তিনিও ভারতবাসীর তথা জগতবাসীর অন্তরে—চিরকাল জগতের ইতিহাসে অমর হইয়া থাকিবেন।

সদাশয় বঙ্গেশ্বরের প্রাইভেট সেক্রেটারী মহাত্মা গোর্লে মহোদয়ের স্নেহ-সৌজন্য আমরা কখনও ভুলিতে পারিব না। যিনি তাঁহার সহিত সাক্ষাৎ করিতে যান, তিনিই তাঁহার সৌজন্যে মুগ্ধ হইয়াছেন। আমরা এই মহাত্মাদ্বয়কে হৃদয়ের অন্তঃস্থল হইতে কৃতজ্ঞতা জ্ঞাপন করতঃ ধন্যবাদ প্রদান করিতেছি, পরিশেষে দুঃখের সহিত প্রকাশ করিতেছি যে, আমাদের এই সদাশয় বঙ্গেশ্বর সত্বর এদেশ ত্যাগ করিয়া চলিয়া যাইবেন। তাঁহার সৌজন্য চিরকাল স্মরণ থাকিবে।

অদ্য বঙ্গমাতার সুসন্তান বদান্যবর মহারাজা সার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী সি, আই, ই বাহাদুরের সহিত বঙ্গেশ্বরের শুভাগমনোপলক্ষে আমি সাক্ষাৎ করিতে গিয়াছিলাম। তিনি বুদ্ধাস্থি সংরক্ষণপোযোগী মন্দির নির্ম্মাণের জন্য ভূমি দান করিতে স্বীকৃত হইয়াছেন। সুতরাং মহারাজ বাহাদুরের অভিমত বঙ্গেশ্বরের সম্মুখে প্রকাশ করিলে আমরা পরম আনন্দ লাভ করিতে পারিব"।

তৎপর বদান্যবর কাশিমবাজারাধিপতি সাতিশয় সৌজন্য প্রকাশে গাত্রোত্থান করিয়া ধীরভাবে তাঁহার স্বভাবসিদ্ধ সুমধুর ভাষায় ধর্ম্মাঙ্কুরে বঙ্গেশ্বরের শুভাগমনে আনন্দ প্রকাশ করিয়া বলেন—

"ভারতের রত্ন ভারতে সংরক্ষণের জন্য প্রয়াসী হওয়া আমাদের একান্ত কর্ত্তব্য। জগৎগুরু ভগবান বুদ্ধের পবিত্র অস্থিপঞ্জর রক্ষার জন্য ভূমির প্রয়োজন হইলে এবং সদাশয় গবর্ণমেণ্ট আমাদিগকে ইহা প্রদানে সম্মত হইলে আমি ইহার জন্য ভূমি দান করিতে প্রস্তুত আছি"।

আমরা মহারাজের এতাদৃশ সদ্ধর্ম্মপ্রিয়তা মহানুভবতা ও বদান্যতা দর্শনে স্তম্ভিত হইয়াছি। প্রাচীনকালে মহারাজ অশোক, শিলাদিত্য, কনিষ্ক

প্রভৃতি রাজগণের দ্বারা সদ্ধর্ম্মের শ্রীবৃদ্ধি সাধিত হইয়াছিল। তাঁহাদেরনাম জগতের ইতিহাসে জ্বলন্ত অক্ষরে লিখিত রহিয়াছে। আবার এই বিলুপ্ত ধর্ম্মের অভ্যুদয়ের দিনে আমরা মহানুভব কাশিমবাজারাধিপতিকে পাইয়া সাতিশয় আশ্বস্ত ও অনুপ্রাণিত হইয়াছি। তাঁহার নামও ইতিহাসের বক্ষে স্বর্ণাক্ষরে লিখিত থাকিবে। ধর্ম্মপ্রয়াসী হিন্দুবৌদ্ধ নরনারী অনন্ত-কাল তাঁহার এই বদান্যতা কৃতজ্ঞতার সহিত স্মরণ করিবে।

অনন্তর বঙ্গেশ্বর লর্ড কারমাইকেল্ বাহাদুর ধীরভাবে তাঁহার মন্তব্য প্রকাশ করেন :—

আমি আজ এই ধর্ম্মাঙ্কুর বিহার "গুণালঙ্কার লাইব্রেরী" ও বুদ্ধমূর্ত্তি সকল দর্শন করিয়া অতীব আনন্দ লাভ করিলাম। বঙ্গীয় বৌদ্ধদের প্রতি আমার সম্পূর্ণ সহানুভূতি থাকিবে। মাননীয় মহাস্থবির মহোদয়ের আবেদনানুসারে বঙ্গীয় বৌদ্ধগণ যথোপযুক্ত পূজা ও বন্দনার্থ পবিত্র পুণ্যময় বুদ্ধাস্থি পাওয়া উচিত। মাননীয় মহাস্থবির মহোদয় আমার স্বদেশ গমনের জন্য দুঃখ প্রকাশ করিতেছেন। কিন্তু আমি বিলাতে প্রত্যাবর্ত্তন করিলেও মহাস্থবির মহোদয়ের বন্ধু মিঃ গৌর্লে বঙ্গদেশে থাকিবেন। আমি আশা করি, মহাস্থবির মহোদয় আমার স্থলাভিষিক্ত পরবর্ত্তী লর্ড বাহাদুরগণেরও যথেষ্ট সহানুভূতি পাইতে পারিবেন, ইহাতে কোন সন্দেহ নাই। কাশিমবাজারাধিপতি মহারাজ বাহাদুর পুণ্যময় পবিত্র বুদ্ধাস্থি স্থাপনের অভিপ্রায়ে নূতন বিহার নির্ম্মাণার্থ যে ভূমিখণ্ড দান করিতে সম্মত হইয়াছেন তজ্জন্য আমি তাঁহাকে আন্তরিক ধন্যবাদ দিতেছি। অবশ্য আগামীকল্য (১লা মার্চ্চ) মহাস্থবির মহোদয় (Revd. Father) লাটভবনে যাইয়া সার্জ্জন মার্শেল মহোদয়ের সহিত সাক্ষাৎ করতঃ ইহার স্থাপন ও সংরক্ষণের জন্য সুমীমাংসা করিবেন।

———

চতুর্দ্দশ অধিবেশন

স্মৃতিসভা।

মাননীয় শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয় ৺গুণালঙ্কার মহাস্থবিরের পারলৌকিক কার্য্য বা অন্ত্যেষ্টিক্রিয়া সুচারুরূপে নির্ব্বাহিত করিয়া কলিকাতায় প্রত্যাবৃত্ত হইলে তাঁহারই প্রযত্নে গত ২৬শে চৈত্র রবিবার অপরাহ্ণ ৬ ঘটিকার সময় ১নং বুদ্ধিষ্ট টেম্পল লেনস্থিত বৌদ্ধধর্ম্মাঙ্কুর বিহারে এক বিরাট স্মৃতিসভার অধিবেশন হয়। সভায় হিন্দু,বৌদ্ধ, ব্রাহ্ম ও মুসলমানাদি প্রায় সকল শ্রেণীর লোকই উপস্থিত ছিলেন। সঙ্গীতশিক্ষক শ্রীযুক্ত সর্ব্বানন্দ বড়ুয়া মহাশয় কর্ত্তৃক পরলোকগত মহাত্মার স্মৃতিতে রচিত সুমধুর তানলয়সংযুক্ত সঙ্গীত গীত হইবার পর সভার-পক্ষ হইতে প্রবীণ সাহিত্যিক শ্রীযুক্ত চারুচন্দ্র বসু এম, আর, এ, এস্ মহোদয়ের প্রস্তাবে এবং সদ্ধর্ম্মবিশারদ স্থবির শ্রীমৎ জ্ঞানানন্দ স্বামী মহোদয়ের সমর্থনে ভারতগৌরব স্বনামধন্য হাইকোর্টের সুযোগ্য বিচার-পতি অনারেবল্ ডাক্তার স্যার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী Kt. C. S. I. মহোদয় সভাপতির আসন গ্রহণকরতঃ উপস্থিত সজ্জন-গণের আনন্দ বর্দ্ধন করেন। অতঃপর পরলোকগত মহাপুরুষের আত্মার উন্নতিকল্পে সমবেত ভিক্ষুমণ্ডলী কর্ত্তৃক পালিগাথা ও স্তোত্রাদি আবৃত্ত হয়। তৎপরে জগজ্জ্যোতিঃ-সম্পাদক শ্রীযুক্ত রমণীরঞ্জন সেনগুপ্ত বিদ্যা-বিনোদ এম, আর, এ, এস্ মহাশয় স্বরচিত "শোকোচ্ছ্বাস" পাঠ করিয়া মুদ্রিত কয়েকখণ্ড কবিতা সভ্যগণের হস্তে অর্পণ করিলে প্রবীণ সাহিত্যিক সদ্ধর্ম্মব্রত সুপণ্ডিত শ্রীযুক্ত ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় কাব্যকণ্ঠ এফ, টি, এস্, আয়ুর্ব্বেদশাস্ত্র অধ্যয়নার্থী শ্রীমান অপর্ণাচরণ বড়ুয়া ও সুলেখক ভবতারণ বসু মহোদয়গণ অশ্রুপূর্ণলোচনে স্ব স্ব রচিত শোকগাথা পাঠ করেন।

অনন্তর শ্রীযুক্ত চারুচন্দ্র বসু মহাশয় কর্তৃক ব্রহ্মদেশের লেফ্‌টেনাণ্ট গভর্ণর অনারেবল্ স্যার্ হারকোর্ট বাট্‌লার; ভারতীয় শিক্ষাবিভাগের কমিশনার অনারেবল্ মিষ্টার এইচ্, সার্প; বঙ্গেশ্বরের প্রাইভেট্ সেক্রেটারী মিষ্টার ডব্লিউ, আর্, গোর্লে; কলিকাতা ইম্‌প্রুভ্‌মেন্ট ট্রাষ্টের চেয়ার্‌মেন্ অনারেবল্ মিষ্টার সি, এইচ, বোম্‌পাস্; চট্টগ্রাম বিভাগের কমিশনার অনারেবল্ মিষ্টার কে, সি, দে; কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস্ চেন্‌সেলার্ অনারেবল্ ডাক্তার শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী; বর্দ্ধমানাধিপতি অনারেবল্ স্যার্ শ্রীযুক্ত বিজয়চাঁদ মহাতাব বাহাদুর; কাশিমবাজারের মহারাজা অনারেবল স্যার শ্রীযুক্ত মনীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর; পার্ব্বত্য চট্টগ্রামের রাজা শ্রীযুক্ত ভুবনমোহন রায় গভর্ণমেণ্ট আর্টস্কুলের প্রিন্সিপাল মিষ্টার পার্শি, ব্রাউন; সংস্কৃত কলেজের অধ্যক্ষ মহামহোপাধ্যায় ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ; কলিকাতা মেডিকেল্ কলেজের রসায়ন শাস্ত্রাধ্যাপক রায় শ্রীযুক্ত চুনীলাল বসু বাহাদুর; সংস্কৃত কলেজের অধ্যাপক মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ; বেরিলী কলেজের অধ্যাপক শ্রীযুক্ত অনুকূল চন্দ্র দত্ত; পাটনা কলেজের অধ্যাপক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার; কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পালি-লেক্‌চারার্ শ্রীমৎ পুন্নানন্দ শ্রমণ প্রমুখ মনীষিগণের নিকট হইতে প্রাপ্ত শোকসূচক পত্র ও টেলিগ্রামাদি পঠিত হয়। সদ্ধর্ম্মবিশারদ স্থবির শ্রীমৎ জ্ঞানানন্দ স্বামী মহোদয় পরলোকগত মহাত্মার সংক্ষিপ্ত জীবনী পর্য্যালোচনা করিয়া উপস্থিত সভ্যবৃন্দের হৃদয় আকৃষ্ট করেন।

কলিকাতা সংস্কৃত কলেজের সুযোগ্য অধ্যক্ষ মহামহোপাধ্যায় ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ; পি, এইচ, ডি; এম্, আর, এ, এস্ মহোদয় গভীরশোক গদগদকণ্ঠে ৺গুণালঙ্কার মহাস্থবিরের অকৃত্রিম সৌহার্দ্দকীর্ত্তি ও গুণাবলীর ভূয়সী প্রশংসা করতঃ প্রসঙ্গক্রমে ভিক্ষুগণের সম্মান ও পদমর্য্যাদার বিষয় বর্ণনা করিয়া বলেন—"৺গুণালঙ্কার মহাস্থবির আজ ইহজগতে আর নাই, একথা বলিতেও হৃদয় বিদীর্ণ

হইয়া যায়। তাঁহার ন্যায় সরল, বিনয়ী, কর্ম্মবীর ও বিদ্যানুরাগী পুরুষ জগতে বিরল। তাঁহার দেহত্যাগে আজ বৌদ্ধ সম্প্রদায়ের নেতা বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার স্থায়ী সভাপতি শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহাশয়ের দক্ষিণ হস্ত ছিন্ন হইয়াছে বলিলেও অত্যুক্তি হয় না। এই মরণশীল অনিত্য জগতে শোকের বিষয় কিছুই নাই ; তাই আজ আমরা মহাস্থবির ৺গুণালঙ্কারের মৃত্যুতে শোক প্রকাশ করিব না। তিনি যেই সমুদয় উচ্চ আদর্শ আমাদিগের সম্মুখে রাখিয়া গিয়াছেন, তৎসমুদয়ের প্রতি লক্ষ্য করিয়া জীবন গঠিত করাই আমাদিগের একান্ত বিধেয়। স্বতঃ প্রণোদিত হইয়া তদনুষ্ঠানে ব্রতী হইলেই পরলোকগত মহাপুরুষের প্রতি আমাদিগের প্রকৃত সম্মান প্রদর্শন করা হয়।"

অতঃপর শ্রীযুক্ত তিনকড়ি মুখোপাধ্যায় মহাশয় জগতের শোকদুঃখাদি অপরিহার্য্য জানিয়া শোকদুঃখাদিতে অভিভূত হওয়া সম্পূর্ণ অনুচিত বলিয়াই অবধারিত করেন। কলিকাতা হাইকোর্টের সুপ্রসিদ্ধ উকিল বাগ্মীশ্রেষ্ঠ শ্রীযুক্ত শচীন্দ্রনাথ মুখোপাধ্যায় বি, এল্ মহোদয় মৃত মহাত্মার যশকীর্ত্তনান্তে শোকদুঃখ ও মোহাদির বিষয় ভালরূপে বুঝাইয়া দেন। তিনি বলেন—"শোক কি ?—মোহ কি ?—যিনি জগতের সুখদুঃখাদি সম্যক্‌রূপে উপলব্ধি করিয়াছেন তাঁহার আবার শোক কি ?—তাঁহার আবার মোহ কি ?—ভগবান বুদ্ধ যখন ইহজগতে অন্তর্হিত হইতেছিলেন তখন তিনি তাঁহার শিষ্যবৃন্দকে প্রবোধবাক্যে সান্ত্বনাপূর্ব্বক বলিয়াছিলেন – জগতে শোক করিতে নাই, তোমরা কখনও শোক করিও না ' কিন্তু আমরা দুর্ব্বলহৃদয় মানব—আমরা জগতের নশ্বরাদির কথা—জগতের সুখদুঃখাদির কথা বুঝিয়াও বুঝি না। তাই আজ আমরা মহাস্থবির ৺গুণালঙ্কারের শোকে কাতর হইয়াছি—আমাদিগের হৃদয়ে এক হাহাকার ধ্বনি উত্থিত হইয়াছে। যে সকল গুণ থাকিলে মানব প্রকৃত মানব নামে পরিচিত হইতে পারে মহাস্থবির ৺গুণালঙ্কারের চরিত্রে একাধারে তৎসমুদয় সদ্‌গুণরাশি বিদ্যমান থাকিয়া তাঁহার জীবনকে

উজ্জ্বল মধুর, কোমলে কঠোর করিয়া তুলিয়াছিল। মহাত্মা ৺গুণালঙ্কার মহাস্থবির ইহধাম হইতে অপসৃত হইয়াছেন, কিন্তু তাঁহার কীর্ত্তি ও কার্য্যকলাপ এ জগতে এখনও বিদ্যমান রহিয়াছে। তাই তিনি আজ মরিয়াও অমর"!

তৎপর পরিব্রাজক শ্রীমৎ শুদ্ধানন্দ ব্রহ্মচারী মহোদয় মহাস্থবির বা পরমহংসের দেহত্যাগে শোকপ্রকাশ করা সর্ব্বতোভাবে অবিধেয় বলিয়া প্রতীয়মান করিলে সূত্র-বিশারদ শ্রীমৎ অগ্রবংশ ভিক্ষু বিদ্যাবিনোদ মহোদয় পূর্ব্ব পূর্ব্ব বক্তৃগণের বক্তৃতা সমর্থন করিয়া শোকদুঃখ পরিত্যাগ পূর্ব্বক পরলোকগত মহাত্মার আদর্শ অনুসরণ করিতে ও তাঁহার আত্মার উন্নতি কামনা করিতে সকলকেই অনুরোধ করেন। অনন্তর সদ্ধর্ম্মব্রত প্রবীণ সাহিত্যিক সুপণ্ডিত শ্রীযুক্ত ক্ষেত্রনাথ কাব্যকণ্ঠ মহাশয় বলেন— "আমরা গৃহস্থ লোক কাজেই আজ শোক না করিয়া থাকিতে পারিলাম না। মহাস্থবির ৺গুণালঙ্কারের সহিত পরিচিত হইয়া বিগত নয় বৎসর যাবৎ তাঁহার অপার করুণা ও ভালবাসা উপলব্ধি করিয়াছি। তদীয় অপূর্ব্ব মাতৃগুণে সকলেই তাঁহার প্রতি আকৃষ্ট হইয়াছিল। আমরা আজ তাঁহার বিয়োগে বড়ই শোক সন্তপ্ত হইয়া পড়িয়াছি"।

পরে ব্রহ্মদেশবাসী বহুশাস্ত্রজ্ঞঃ অধ্যাপক শ্রীমৎ উত্তম মহাস্থবির মহোদয় ৺গুণালঙ্কার মহাস্থবিরের গুণাবলী বর্ণন পূর্ব্বক মানবজীবনের ইতিকর্ত্তব্যতা অবধারণ করেন। বঙ্গীয় বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার স্থায়ী সভাপতি ধর্ম্মপ্রাণ শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয় অশ্রুভারাক্রান্ত লোচনে দণ্ডায়মান হইয়া পরলোকগত ৺গুণালঙ্কার মহাস্থবিরের জীবনের উল্লেখযোগ্য ঘটনাবলী বিবৃত করিতে করিতে বৌদ্ধ সমাজের অভাব দুর্দ্দশার কথা ভাবিয়া অধীর হইয়া পড়েন। তিনি বলেন—"জানি আমি, ভিক্ষু বা সন্ন্যাসীপুরুষের দেহত্যাগে শোক করিতে নাই,—জানি আমি, ৺গুণালঙ্কারের অমর আত্মা কোন এক উর্দ্ধতর লোকে গিয়াছে; কিন্তু বৌদ্ধজাতির দুর্দ্দশার কথা চিন্তা করিয়া, আমার সহযোগী, বান্ধব,

সখা, পুত্র বা শিষ্যের অভাবে আমার কর্ত্তব্যকার্য্য সুচারুরূপে নির্ব্বাহিত হইবে না ভাবিয়া আমি বড়ই হতাশ ও ম্রীয়মাণ হইয়া পড়িয়াছি। জগতের নশ্বরতার কথা বুঝিয়াও আজ আমি মনকে প্রবোধ দিতে পারিতেছি না—সহযোগী ৺ গুণালঙ্কারের কথা মনে পড়িলে বঙ্গীয় বৌদ্ধ সমাজের দুর্দ্দশার বিষয় চিন্তা করিতে করিতে আমার নয়নযুগল স্বতঃই অশ্রুভারাক্রান্ত হইয়া উঠে—কণ্ঠরোধ হইয়া যায়। আমি এই দুর্দ্দিনে আমার বন্ধুবর্গের সাহায্য ও সহানুভূতি প্রার্থনা করিয়া পরলোকগত মহাত্মার উন্নতি কামনা করি”।

পরিশেষে লব্ধপ্রতিষ্ঠ সুযোগ্য সভাপতি মহাশয় সুললিত প্রাঞ্জল ভাষায় স্বীয় অভিমত ব্যক্ত করেন—“অদ্যকার সভায় বক্তৃতা করা আমার উদ্দেশ্য নহে, বৌদ্ধ ভিক্ষু বা সন্ন্যাসীর দেহত্যাগ শোকপ্রকাশ অবিধেয় হইলেও সংসারী মানবের পক্ষে শোক অবশ্যম্ভাবী। আমরা সংসারী মানব তাই আজ ৺গুণালঙ্কার মহাস্থবিরের পরলোক প্রাপ্তিতে শোকসন্তপ্ত। এই ধর্ম্মাঙ্কুর বিহারের মহাস্থবিরদ্বয়কে আমি অত্যন্ত শ্রদ্ধা ও ভক্তি করি। আমার বড়ই সময়াভাব; বহুবিধ কার্য্যে আমাকে প্রায় সকল সময়ে ব্যাপৃত থাকিতে হয়। তবুও তাঁহারা আমার বাড়ীতে যে কোন সময়ে পদধূলি দেন, আমি শত বাধাবিঘ্ন উপেক্ষা করিয়া, রাজা মহারাজাদির অভ্যর্থনা না করিয়া সর্ব্বাগ্রে সসম্ভ্রমে তাঁহাদিগের অভ্যর্থনা করিয়া থাকি। কিন্তু হায়! দুর্ভাগ্যক্রমে আমাদিগকে কাঁদাইয়া আজ তাঁহাদিগের একজন গিয়াছেন,—আর একজন আছেন। পরলোকগত মহাপুরুষের আত্মার প্রতি সম্মান প্রদর্শন করিবার মানসে—আমার হৃদয়ের গভীরশোক ব্যক্ত করিবার বাসনায়, আজ এই দুর্য্যোগে—ঝড় বৃষ্টির দিনে বহুবিধ বাধাবিঘ্ন অতিক্রম করিয়াও তাঁহার স্মৃতিসভায় উপস্থিত হইয়াছি। যিনি ভক্তির পাত্র তাঁহাকে ভক্তি ও সম্মান করিলে আত্মা উন্নত ও চরিত্র পবিত্র হয়। মৃত মহাত্মার আদর্শ অনুসরণ করিয়া কার্য্য করিলেই তাঁহার প্রতি আমাদিগের যথেষ্ট ভক্তি ও সম্মান প্রদর্শন

করা হইবে। আমার শেষ বক্তব্য এই যে বর্ত্তমানে শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের যাবতীয় কার্য্যে সহানুভূতি প্রকাশ করা আমাদিগের একান্ত বিধেয়। আমার ন্যায় সংসারী মানবের দ্বারা মহাস্থবির মহোদয় যদি তাঁহার কোন সাহায্য হইবে বলিয়া মনে করেন আমি তৎসাধনে সম্পূর্ণ প্রস্তুত। আশা করি, সহৃদয় সভাবৃন্দও তাঁহাকে যথোচিত সাহায্য করিবেন।" তৎপরে শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয় ধর্ম্মাঙ্কুর সভার পক্ষ হইতে সভাপতি মহোদয়কে ও উপস্থিত সভ্যগণকে ধন্যবাদ প্রদান করিলে জলযোগের পর রাত্রি প্রায় সাড়ে নয় ঘটিকার সময় সভা ভঙ্গ হয়।

বলা বাহুল্য যে ইতিপূর্ব্বে তারযোগে ৺গুণালঙ্কার মহাস্থবিরের দেহত্যাগের মর্ম্মবিদারক সংবাদ প্রাপ্তিতে বৌদ্ধ ছাত্র ও উপাসক-উপাসিকা গভীর শোকসন্তপ্ত হৃদয়ে ধর্ম্মাঙ্কুর বিহারে সমবেত হইয়া এক মহতী শোক সভার অধিবেশন করিয়াছিলেন।

উপরোক্ত স্মৃতিসভা ব্যতীত চট্টগ্রামের শিলকগ্রাম ও অন্যান্য গ্রাম সমূহের হাইস্কুল প্রভৃতিতে এবং দার্জ্জিলিং, সিমলা, লক্ষ্ণৌ, রাঁচি, শিলং, আসাম, আকিয়াব ও রেঙ্গুন প্রভৃতি স্থানের শাখাসমিতিতে পরলোকগত মহাত্মার উদ্দেশে প্রভূত স্মৃতিসভার অনুষ্ঠান হইয়াছে। স্থানাভাবে আমরা তৎসমুদয়ের কার্য্যাবলী প্রকাশ করিতে অক্ষম। তজ্জন্য ক্রটী স্বীকার করতঃ স্মৃতিসভার অনুষ্ঠাতৃগণ ও সভ্যবৃন্দকে আমাদিগের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

মহাস্থবিরের মূর্ত্তির আসন-মূলে ক্ষোদিত শিলালিপি ঃ—

নমঃ ত্রিরত্নায়

শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির

সত্য বটে নহ তুমি রাজা মহারাজ
নহ তুমি লক্ষপতি, অথবা পণ্ডিত,
সামান্য মানব তুমি অজ্ঞাত অখ্যাত
তবুও তোমার অই মহত্বের কাছে
রাজচক্রবর্ত্তী কিম্বা মনীষি-গৌরব
হয় খর্ব্ব প্রতিদিন হে ভিক্ষু প্রবর!
ল'য়ে ভিক্ষাপাত্র করে, অঙ্গে চীরবাস
দেশ দেশান্তরে তুমি করি পর্য্যটন
তিল তিল উপাদান করি আহরণ
স্থাপিলে অক্ষয়কীর্ত্তি পিরামিড সম
এ মহানগর মাঝে, যুগ যুগান্তর
ঘোষিতে ত্রিরত্ন জয়! আড়ম্বর হীন—
সারল্যের প্রতিমূর্ত্তি তুমি ধর্ম্মপ্রাণ
ইহাকেই বলে দেব, প্রকৃত নির্ব্বাণ!

২৪৫৯ বুদ্ধাব্দ, ৩১শে অক্টোবর,
১৯১৫ ইংরেজী। } ধর্ম্মাঙ্কুরের সভ্য কর্তৃকস্থাপিত।

নমো ত্রিরত্নায়।

সভাপতি শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবিরের পাদ-পদ্মে

"ভক্তি পুষ্পাঞ্জলি"।

কৃপার সাগর তুমি, হে কৃপাশরণ।
কৃপাগুণে এই গ্রামে তব পদার্পণ॥
তোমার দয়ার কথা ভুবনে বিদিত।
সর্ব্বস্থানে তব কীর্ত্তি সদা বিরাজিত॥
দরিদ্র বালক মোরা, বিদ্যা-বুদ্ধিহীন।
নাহি শাস্ত্র-জ্ঞান,—নহি জ্ঞানেতে প্রবীণ॥
অজ্ঞান তিমিরাচ্ছন্ন আছি সর্ব্বক্ষণ।
জ্ঞান চক্ষু দিতে তব হেথা আগমন॥
বিমল অক্ষয় স্বর্গে করিতে গমন।
সাধ হয় পূজিবারে ও রাঙ্গা চরণ॥
দরিদ্রের ভক্তি-অর্ঘ্য—ক্ষীণ "অশ্রুজল"।
কৃপাগুণে নিলে হবে জীবন সফল॥

ইতি

২রা শ্রাবণ ১২৭৯ মগাব্দ।
ফতেনগর, চট্টগ্রাম।

ভবদীয় পদাশ্রয়প্রার্থী
"ফতেনগর বালক সমিতির"
বালকবৃন্দ।

কলিকাতা বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার সভাপতি মহোদয়ের
শুভ আগমনে

ভক্তি উপহার সঙ্গীত

মোরা এসেছি (প্রভু) গাঁথিয়ে এনেছি
এই ক্ষুদ্র ফুলহার,
পুলক পরাণে ভক্তি উপাদানে
দিতে পদে তব উপহার।

এ মিলন গাঁথা তোমার গুণে
সাঁজায়েছি মোরা মানস কুসুমে,
লও গুণাধার চরণে তোমার
সম্বল বিহীন কিবা দিব আর।

মোরা হীনমতি 'বালক-সমিতি'
তুষিতে তোমারে কোথা হেন স্তুতি
দয়া বিতরণে মোদের কল্যাণে
লও দেব! এই ভক্তি উপহার।

ভবদীয় পদাশ্রিত—
(কলিকাতা বৌদ্ধ ধর্ম্মাঙ্কুর সভার শাখা)
শাকপুরা বৌদ্ধ বালক সমিতি।

———

কলিকাতা বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার সভাপতি মহোদয়ের
বিদায় উপলক্ষে
গান।

যদি যাবে চলে ফেলে দীনগণে
কবে হবে দেখা মনে রবে আঁকা
নিজগুণে নেছ কিনে।
তুমি কর্ম্মবীর ধার্ম্মিক সুধীর
(তব) কে পারে গতি রোধিতে,
মোরা মূঢ়মতি কোথা হেন স্তুতি
দেব তোমায় তুষিতে
যাবে যাও,—ফেলে চলে আশ্রিত সকলে
স্থান দিও সদা তব চরণে।

ভবদীয় চরণারবিন্দ প্রার্থী—
(কলিকাতা বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার শাখা)
শাক্‌পুরা বৌদ্ধ বালক সমিতি।

নমঃ ত্রিরত্নায়

—*—

মহামহিম

আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের

শ্রীশ্রীচরণ কমলেষু

মহাভাগ!

অদ্য আপনার শ্রীচরণ দর্শন লাভ করিয়া আমরা ধন্য হইলাম। আমরা হৃদয়ের বিমল আনন্দ আর রাখিতে পারিতেছি না। ঘটনাচক্রে আজ আপনার শ্রীচরণ স্বচক্ষেই দর্শন করিলাম।

আপনি স্বদেশী হইয়াও বিদেশী। আমরা অবলা; আমাদের মধ্যে সুদূরে যাইয়া আপনার শ্রীচরণ দর্শন করা—অধিকাংশের ভাগ্যে ঘটিত কিনা সন্দেহ। তাই বলিতেছি—আজ আমাদের পরম সৌভাগ্য।

জ্ঞান সঞ্চারাবধি আপনার কীর্ত্তিকাহিনী শুনিয়া আসিতেছি। আজ হৃদয়ের কি আনন্দ—ভগবান বুদ্ধের শিষ্যগণের শ্রমজনিত প্রচার কার্য্য আপনার শ্রমজনিত প্রচারকার্য্য সম্পূর্ণরূপে একরূপ আজ আপনার বলে দেশে বিদেশে ঘোষিত হইতেছে।

বুদ্ধ-শিষ্যগণ অলঙ্ঘ্য হিমালয় পর্ব্বত লঙ্ঘন করিয়া তিব্বত প্রবেশ করিয়াছিলেন। না জানি, হিমানী বরফরাশি তাঁহাদের নগ্ন শ্রীচরণে কতই যাতনা দিয়াছিল! না জানি, ভীষণ শীতে তাঁহারা কতই কষ্ট পাইয়াছিলেন। নারী-হৃদয় সেই কাহিনী পাঠ করিতেই বিচলিত হইয়া উঠে এবং ভক্তিভরে একান্ত অবনত হইয়া পড়ে।

আপনিও তদ্রূপ দেশ-বিদেশে, গ্রাম-গ্রামান্তরে নগ্নপদে বিনা আড়ম্বরে ভ্রমণ করিতেছেন; না জানি আপনিও সেইরূপ কত কষ্ট

পাইতেছেন। এই নারীহৃদয় আপনার কার্য্যকলাপ দেখিয়া ভক্তিভরে অবনত হইতেছে আজ আপনার অনুকম্পায় পূজ্যতমা শ্রীমতী সুমিষ্টা চৌধুরাণীর সহানুভূতিতে সাতবাড়িয়া গ্রামে মহিলা সম্মিলনীর সৃষ্টি হইয়া চট্টগ্রামের বৌদ্ধনারীর হৃদয়ে এক অভিনব ভাবের আবির্ভাব হইল। ভগবানের নিকট প্রার্থনা আপনি যে দৃষ্টান্ত দেখাইতেছেন, তাহা অপর ভিক্ষুগণের আদর্শ হউক। বুদ্ধ শিষ্যগণের প্রচারকার্য্য পুনঃ প্রতিষ্ঠিত হউক। আপনি সুদীর্ঘকাল সুস্থ শরীরে জীবিত থাকিয়া সমাজের কল্যাণ সাধন করুন। ইতি—

বালিকা-বিদ্যালয়,
সাতবাড়িয়া, চট্টগ্রাম।
২৭-৬-১৭-ইংরেজী।

ভবদীয় কৃপাকণাপ্রার্থিনী—
শ্রীমতী সুমতিবালা বড়ুয়া
ও
শ্রীমতী সুরবালা বড়ুয়া।

———

একবিংশ অধিবেশন

মহাস্থবিরের জন্মোৎসব।

বিগত ৭ই আষাঢ় (২১শে জুন) বৃহস্পতিবার কলিকাতাস্থ বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভাগৃহে বৌদ্ধধর্ম্মাঙ্কুর বিহার এবং সভার প্রতিষ্ঠাতা ও স্থায়ী সভাপতি উদারহৃদয় কর্ম্মবীর ধর্ম্মপ্রাণ আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের ৫৩শ তম জন্মোৎসব মহাসমারোহে সুসম্পন্ন হইয়াছে। তাঁহার শিষ্য, ভক্ত ও বন্ধুবর্গের সমবেত চেষ্টায় সমগ্র দিনরাত্রি ব্যাপিয়া এই উৎসবকার্য্য চলিয়াছিল। বহু গণ্যমান্য ব্যক্তি এই উৎসবে সাগ্রহে যোগদান করিয়াছিলেন। বৌদ্ধ উপাসক ও সুধীমণ্ডলীর আনন্দ-কোলাহলে ধর্ম্মাঙ্কুর বিহার মুখরিত হইয়াছিল। অপরাহ্ণ ৬ ঘটিকার সময় "কৃপাশরণ ফ্রি ইনষ্টিটিউসনের"ছাত্রবৃন্দ কর্ত্তৃক জগজ্জ্যোতিঃ-সম্পাদক পণ্ডিত শ্রীযুক্ত রমণীরঞ্জন সেনগুপ্ত বিদ্যাবিনোদ এম্, আর্, এ, এস্, মহোদয়-রচিত সুমধুর তান-লয় সংযুক্ত সঙ্গীত—

"ধন্য ধন্য কৃপাশরণ ধন্য অবনী মাঝারে।
হেরিয়ে তোমায় প্রকৃতি হাসিছে,
ভাসিছে প্রেম-সাগরে॥
দয়া ধর্ম্ম আদি হাসিছে পুলকে,
লভিয়ে তোমারি সঙ্গ।
জ্ঞানেরি আলোকে হরিছে তিমির,
পূত হইছে অঙ্গ॥
"ধর্ম্মাঙ্কুর সভা" থাকে যতদিন,
অমর করিয়ে তোমারে।

ঘোষিবে জগত মহিমা তোমারি,
কহিয়া কীর্ত্তি সবারে ॥—
মোরা দীন জন না জানি ভজন,
কি দিয়ে পূজিব তোমারে ॥
ভকতি-অর্ঘ্য এনেছি যতনে,
পূজিতে চরণ সাদরে ॥
লও লও লও দয়া করে দেব।
ভকতি-প্রসূন-হারে ॥
কি আছে মোদের তুষিতে তোমারে,
বিনে অশ্রু-সম্ভারে ॥

গীত হইলে পণ্ডিত শ্রীযুক্ত ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় কাব্যকণ্ঠ এফ্, টি, এস মহোদয়ের প্রস্তাবে ও পণ্ডিত শ্রীযুক্ত রমণীরঞ্জন বিদ্যাবিনোদ এম্, আর্, এ, এস্ মহোদয়ের সমর্থনে ভারতগৌরব স্বনামধন্য কলিকাতা সংস্কৃত কলেজের সুযোগ্য অধ্যক্ষ মহামহোপাধ্যায় ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্, এ; পি,এইচ, ডি; এম, আর, এ, এস্ মহোদয় সভাপতির আসন গ্রহণ করতঃ সভার আনন্দস্রোত বর্দ্ধিত করেন। অতঃপর সমবেত ভিক্ষুগণ ভগবান ত্রিরত্ন সমীপে শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের অনাময় সুদীর্ঘ জীবন প্রার্থনা করেন। উপাসনান্তে "কৃপাশরণ ফ্রি ইনষ্টিটিউসনের" ছাত্রগণ কর্ত্তৃক পালিগাথা, স্তোত্র ও ভাবোদ্দীপক কবিতাদি সুচারুরূপে আবৃত্ত হয়। অনন্তর সদ্ধর্ম্মব্রত পণ্ডিত শ্রীযুক্ত ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় কাব্যকণ্ঠ এফ, টি, এস; প্রবীণ সাহিত্যিক শ্রীযুক্ত চারুচন্দ্র বসু পুরাতত্ত্বভূষণ এম্, আর, এ, এস্; পরিব্রাজক শ্রীমৎ শুদ্ধানন্দ ব্রহ্মচারী; ব্রহ্মদেশবাসী বহুভাষাজ্ঞ অধ্যাপক শ্রীমৎ উত্তম মহাস্থবির; জাপানাধিবাসী বহুশাস্ত্রাভিজ্ঞ মিঃ আর্, কিমোরা ও শ্রীযুক্ত বসন্ত কুমার চট্টোপাধ্যায় প্রমুখ সুবক্তৃগণ মাননীয় মহাস্থবির মহোদয়ের কার্য্যাবলীর এবং লব্ধপ্রতিষ্ঠ সুযোগ্য সভাপতি

মহাশয় তাঁহার সমুজ্জল চরিত্র, কর্ম্ম ও দয়াদাক্ষিণ্যাদি সদ্‌গুণাবলীর ভূয়সী প্রশংসা করতঃ ভগবানের নিকট তাঁহার সুদীর্ঘ জীবন কামনা করেন। পরিশেষে সভার পক্ষ হইতে সদ্ধর্ম্মবাগীশ শ্রীমৎ আর্য্যালঙ্কার ভিক্ষু মহোদয় সভাপতি ও উপস্থিত সভ্যবৃন্দকে ধন্যবাদ প্রদান করিলে জলযোগান্তে রাত্রি প্রায় ১০ ঘটিকার সময় সভা ভঙ্গ হয়।

তৎপরে বৌদ্ধ দায়কদায়িকা এবং উপাসক-উপাসিকাগণ পঞ্চশীল-গ্রহণ, মঙ্গলাচরণ, ফুলবাতি সহকারে বুদ্ধপূজা ও ভিক্ষুসেবাদি পুণ্যকার্য্যের অনুষ্ঠান করিয়া ত্রিরত্নের সমীপে কায়মনোবাক্যে কর্ম্মবীর মহাস্থবির মহোদয়ের কর্ম্মময় সুদীর্ঘ জীবন প্রার্থনা করেন।

চতুর্ব্বিংশ অধিবেশন।

ধর্ম্মাঙ্কুরের কার্য্যকরী সমিতি।

বিগত ৫ই আগষ্ট তারিখে কলিকাতা বৌদ্ধ ধর্ম্মাঙ্কুর সভার কার্য্যকরী সমিতির বিশেষ অধিবেশন হইয়াছে। সভায় ভিক্ষুমণ্ডলী ও কার্য্য-নির্ব্বাহক কমিটীর মেম্বরগণের প্রায় সকলেই উপস্থিত ছিলেন। চট্টগ্রাম পাহাড়তলী নিবাসী শ্রীযুক্ত কালীকিঙ্কর মুৎসুদ্দি বিদ্যাবিনোদ, কাব্যনিধি মহোদয়ের প্রস্তাবে এবং ডাক্তার শ্রীযুক্ত রমেশচন্দ্র চৌধুরী মহাশয়ের সমর্থনে বৌদ্ধ-ধর্ম্মাঙ্কুর-বিহার ও সভার প্রতিষ্ঠাতা স্বনামধন্য আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয় সভাপতি-পদে বৃত হন। ধর্ম্মাঙ্কুর সভার ইতিবৃত্ত পঠিত হইলে কর্ম্মবীর মহাস্থবির মহোদয় তাঁহার সাড়ে তিন মাস কালের ভ্রমণবৃত্তান্ত আলোচনা করিয়া প্রসঙ্গক্রমে সাতকানিয়া করিয়া-নগর নিবাসী পরলোকগত ৺বসন্তকুমার মহাস্থবির মহোদয়ের ও ৺অভয়া চরণ বড়ুয়া সওদাগর মহাশয়ের সংক্ষিপ্ত জীবনী এবং দার্জ্জিলিং

শ্রাবকবৃন্দের প্রদত্ত ১০০৲, টাকা, শিলকনিবাসী ৺ মোহনচন্দ্র মুন্সী মহাশয়ের সহধর্ম্মিণীর ৩০০৲ টাকা এবং মহাস্থবির মহোদয়ের সংগৃহীত ৪০০৲ টাকা মোট ৮০০৲ টাকা হইতে স্বর্গীয় ৺ মোহনচন্দ্র মুন্সীর স্মৃতি-রক্ষাকল্পে শীলক সুধর্ম্মানন্দ বিহারের একমাত্র হিতৈষী পরলোকগত ৺ গুণালঙ্কার মহাস্থবির মহোদয়ের স্মৃতি-চিহ্ন স্বরূপ পাকা ছাদদেওয়ালসহ "সীমা" প্রস্তুত, ৺ কালী কুমার মহাস্থবির মহোদয়ের স্মৃতি মন্দির নির্ম্মাণ ও উনাইনপুরা নিবাসী ৺ সুধনচন্দ্র মহাস্থবির মহোদয়ের স্মৃতিরক্ষা প্রভৃতি ঘটনাবলী পর্য্যালোচনা করিয়া দার্জ্জিলিং বন্ধু সম্মিলনীর বিষয় বর্ণনা করেন। অনন্তর লক্ষ্ণৌবিহারের স্থায়িত্বাদির বিষয় সমালোচনান্তে কলিকাতা বৌদ্ধ ধর্ম্মাঙ্কুরের পদসমূহ পূরণের প্রস্তাব হয়। সর্ব্বসম্মতিক্রমে চরণদ্বীপ নিবাসী সদ্ধর্ম্মবাগীশ শ্রীমৎ আর্য্যালঙ্কার ভিক্ষু মহোদয় ধর্ম্মাঙ্কুর সভার সহযোগী সম্পাদক, পাঁচুরিয়া নিবাসী শ্রীমৎ জিনালঙ্কার (কাজলকুমার) ভিক্ষু মহোদয় "ধর্ম্মাঙ্কুর বিহারের সহকারী অধ্যক্ষ," বেলখাইন নিবাসী শ্রীযুক্ত অন্নদাচরণ বড়ুয়া মহাশয় "জগজ্জ্যোতিঃর কার্য্যাধ্যক্ষ" এবং কোয়েপাড়া নিবাসী শ্রীযুক্ত রমণী রঞ্জন সেন গুপ্ত বিদ্যাবিনোদ এম্, আর, এ, এস মহোদয় "জগজ্জ্যোতিঃর সম্পাদক" নির্ব্বাচিত হইয়াছেন। ধর্ম্মাঙ্কুরের বার্ষিক অধিবেশনে সকল বিষয়ের বিশদ মীমাংসা না হওয়া যাবৎ তাঁহারা স্ব স্ব পদের কার্য্য নির্ব্বাহ করিবেন।

পরিশেষে "কৃপাশরণ ফ্রি ইনষ্টিটিউসনের" ও কলিকাতাবাসী ছাত্র-বৃন্দের শারীরিক, মানসিক ও নৈতিক উন্নতকল্পে কৃপাশরন ফ্রি স্কুলে সাপ্তাহিক "বিদ্যোৎসাহিনী সভা" প্রতিষ্ঠা করিবার প্রস্তাব সভ্যবৃন্দ কর্ত্তৃক গৃহীত হইলে মাননীয় সভাপতি মহোদয় শ্রীযুক্ত কালী-কিঙ্কর মুৎসুদ্দি মহাশয়ের প্রদত্ত ৫৲ টাকা এবং ডাক্তার শ্রীযুক্ত রমেশচন্দ্র চৌধুরী মহাশয়ের ১০৲ টাকা চাঁদা প্রাপ্তি স্বীকার করিয়া ধর্ম্মাঙ্কুর সভার পক্ষ হইতে তাঁহাদিগকে ধন্যবাদ প্রদান করেন। অতঃপর সভা ভঙ্গ হয়।

শোক সংবাদ

বিগত কয়েক বৎসরের মধ্যে বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার সভাপতি অসময়ে নিম্নলিখিত কয়েকজন অকৃত্রিম, পরম হিতৈষী, সজ্জনপ্রিয় ও মহাপ্রাণ বন্ধু হারাইয়া গভীর মর্ম্মবেদনা ভোগ করিতেছেন। তাঁহারা জীবিত থাকিলে আমরা হয়ত এই সভাকে সম্পূর্ণ নূতন ভাবে দেখিতে পাইতাম। সভার রীত্যনুসারে নিম্নে তাঁহাদের নাম প্রদত্ত হইল :—

ধর্ম্মাঙ্কুর সভার সহকারী সভাপতি জগজ্জ্যোতিঃ-সম্পাদক জ্ঞানরত্ন কবিধ্বজ গুণালঙ্কার মহাস্থবির (১২ই চৈত্র, ১৩২৩ সাল), বৌস্ট্রীটস্থ ৺রাজচরণ বড়ুয়া, মলঙ্গালেনস্থ বিহার-দায়ক ৺নবীনচন্দ্র বড়ুয়া, পিঙ্গলানিবাসী রাজকুমার বড়ুয়া (১৯১৪ খ্রীষ্টাব্দে), এটর্ণি ভূপেন্দ্রশ্রী ঘোষ, উপাসক পঞ্চানন বড়ুয়া, ধর্ম্মাঙ্কুর সভার ভূতপূর্ব্ব সম্পাদক পাহাড়তলী নিবাসী সুরেন্দ্রলাল মুৎসুদ্দি, কর্ত্তালানিবাসী কৈলাশচন্দ্র চৌধুরী, মুকুটনাইট নিবাসী কালীকুমার বড়ুয়া ও সিকিমের মহারাজ (১৯১৫ খ্রীষ্টাব্দে), নাগধর নিবাসী মহেশচন্দ্র তালুকদার ও তুলাবাড়ীয়া নিবাসী রামকুমার তালুকদার (১৯১৬ খ্রীষ্টাব্দে), রায় শরত চন্দ্র দাস বাহাদুর সি আই ই (১৩২৩ সালে), চট্টগ্রাম গৈড়লা নিবাসী জমিদার সারদাচরণ সেন, ব্রহ্ম মৌলমেন নিবাসী উসাগরা মহাস্থবির (১৯১৭ খ্রীষ্টাব্দে) এবং চট্টগ্রাম করিয়ানগর নিবাসী অভয়াচরণ সওদাগর (৪ঠা আষাঢ়, ১৩২৩ সালে) ইহধাম পরিত্যাগ করিয়াছেন।

বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভা

পঞ্চবিংশ বার্ষিক অধিবেশন

সভাপতি——

আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির।

সহকারী সভাপতি——————

সম্পাদক—

ডাক্তার শ্রীযুক্ত বেণীমাধব বড়ুয়া, এম্, এ ;
ডি, লিট্ (লণ্ডন)

সহযোগী সম্পাদক——

সদ্ধর্ম্মবাগীশ শ্রীমৎ আর্য্যালঙ্কার ভিক্ষু।

সহকারী সম্পাদক-

শ্রীযুক্ত অনন্তকুমার বড়ুয়া মার্চ্চেণ্ট, ওয়ারিশ বাগান
কলিকাতা

সহকারী বিহারাধ্যক্ষ-

শ্রীমৎ জিনালঙ্কার (কাজলকুমার) ভিক্ষু,
পাচুরিয়া, চট্টগ্রাম।

কার্য্যাধ্যক্ষগণ

সঙ্গীত অধ্যাপক—শ্রীযুক্ত হেমচন্দ্র সেন,
১৫।১ নং, ওয়েলিংটন ষ্ট্রীট, কলিকাতা।

সঙ্গীত অধ্যাপক—শ্রীযুক্ত জীতেন্দ্র নাথ দত্ত,
২১ নং নেবুতলা লেন, কলিকাতা।
" " শ্রীযুক্ত সর্ব্বানন্দ বড়ুয়া,
রাউজান, চট্টগ্রাম।
" " শ্রীযুক্ত উপেন্দ্রলাল চৌধুরী,
১২।১৩ নং মলঙ্গালেন, কলিকাতা।
" " শ্রীযুক্ত রেফমগধ, ঠেগরপুনি, চট্টগ্রাম।

শ্রীযুক্ত বাবু মহেশচন্দ্র বড়ুয়া, সাং মেহেরহাটি, চট্টগ্রাম।
" অশ্বিনীকুমার বড়ুয়া, সাং তেকোটা, ঐ
" হরিনন্দন চৌধুরী সাং উনাইনপুরা, ঐ
" তরণীসেন বড়ুয়া, সাং ঐ ঐ
" পুষ্করচন্দ্র বড়ুয়া, বৌষ্ট্রীট, কলিকাতা।
" যোগেন্দ্রলাল তালুকদার, সাং কর্ত্তালা, চট্টগ্রাম।
" দ্বারিকানাথ বড়ুয়া সওদাগর, বুদ্ধিষ্ট টেম্পল লেন,
কলিকাতা।

একাউন্টেন্ট—শ্রীযুক্ত সুবলচন্দ্র সওদাগর, সাং পাঁচুরিয়া, চট্টগ্রাম।

বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার মেম্বরগণ

১। শ্রীযুক্ত নির্ম্মল চন্দ্র চন্দ, এম্, এ, বি, এল মিউনিসিপাল কমিশনার, ২৩ নং ওয়েলিংটন ষ্ট্রীট, কলিকাতা

২। শ্রীযুক্ত ভূতনাথ মিত্র, প্রোপ্রাইটার, নিউব্রিটিনিয়া প্রেস, ৭৮ নং আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

৩। মার্চ্চেন্ট " অনন্তকুমার বড়ুয়া, ওয়ারিশ বাগান, ঐ

৪। শ্রীযুক্ত শরচ্চন্দ্র বড়ুয়া, পুলিশ সব্ইন্স্পেক্টর, সাং বরিয়া, চট্টগ্রাম।

৫। " প্রসন্নকুমার বড়ুয়া, সাং উনাইনপুরা, ঐ
(হাং সাং আগড়তলা রাজবাটী)

৬। " ধর্ম্মরাজ বড়ুয়া, সাং উনাইনপুরা, ঐ

৭। " বিপ্রদাস মুৎসুদ্দি সওদাগর, সাং পাহাড়তলী, ঐ
(বর্ত্তমান পেলিটুয়া আকিয়াব)

৮। " হরকুমার সওদাগর, সাং বজ্রজোয়ারা, ঐ
(কেয়ক্তবাজার আকিয়াব)

৯। " মহারাজ মহাজন, সাং মুকুটনাইট, ঐ

১০। " মইয়কুরু বড়ুয়া, সাং চেনামতী, ঐ
(কোচ বিহার মহারাজের বাটী)

১১। " প্রিয়নাথ চৌধুরী, সাং আন্ধারমাণিক, ঐ

১২। " চন্দ্রকুমার চৌধুরী, সাং পাইরোল, ঐ

১৩। " পুষ্করচন্দ্র বড়ুয়া, ২১।৮ বৌষ্ট্রীট, কলিকাতা।

১৪। " নন্দকুমার বড়ুয়া, সাং বাপুয়া, চট্টগ্রাম।

১৫। " যুবরাজ চৌধুরী, সাং ডেকোটা, ঐ

১৬। " হীরুলাল বড়ুয়া, ৮নং ললিতমোহন দাসের লেন, কপালিটোলা, কলিকাতা।

১৭। শ্রীযুক্ত মহেন্দ্রলাল বড়ুয়া, ১১ নং ললিতমোহন দাসের লেন, কলিকাতা।

১৮। „ কালীকুমার বড়ুয়া, সাং কর্ত্তালা, চট্টগ্রাম।

১৯। „ প্যারীমোহন চৌধুরী, সাং পাহাড়তলী, ঐ (বর্ত্তমান লক্ষ্মৌ)

২০। „ অরুণচন্দ্র চৌধুরী, সাং পাঁচুরিয়া, চট্টগ্রাম।

২১। „ সুবলচন্দ্র সওদাগর, সাং পাঁচুরিয়া, ঐ

২২। „ লক্ষ্মীচরণ তালুকদার, সাং কর্ত্তালা, ঐ

২৩। „ নীলকমল বড়ুয়া, সাং বাকখালি, ঐ

২৪। „ অখিলচন্দ্র বড়ুয়া, সাং কর্ত্তালা, ঐ

২৫। „ অন্নদাচরণ বড়ুয়া, সাং বেলখাইন, ঐ

২৬। „ অন্নদাচরণ বড়ুয়া, সাং জ্যৈষ্ঠপুরা, ঐ

২৭। ডাক্তার শ্রীযুক্ত যুবরাজ বড়ুয়া, সাং করল, ঐ

২৮। শ্রীযুক্ত সূর্য্যধন, বড়ুয়া সাং মুকুটনাইট, ঐ

২৯। „ বৈদ্যনাথ বড়ুয়া, সাং মুকুটনাইট, ঐ

৩০। „ প্যারীলাল বড়ুয়া, সাং ওয়ারিশবাগান, কলিকাতা।

৩১। সঙ্গীতাধ্যপক শ্রীযুক্ত সর্ব্বানন্দ বড়ুয়া, সাং রাউজান, চট্টগ্রাম।

৩২। শ্রীযুক্ত রামকুমার বড়ুয়া, সাং হোয়াড়াপাড়া, ঐ

৩৩। „ রজনীকান্ত চৌধুরী, সাং তালতলা, কলিকাতা।

৩৪। „ উমাচরণ চৌধুরী, সাং লাথেরা, চট্টগ্রাম।

৩৫। „ যুধিষ্ঠির বড়ুয়া, সাং কর্ত্তালা, ঐ

৩৬। „ রমেশচন্দ্র চৌধুরী, সাং হাসিমপুর, চট্টগ্রাম। (বর্ত্তমান আইজল)

৩৭। শ্রীযুক্ত হরগোবিন্দ বড়ুয়া, সাং হোয়ারাপাড়া, চট্টগ্রাম।

৩৮। „ মমফু বড়ুয়া, সাং উনাইনপুরা, ঐ

৩৯। „ নবীনচন্দ্র বড়ুয়া, সাং করৈলডাঙ্গা, চট্টগ্রাম।

৪০। সঙ্গীত অধ্যাপক রেফমগধ, সাং ঠেগরপুণি. ঐ

৪১। শ্রীযুক্ত ব্রজেন্দ্ররঞ্জন মুৎসুদ্দি, সাং পাহাড়তলী, ঐ
(হাং সাং কোলাডাইং, পোঃ পেলিটুয়া, আকিয়াব)

৪২। „ হরিপদ চৌধুরী, ২০৬ নং কর্ণওয়ালিশ ষ্ট্রীট, কলিকাতা।

৪৩। „ রামচরণ তালুকদার, সাং নাইখাইন, চট্টগ্রাম।
(হাং সাং গভর্ণমেন্ট হাউস সিমলা)

৪৪। „ যামিনীকুমার বড়ুয়া, সাং বেলখাইন, ঐ

৪৫। কবিরাজ শ্রীযুক্ত রাজচন্দ্র তালুকদার, সাং পাহাড়তলী, ঐ

৪৬। শ্রীযুক্ত রমেশচন্দ্র বড়ুয়া, সাং উনাইনপুরা, ঐ

৪৭। „ ক্ষেত্রমোহন বড়ুয়া, সাং লাখেরা, চট্টগ্রাম।

৪৮। „ কেয়াগ্রু বড়ুয়া, সাং উনাইনপুরা, ঐ

৪৯। „ লক্ষ্মীন্দর বড়ুয়া, সাং বেলখাইন, ঐ

৫০। ড্রয়িংমাষ্টার শ্রীযুক্ত হরকিশোর চৌধুরী, সাং সাতবাড়ীয়া, ঐ

৫১। ওভারসিয়ার শ্রীযুক্ত বিপিনচন্দ্র বড়ুয়া, সাং রাউজান, ঐ

৫২। মার্চ্চেণ্ট শ্রীযুক্ত পুলিনবিহারী চৌধুরী, সাঙ্গুভেলি টি কোম্পানি,
১৪৯ নং ধর্ম্মতলা ষ্ট্রীট, কলিকাতা।

৫৩। উকিল শ্রীযুক্ত উমেশচন্দ্র মুৎসুদ্দি, সাং পাহাড়তলী, চট্টগ্রাম।

৫৪। সবরেজীষ্টার শ্রীযুক্ত অধরলাল বড়ুয়া, সাং পাহাড়তলী, ঐ

৫৫। শ্রীযুক্ত দশরথ বড়ুয়া, সাং কেঁয়াগড়, ঐ

৫৬। „ কৃষ্ণচন্দ্র বড়ুয়া, সাং তিসরী, ঐ

৫৭। পালিশিক্ষক শ্রীযুক্ত অনন্তকুমার বড়ুয়া,
সাং আন্ধারমাণিক, চট্টগ্রাম।
(হাং সাং রাঙ্গামাটী)

৫৮। মার্চ্চেন্ট শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রলাল চৌধুরী, সাঙ্গুভেলি টি কোম্পানি,
৮৪ ড্যাল.হাসী ষ্ট্রীট, রেঙ্গুন।

৫৯। শ্রীযুক্ত [illegible]চন্দ্র চৌধুরী, সাং কর্ত্তালা, চট্টগ্রাম।

৬০। „ [illegible]চন্দ্র বড়ুয়া, মাষ্টার, সাং হাব্দেচক্কা, চট্টগ্রাম।

৬১। „ যুবরাজ বড়ুয়া, সাং উনাইনপুরা, ঐ
(হাং সাং ডুম ডুমা আসাম)

৬২। শ্রীযুক্ত প্রসন্ন কুমার বড়ুয়া, সওদাগর, হায়দচক্কা, চট্টগ্রাম।

৬৩। সব্‌ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত রেবতীরমণ বড়ুয়া, এম্, এ, বি, এল, পাহাড়তলী, ঐ

৬৪। সব্‌ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু উমাচরণ বড়ুয়া, সাং রত্নপালং, চট্টগ্রাম।

৬৫। মিষ্টার এল, গ্রেসিয়াস, ৭৮ নং কর্পোরেশন ষ্ট্রীট, কলিকাতা।

৬৬। শ্রীযুক্ত বাবু কমলাকান্ত বড়ুয়া, সাং পাঁচুরিয়া, চট্টগ্রাম।
(হাং সাং ডুম ডুমা আসাম)

৬৭। „ অরণ্যেশ্বর বড়ুয়া সাং পাহাড়তলী, ঐ
(হাং সাং পেলিটুয়া)

৬৮। „ রসিকচন্দ্র বড়ুয়া ক্লার্ক, বুদ্ধিষ্ট টেম্পল লেন, কলিকাতা।

৬৯। „ রমানাথ বড়ুয়া, সাং কর্ত্তালা, চট্টগ্রাম।

৭০। „ নবীনচন্দ্র চৌধুরী, সাং ঠেগরপুণি, চট্টগ্রাম।

৭১। „ অমৃতলাল বড়ুয়া ওয়ারিশ বাগান, কলিকাতা।

৭২। „ মনোমোহন বড়ুয়া, সাং লাথেরা, চট্টগ্রাম।

৭৩। ডাক্তার শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র বড়ুয়া, সাং জলদি, চট্টগ্রাম।

৭৪। „ সব্‌ডেপুটি কলেক্টর শ্রীযুক্ত বাবু নগেন্দ্রলাল দেওয়ান, সাং বরাদম, রাঙ্গামাটী।

৭৫। শ্রীযুক্ত বাবু যুবরাজ চৌধুরী সওদাগর, সাং হাসিমপুর, চট্টগ্রাম।
(হাল সাং আইজল)

৭৬। „ গোপীরাজ চৌধুরী সওদাগর, সাং ঐ

৭৭। „ কালীকুমার বড়ুয়া সওদাগর, সাং ঠেগরপুণি, চট্টগ্রাম।
(হাল সাং কালাডাইং, পোঃ নেট্রং, আকিয়াব)

৭৮। ডাক্তার শ্রীযুক্ত অনন্তকুমার বড়ুয়া, সাং রাজুনীয়া, চট্টগ্রাম।
(হাল সাং মাণিকছড়ি)

৭৯। জেইল ডাক্তার শ্রীযুক্ত প্রসন্ন কুমার বড়ুয়া, সাং হোয়ারাপাড়া, চট্টগ্রাম।

৮০। শ্রীযুক্ত বাবু যোগেন্দ্রলাল তালুকদার, সাং কর্ত্তালা, চট্টগ্রাম।
৮১। „ জগদ্বন্ধু বড়ুয়া সাং পিঙ্গলা, ঐ
৮২। কম্পাউণ্ডার শ্রীযুক্ত তরণী সেন বড়ুয়া, সাং কর্ত্তালা, ঐ
(হাল সাং আকিয়াব)
৮৩। শ্রীযুক্ত বাবু বিপিনবিহারী বাবাজি, ১৭৮, লোয়ার চিৎপুররোড, কলিকাতা।
৮৪। „ ভীমরাজ বড়ুয়া সাং ঠেগরপুণি, চট্টগ্রাম।
৮৫। „ নবীনচন্দ্র বড়ুয়া সাং পড়ুয়া, (ঢালকাটা) চট্টগ্রাম।
৮৬। „ বীরভদ্র বড়ুয়া সাং কেঁয়াগড়, ঐ
৮৭। „ দ্রোণকুমার বড়ুয়া সাং বোয়ালখালী, ঐ
৮৮। „ প্রসন্নকুমার মুৎসুদ্দি সুপারিন্টেণ্ডেন্ট,
বৌদ্ধবালকসমিতি রুদ্রা, চট্টগ্রাম।
৮৯। „ বিজয়লাল বড়ুয়া, ১১ ললিত মোহন দাসের লেন, কলিকাতা।
৯০। „ প্রেমানন্দ বড়ুয়া সাং হোয়ারাপাড়া, চট্টগ্রাম।
৯১। „ রামচন্দ্র বড়ুয়া সাং কর্ত্তালা, ঐ
৯২। „ তারিণীচরণ তালুকদার সাং বেলখাইন, ঐ
৯৩। „ হরকিশোর তালুকদার সাং পিঙ্গলা, ঐ
৯৪। „ অন্নদাচরণ বড়ুয়া সাং পিঙ্গলা, ঐ
৯৫। „ উমেশচন্দ্র বড়ুয়া সাং খরনদ্বীপ, ঐ
(হাং সাং মাণ্ডালে)
৯৬। „ অন্নদাপ্রসাদ বড়ুয়া সাং ছত্তরপিটুয়া, ঐ
৯৭। শ্রীযুক্ত অজয়চন্দ্র চৌধুরী সাং পাইরোল, চট্টগ্রাম।
৯৮। „ বীরেন্দ্রকুমার বড়ুয়া সাং হোয়ারাপাড়া, ঐ
৯৯। „ ভীষ্মনাথ চৌধুরী সাং তেকোটা, ঐ
১০০। „ ইন্দ্রজয় বড়ুয়া, সাং উনাইনপুরা, ঐ

১০১। শ্রীযুক্ত বসন্তকুমার বড়ুয়া, সাং হোয়ারাপাড়া,
কাঠালভাঙ্গার কুল, চট্টগ্রাম।

১০২। „ শশীভূষণ বড়ুয়া সাং আন্ধারমাণিক, ঐ
(হাং সাং টাঙ্গু)

১০৩। „ অন্নদাচরণ বড়ুয়া, সাং বৈদ্যপাড়া, ঐ ঐ

১০৪। „ রমেশ চন্দ্র বড়ুয়া সাং চরকানাই, ঐ ঐ

১০৫। „ কর্ণধন বড়ুয়া মারচেন্ট সাং হাসিমপুর, ঐ
(হাং সাং ৯৩ নং ক্রেজার ষ্ট্রীট্, রেঙ্গুন)

১০৬। মার্চ্চেন্ট শ্রীযুক্ত বাবু অর্জ্জুনচন্দ্র চৌধুরী সাং বিনাজুরী, ঐ

১০৭। শ্রীযুক্ত বাবু ভীমরাজ বড়ুয়া সাং মেহেরহাটী, ঐ

১০৮। „ উমেশচন্দ্র বড়ুয়া মোক্তার সাং কৈরলডেঙ্গা, ঐ
(হাং সাং কাক্সবাজার)

১০৯। „ রাজমণি বড়ুয়া সাং গোমদণ্ডী, ঐ

১১০। „ সর্ব্বানন্দ বড়ুয়া পাচখাইন, ঐ
(হাং সাং বর্দ্ধমান রাজবাটী)

১১১। শ্রীমতী মহেশ্বরী বড়ুয়া, মলঙ্গালেন, কলিকাতা।

১১২। „ দময়ন্তী বড়ুয়া, বুদ্ধিষ্ট টেম্পল লেন, ঐ

১১৩। শ্রীযুক্ত বাবু সারদা চরণ বড়ুয়া সাং চরতি, চট্টগ্রাম।

১১৪। „ মহেন্দ্রলাল বড়ুয়া সাং নায়ুপুর, ঐ

১১৫। „ অর্জ্জুনচন্দ্র বড়ুয়া সওদাগর সাং বরিয়া, ঐ
(হাল সাং মৌলমেইন নয়াবাজার)

১১৬। „ যুবরাজ বড়ুয়া সাং শাকপুরা, ঐ

১১৭। „ কিশোরিমোহন বড়ুয়া সাং লাখেরা, ঐ

১১৮। „ ষষ্ঠীচরণ বড়ুয়া সাং ভেকোটা, ঐ

১১৯। „ সুকেন্দুবিকাশ মুৎসুদ্দি, স্কুল সব্ইনেস্পেক্টর,
সাং পাহাড়তলী, ঐ

১২০। শ্রীযুক্ত ভীমরাজ বড়ুয়া সাং বাথুয়া, চট্টগ্রাম।

১২১। " ধূর্জ্জটিরঞ্জন বড়ুয়া সাং রাউজান, ঐ

১২২। " ভাস্করচন্দ্র বড়ুয়া সাং কর্ত্তালা, ঐ

১২৩। " ভূবনমোহন চৌধুরী সাং হাসিমপুর, ঐ

১২৪। " মহেন্দ্রলাল বড়ুয়া সাং পিঙ্গলা, ঐ

১২৫। " উপেন্দ্রলাল বড়ুয়া সাং ঐ ঐ

(হাং সাং ধানবাদ, কেলনার হোটেল)

১২৬। " ময়ূরধন বড়ুয়া, সাং কড়ইয়া নগর, ঐ

১২৭। ডাক্তার শ্রীযুক্ত রাজকুমার চৌধুরী এম্,বি (হোমিও), সাং কর্ত্তালা, চট্টগ্রাম।

(হাল সাং ৯৫নং কর্পরেশন ষ্ট্রীট, কলিকাতা)

১২৮। ডাক্তার শ্রীযুক্ত প্যারীমোহন বড়ুয়া সাং আবুরখীল, চট্টগ্রাম।

(হাং সাং ঠনডুইংজি, ব্রহ্ম)

১২৯। শ্রীযুক্ত দ্রোণকুমার বড়ুয়া ওভারসিয়ার, বেত্তাগী, চট্টগ্রাম।

১৩০। শ্রীযুক্ত শান্তশীল বড়ুয়া বি, এ, একচাইজ ইন্স্পেক্টর, আন্ধারমাণিক, চট্টগ্রাম।

১৩১। শ্রীযুক্ত জগতচন্দ্র বড়ুয়া সওদাগর সাং করিয়ানগর, পোঃ পহুয়া ঐ

১৩২। শ্রীমৎ ধর্ম্মপাল ভিক্ষু সাং শীলক, চট্টগ্রাম।

১৩৩। শ্রীযুক্ত দেবেন্দ্রলাল চৌধুরী বেলখাইন, চট্টগ্রাম।

১৩৪। শ্রীযুক্ত দ্বারিকানাথ বড়ুয়া সওদাগর বুদ্ধিষ্ট টেম্পল্ লেন, কলিকাতা।

১৩৫। শ্রীযুক্ত মহাপ্রু বড়ুয়া সওদাগর রাজুনীয়া চট্টগ্রাম, হাল সাকিম পেলিটুয়া বাজার, আকিয়াব।

বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার পঞ্চবিংশ বর্ষের
জমা ও খরচের হিসাব।

জমা—

১৮৯২ ইং হইতে ১৯১৬ ইং পর্য্যন্ত

মোট জমা— ১২০০০৲

১৯১৬ হইতে ১৭ ইং

মেম্বরগণের প্রদত্ত—৬৭০৲ টাকা।

এককালীন দান— ১৫৲

বৈশাখী পূর্ণিমা
উপলক্ষে দান— ১২০৲

মহাস্থবিরের জন্মোৎসব
উপলক্ষে দান— ৫০৲

মোট— ৮৫৫৲

সর্ব্বমোট জমা—১২৮৫৫৲

সর্ব্বমোট জমা—১২৮৫৫৲
সর্ব্বমোট খরচ—১২৬৬৯/৫

অবশিষ্ট— ১৮৫৸/১৫

খরচ—

১৮৯২ ইং হইতে ১৯১৬ ইং পর্য্যন্ত

মোট খরচ—১১৮৭৮।৴৫

১৯১৬ হইতে ১৭ ইং :—

অনুষ্ঠান পত্র ও চিঠি ছাপান এবং
ডাকে পাঠাইবার খরচ— ৫০।৵০

সভাগৃহ সজ্জিত করা— ২৭॥০

কেরোসিন তৈল ও সুগন্ধি
দ্রব্য— ২৮৲

রৌসনচৌকি নহবৎ প্রভৃতি বাদ্যকর
গণের মজুরী— ৪১॥৵০

পাখা বেহারা ও চাকরের
বেতন— ২০৲

চিমনি ও গ্লাস খরিদ; কাপড়
ধোলাই ইত্যাদি বাবত খরচ ২১৲

আশ্বিনী পূর্ণিমার অধিবেশন
হইতে ২৫টী অধিবেশনে
সভাগণকে জলযোগ করান
আনুষঙ্গিক খরচ— ৩২০৲

কার্য্য-বিবরণী ছাপান ও ডাকে
পাঠাইবার খরচ— ১৯৭৲

সভাপতি কর্ত্তৃক চট্টগ্রামের বিভিন্ন
স্থানের স্কুল সমূহে দান— ৩১৲

কৃপাশরণ ফ্রি ইন্‌ষ্টিটিউসনে
দান— ৫০৲

মোট—৭৯০৸০

সর্ব্বমোট খরচ—১২৬৬৯/৫

হিসাব পরিষ্কার পাইলাম।

(স্বাক্ষর) শ্রীসুবলচন্দ্র সওদাগর,
একাউণ্টেণ্ট।

বৌদ্ধধর্ম্মাঙ্কুর বিহার নির্ম্মাণ ও লক্ষ্ণৌ বোধিসত্ত্ব বিহার নর্ম্মাণের প্রারম্ভ হইতে ১৩২৪ সালের আশ্বিন মাস পর্য্যন্ত "ধর্ম্মাঙ্কুরের" অন্যান্য যাবতীয় আয় ব্যয়ের হিসাব।

জমা—

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ও ১৩২৩ সালের আশ্বিন মাস পর্য্যন্ত—
জমা— ৫৮৩৫৩।৶০

দাতব্য বাক্সে প্রাপ্ত— ৫১॥৶০

বিহার পরিদর্শন পুস্তকে লিখিত মহাত্মাগণের দান— ৪৫৲

কলিকাতা বার্ষিক চাঁদা ও অন্যান্য দানপ্রাপ্ত— ২০০৲

লাইব্রেরী উপলক্ষে দানপ্রাপ্ত— ৫০৲

ঊনাইনপুরা গ্রামবাসীর দান— ২০০৲

চট্টগ্রাম হইতে চাঁদা প্রাপ্ত— ৪৫০৲

মোহনচন্দ্র মুন্সীর স্মৃতি রক্ষার্থে তাঁহার সহধর্ম্মিনী শ্রীমতী রসময়ী বড়ুয়া মহোদয়ার দান— ৩০০৲

দার্জিলিং শৈল সমিতি, সিমলা, রাঁচি, লক্ষ্ণৌ, কলিকাতা, চট্টগ্রাম প্রভৃতি স্থানের দায়কবৃন্দ হইতে

খরচ—

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ও ১৩২৩ সালের আশ্বিন মাস পর্য্যন্ত—
খরচ— ৬০৮৬২॥৶০

[তন্মধ্যে নিম্নলিখিত তিনটীর খরচ আবশ্যক বোধে উল্লেখ করা গেল :—

১। সিমলাশৈল সমিতির চট্টগ্রাম পান্থশালা নির্ম্মাণ উপলক্ষে
খরচ— ১৪৫৫৲

২। বুদ্ধিষ্ট টেম্পল লেন খুলবার বাবত খরচ— ৭৫০০৲

৩। ধর্ম্মাঙ্কুর বিহারের পাকঘর ও দ্বিতলের বারন্দা নির্ম্মাণ উপলক্ষে
খরচ— ২০০০৲]

কালীকুমার মহাস্থবিরের ও শিলক সুধর্ম্মানন্দ বিহারে গুণালঙ্কার মহাস্থবিরের ও মোহনচন্দ্র মুন্সীর স্মৃতি রক্ষার্থে এক লক্ষ ইট কাটান বাবত খরচ— ৬৬৫৲

কালীকুমার মহাস্থবির মহোদয়ের স্মৃতি মন্দির স্থাপন উপলক্ষে ইটের দাম ব্যতীত খরচ— ১০০৲

শীলক সুধর্ম্মানন্দ বিহারে গুণালঙ্কার মহাস্থবির মহোদয়ের স্মৃতি রক্ষার্থ শ্বেত-প্রস্তরের "সীমা" প্রস্তুত ও

জের জমা—

গুণালঙ্কার মহাস্থবির মহোদয়ের শ্রাদ্ধ উপলক্ষে দান প্রাপ্ত—১৭০০৲

মোট জমা—৬১৩৫০৵০

১৩২৩ সালের আশ্বিন হইতে ১৩২৪ সালের আশ্বিন পর্য্যন্ত

জমা— ২৯৯৬৷৶০

হিসাব পরিষ্কার পাইলাম।

(স্বাক্ষর) শ্রীসুবলচন্দ্র সওদাগর,

একাউণ্টেণ্ট।

খরচ

তাহার চতুপার্শ্বে মোহনচন্দ্র মুন্সীর স্মৃতি রক্ষার্থ পাকা দেওয়াল নির্ম্মাণ উপলক্ষে ইটের দাম ব্যতীত খরচ— ৫৫১৲

সুধন মহাস্থবির মহোদয়ের স্মৃতি-রক্ষা উপলক্ষে ইট কাটান বাবত খরচ— ৩২০৲

গুণালঙ্কার মহাস্থবির মহোদয়ের শ্রাদ্ধ উপলক্ষে ও অন্যান্য বাবত খরচ— ২০১৫৲

মোট খরচ—৬৪৫১৩৸৶০

১৩২৩ সালের আশ্বিন হইতে ১৩২৪ সালের আশ্বিন পর্য্যন্ত খরচ— ৩৬৫১৲ টাকা।

মোট খরচ—৬৪৫১৩৸৶০

মোট জমা—৬১৩৫০৵০

মোট ফাজিল—৩১৬৩৸৶০

মোট ফাজিল তিন হাজার একশত তেষট্টি টাকা নয় আনা মাত্র।

সভাপতির মন্তব্য

সভাপতি মহাশয় বিশেষ আনন্দের সহিত স্বীকার করিতেছেন যে কলিকাতাবাসী ও প্রবাসীর সম্পূর্ণ সাহায্যে তিনি নিম্নোদ্ধৃত গৌরব-জনক কার্য্য সমূহ সুচারুরূপে নির্ব্বাহিত করিয়াছেন :—

(১) কলিকাতা মহানগরীতে যুবরাজ পঞ্চম জর্জ্জকে আশীষ-অভিনন্দন দেওয়া উপলক্ষে, এবং তাসাইলামা ও দালাইলামা বিহার পরিদর্শন উপলক্ষে অভিনন্দনের ও তাহার আনুষঙ্গিক খরচ—৯০০৲

(২) দিল্লী-দরবারে পঞ্চম জর্জের রাজ্যাভিষেক উপলক্ষে নিমন্ত্রিত হইয়া সভাপতি, সহকারী সভাপতি ও একজন মেম্বর যাতায়াতের ও তাহার আনুষঙ্গিক খরচ—১৫০০৲

তিনি আরও আনন্দের সহিত প্রকাশ করিতেছেন যে মাননীয় হার্কোর্ট বাটলার মহোদয়ের সাহার্য্যে সদাশয় গভর্ণমেণ্ট লক্ষ্ণৌ মহানগরীতে বিহার নির্ম্মাণের জন্য ১০ কাঠা জমির মূল্য ১৬০০০৲ টাকা ধার্য্য করিয়া সভাপতি হইতে একখানা চুক্তিনামা লইয়া দানপত্র লিখিয়া দেন।

সভাপতি মহোদয়ের আন্তরিক চেষ্টা ও দুইবৎসরের প্রাণপণ পরিশ্রমের ফলে মাননীয় হার্কোর্ট বাটলার ও মাননীয় বিচারপতি ডাক্তার স্যার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় Kt., C. S. I. মহোদয়দ্বয়ের অনুগ্রহ ও সাহায্যে—বঙ্গীয় বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার সম্পাদক শ্রীযুক্ত বেণী-মাধব বড়ুয়া এম্ এ মহোদয় পালিভাষা গবেষণার্থ সদাশয় গভর্ণমেণ্টের "ষ্টেট্স্কলার্সিপ" স্বরূপ প্রায় ৮৫০০৲ সাড়ে আট হাজার টাকা বৃত্তি তিন বৎসর যাবৎ ভোগ করেন।

বিশেষ মন্তব্য

দার্জ্জিলিং, সিমলা, রাঁচি, লক্ষ্ণৌ, শিলং, শাকপুরা ও হোয়ারাপারা প্রভৃতি স্থানের শাখা সমিতিতে সভার অধিবেশনাদির যাবতীয় কার্য্য কলিকাতা বৌদ্ধ ধর্ম্মাঙ্কুর সভার নিয়মানুযায়ী ধারাবাহিকরূপে সুসম্পন্ন হইয়াছে। কাগজের মূল্য বৃদ্ধি হেতু আমরা 'ধর্ম্মাঙ্কুর সভার' কার্য্য বিবরণী সংক্ষিপ্ত করিতে বাধ্য হইয়াছি। সুতরাং শাখা সমিতি সমূহের বিশেষ উল্লেখ যোগ্য অধিবেশনগুলিই প্রকাশিত করিলাম। আশা করি শাখাসমিতি সমূহের সম্পাদকগণ ও মেম্বরগণ আমাদিগের এই অপরিহার্য্য ত্রুটী গ্রহণ করিবেন না।

ইতি

(স্বাক্ষর) শ্রীঅনন্তকুমার বড়ুয়া।

সহকারী সম্পাদক।

ধর্ম্মাঙ্কুর সভার সভাপতি আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয় কর্ত্তৃক স্থাপিত শাখা-সমিতি সমূহের প্রতিষ্ঠার সন।

(১) দার্জ্জিলিং শাখা ১৯১০ খৃঃ অব্দে স্থাপিত।
(২) সিমলা শাখা ১৯০৬ ,,
(৩) রাঁচি শাখা ১৯১৫ ,,
(৪) শাকপুরা ১৯০৮ ,,
(৫) শিলং শাখা ১৯১৪ ,,
(৬) লক্ষ্ণৌ শাখা ১৯০৮ ,,
(৭) ডিব্রুগর শাখা, আসাম শাখা ১৯০৮ খৃঃ অব্দে স্থাপিত।
(৮) গুজরা (কাটাল ডাক্তার কুল) ১৯১০ ,,

কলিকাতা বৌদ্ধ ধর্ম্মাঙ্কুরের দার্জ্জিলিং শাখাসমিতির

সংক্ষিপ্ত অধিবেশন তালিকা

(সভাপতি শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয় কর্ত্তৃক
১৯১০ খৃষ্টাব্দে স্থাপিত)

১ম ও ২য় অধিবেশন—বিগত ১৯১৬ ইংরাজীর ১১ই অক্টোবর বুধবার বঙ্গীয় গভর্ণর বাহাদুরের প্রাইভেট্ সেক্রেটারী মাননীয় মিষ্টার ডব্‌লিউ, আর্ গৌলে মহোদয়ের সভাপতিত্বে "জুবলি সেনিটোরিয়ম্," প্রথম অধিবেশনের এবং ১২ই অক্টোবর তারিখে পাটনা কলেজের সুযোগ্য অধ্যাপক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার প্রত্নতত্ত্ব বাগীশ মহাশয়ের সভাপতিত্বে "প্রেয়ারভিলায়" অধিবেশনের কার্য্য মহাসমারোহে সুসম্পন্ন হইয়াছে। [জগজ্জ্যোতিঃ—(৯ম সংখ্যা) ১৬১—১৬৫ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

৩য় অধিবেশন।—মাঘী পূর্ণিমোৎসব, বিগত ১৩২৩ সালের ২৪শে মাঘ বাথুয়া নিবাসী শ্রীযুক্ত কৃষ্ণকুমার বড়ুয়া মহাশয়ের উদ্যোগে দার্জ্জিলিঙ্গে মাঘীপূর্ণিমোৎসব সুনিষ্পন্ন হইয়াছে।

৪র্থ অধিবেশন।—স্বর্গীয় গুণালঙ্কার মহাস্থবিরের স্মৃতি-সভা। রায় শরৎচন্দ্র দাস বাহাদুরের সুযোগ্য পুত্র শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র দাস মহোদয়ের সভাপতিত্বে স্বর্গীয় গুণালঙ্কার মহাস্থবির মহোদয়ের স্মৃতি সভার অধিবেশন কার্য্য সুসম্পন্ন হইয়াছে। বাথুয়া নিবাসী শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র বড়ুয়া মহোদয় সভার খরচ ও জলযোগের ব্যয়ভার বহন করিয়া সকলেরই ধন্যবাদার্হ হইয়াছেন।

৫ম অধিবেশন।—বৈশাখী পূর্ণিমোৎসব। বিগত ১৩২৪ সালের ২৪শে বৈশাখ চট্টগ্রাম ভাণ্ডারগাঁও নিবাসী শ্রীযুক্ত মহিমচন্দ্র বড়ুয়া মহাশয়ের উদ্যোগে ও ব্যয়ে দার্জ্জিলিঙ্গে বৈশাখী পূর্ণিমোৎসব মহাসমারোহে সমাহিত হইয়াছে।

৬ষ্ঠ অধিবেশন।—মহাস্থবিরের জন্মোৎসব। বিগত ৭ই আষাঢ় চট্টগ্রাম ভাণ্ডারগাঁও নিবাসী শ্রীযুক্ত সুরেন্দ্রলাল বড়ুয়া মহাশয়ের প্রযত্নে ও ব্যয়ে সমিতির প্রতিষ্ঠাতা স্থায়ী সভাপতি কর্ম্মবীর ধর্ম্মপ্রাণ শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের জন্মোৎসব বিশেষ সমারোহের সহিত নির্ব্বাহিত হইয়াছে।

৭ম ও ৮ম অধিবেশন।—বিগত ২৮শে জুলাই তারিখে দার্জ্জিলিং প্রবাসী দায়কবৃন্দ সমিতির স্থায়ী-সভাপতি শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়কে অভ্যর্থনা করিবার জন্য হাজারিরচর নিবাসী শ্রীযুক্ত পীতাম্বর বড়ুয়া মহাশয়ের হোটেলে এক বিরাট সভার অনুষ্ঠান করেন। অনন্তর ৩০শে জুলাই তারিখে দার্জ্জিলিং শাখাসমিতির বার্ষিক অধিবেশনের কার্য্য সুচারুরূপে সম্পন্ন হয়। পীতাম্বর বাবুর ঐকান্তিকতায় ১ম অধিবেশনের এবং ভাণ্ডারগাঁও নিবাসী শ্রীযুক্ত মহেন্দ্র কুমার বড়ুয়া মহাশয়ের প্রযত্নে ২য় অধিবেশনের কার্য্য নির্ব্বাহিত হইয়াছে। তাঁহারা সুচারুরূপে সভার কার্য্য নির্ব্বাহ করিয়া এবং সমবেত সভ্যবৃন্দকে নিজ ব্যয়ে জলযোগ করাইয়া অশেষ পুণ্য সঞ্চয় করতঃ আমাদিগের ধন্যবাদার্হ হইয়াছেন। [জগজ্জ্যোতিঃ—(১০ম বর্ষ ৫১ পৃষ্ঠা।]

দার্জ্জিলিঙ্গে বিরাট সভার ১ম ও ২য় অধিবেশনের বিশেষ বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

(স্বাক্ষর) শ্রীমহিমচন্দ্র বড়ুয়া,
সম্পাদক
দার্জ্জিলিং শাখাসমিতি।

দার্জ্জিলিঙ্গে বিরাট সভা

প্রথম অধিবেশন

বিগত ১১ই অক্টোবর বুধবার বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার দার্জ্জিলিং শাখা সমিতির উদ্যোগে দার্জ্জিলিঙ্গে একটী বিরাট সভার অধিবেশন হইয়া গিয়াছে। দার্জ্জিলিং প্রবাসী বৌদ্ধগণ কর্ত্তৃক নিমন্ত্রিত হইয়া কলিকাতা বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার সহসভাপতি পূজনীয় জ্ঞানরত্ন কবিধ্বজ শ্রীমৎ গুণা-লঙ্কার মহাস্থবির এম্, আর্, এ, এস্; পাটনা কলেজের ইতিহাস অধ্যাপক শ্রদ্ধেয় শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার বি এ, এফ আর ই এস, এফ আর হিষ্টএস্, এম আর,এ এস্; কবিরাজ শ্রীযুক্ত নগেন্দ্রচন্দ্র বিদ্যারত্ন আয়ুর্ব্বেদ-ভূষণ প্রভৃতি মহোদয়গণ দার্জ্জিলিং আগমন করেন। তাঁহাদের অভ্যর্থনার জন্য শ্রীমৎ আনন্দ ভিক্ষু প্রমুখ অনেক বৌদ্ধ ষ্টেশনে উপস্থিত ছিলেন। তাঁহারা অভ্যাগতের হস্তে পুষ্পস্তবক ইত্যাদি প্রদান করিয়া তাঁহাদের যথোচিত সম্বর্দ্ধনা করেন।

জুব্লি সেনিটোরিয়াম নামক সুবৃহৎ অট্টালিকায় দার্জ্জিলিং শাখা-সমিতির অষ্টম বার্ষিক অধিবেশন আহূত হয়। সভামণ্ডপ নানাবিধ পত্রপুষ্পে সুশোভিত হইয়া অপূর্ব্ব শ্রীধারণ করিল! সভাগৃহের প্রাঙ্গনের চতুষ্পার্শ্ববর্ত্তী বৃক্ষশ্রেণী প্রফুল্ল-কুসুম-সুবাসে চতুর্দ্দিক আমোদিত করি-তেছে! মধ্যে মধ্যে মৃদু মন্দ সমীরণ প্রবাহিত হইতেছে! হরিতবর্ণ পত্ররাজি সান্ধ্যসমীরণে মৃদু মৃদু কম্পন করিতেছে, বোধ হইল যেন, প্রকৃতিদেবী হস্ত সঞ্চালনে সভাসদবর্গের সংবর্দ্ধনা করিতেছে!

যে সমস্ত উচ্চপদস্থ সম্ভ্রান্ত ভদ্রমণ্ডলী এই সভায় যোগদান করিয়া-ছিলেন, তাঁহাদের মধ্যে বঙ্গেশ্বর লর্ড কারমাইকেল; মিঃ গোর্লে; রায় সাহেব বিধুভূষণ সিংহ রায়; বাবু অতুলবিহারী সিংহ এম এ,বি এল; বাবু

যামিনী প্রসাদ মিত্র বি, এল্; মিঃ এচ্ ডব্লিউ, লেডেন্‌লা; মিঃ ওমেলী; অনারেবল মিঃ মোনাহান; অনারেবল রায় পি, এন, মুখার্জ্জি বাহাদুর; স্যার আর্ এন্ মুখার্জ্জী; রাজা মণিলাল সিংহ; রায় যদুনাথ মজুমদার বাহাদুর; ডাক্তার এস, কে; পাল, রায় দীনদয়াল বাহাদুর; বাবু দাশরথ। সাণ্যাল; বাবু জ্যোতিশচন্দ্র সেন; কবিরাজ রাখালচন্দ্র সেন; প্রফেসার মনোরঞ্জন ব্যানার্জ্জি; মিঃ, এ, সি, সেন; মিঃ এন্, কে, সেন; বাবু অমরেন্দ্রনাথ পাল চৌধুরী; মিঃ, বি, এল মিত্র; প্রফেসার অমিয় কুমার সরকার ও মহিমারঞ্জন বড়ুয়া কবিরাজ শ্রীনগেন্দ্রচন্দ্র বিদ্যারত্ন আয়ুর্ব্বেদ-ভূষণ প্রভৃতি মহোদয়গণের নাম বিশেষ উল্লেখ যোগ্য।

যে সকল মহাত্মা সভায় উপস্থিত হইতে না পারিয়া সহানুভূতিসূচক পত্র লিখিয়াছেন, তাঁহাদের নাম যথা;—রাজা বনবিহারী কপূর্র; অনারেবল্, মিঃ কার্; মিং আরডেন উড; অনারেবল মিঃ লায়ন; মিঃ সেমন; অনারেবল মিঃ এড্ওয়ার্ড ও নবাব স্যার্ সামসুল্ হুদা প্রভৃতি।

সন্ধ্যা ঠিক ছয় ঘটিকার পূর্ব্বে আমাদের সহৃদয় বঙ্গেশ্বর লর্ড কারমাইকেল মহোদয় তাঁহার প্রাইভেট সেক্রেটারী সহ আসিয়া সভাগৃহ দ্বারে উপনীত হইলে, শ্রীমৎ গুণালঙ্কার মহাস্থবির, স্যার শ্রীযুক্ত রাজেন্দ্র মুখার্জ্জী, শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার, রাজা শ্রীযুক্ত মণিলাল সিংহ ও চট্টগ্রাম কলেজের প্রফেসার শ্রীযুক্ত মহিমারঞ্জন বড়ুয়া প্রভৃতি ভদ্র-মহোদয়গণ তাঁহাদের সংবর্দ্ধনার জন্য অগ্রসর হন। তাঁহারা সভাগৃহে প্রবেশ করিবামাত্র সমাগত ভদ্রমণ্ডলী দণ্ডায়মান হইয়া করতালি সহযোগে তাঁহাকে অভ্যর্থনা করেন। ইত্যবসরে সভার কার্য্য তালিকা বা Programme, গুণালঙ্কার মহাস্থবির মহোদয়ের Short life of Buddha নামক ইংরেজী পুস্তক ও বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার বার্ষিক কার্য্য-বিবরণী (Annual Report) এক এক খণ্ড করিয়া সভ্যগণকে বিতরণ করা হয়।

অনন্তর গবর্ণর লর্ড কারমাইকেল মহোদয়ের মাননীয় প্রাইভেট

সেক্রেটারী মিঃ ডবলিউ, আর, গৌর্লে মহোদয় সভাপতির আসন অলঙ্কৃত করেন। সভাপতির নির্দ্দেশক্রমে শ্রীমৎ গুণালঙ্কার মহাস্থবির মহোদয়, লর্ড কারমাইকেল মিঃ গৌর্লে এবং সমাগত ভদ্রমণ্ডলীর মঙ্গল প্রার্থনা করিয়া পালিভাষায় আশীর্ব্বাদ করেন। অতঃপর সভাপতি মহোদয় পাটনা কলেজের অধ্যাপক শ্রীযুক্ত যোগীন্দ্র নাথ সমাদ্দার প্রত্ন-তত্ত্ববাগীশ মহোদয়ের পরিচয় প্রদান করিতে উঠিয়া সৌজন্য প্রকাশে বলেন, —"আমি ১০বৎসর যাবৎ সমাদ্দার মহোদয়কে বিশেষরূপে জানি এবং তিনি আমার একজন বিশিষ্ট বন্ধু। তাঁহার পরিচয় আপনারা বোধ হয় সকলেই জ্ঞাত আছেন। সুতরাং বিশেষ করিয়া তাঁহার পরিচয় জ্ঞাপন নিষ্প্রয়োজন। তবে এইমাত্র বলিতেছি যে তিনি একজন উন্নত, উদার, অধ্যবসায়ী পুরুষ। তিনি আজ এই বৌদ্ধ সভায়, বৌদ্ধশিল্প ও পুরাতত্ত্ব বিষয়ক চিত্র প্রদর্শন করিয়া বক্তৃতা করিবেন। আশা করি, তাঁহার বক্তৃতা সকলেরই মনোরঞ্জন করিবে"। সভ্যমণ্ডলী করতালি দ্বারা সভাস্থল মুখরিত করিয়া তাঁহার বাক্যে সম্মতি জ্ঞাপন করেন। তৎপর হঠাৎ ঘরের বৈদ্যুতিক আলোক অন্তর্হিত হইল। সঙ্গে সঙ্গে ম্যাজিক লণ্ঠন-বিদ্যুৎপ্রবাহের মত ছুটিয়া নির্দ্দিষ্ট চিত্রপটে গিয়া প্রতিভাত হইল। সঙ্গে সঙ্গে চিত্রও দৃষ্ট হইল। সমাদ্দার মহোদয় ইংরাজীতে নিজ স্বভাব সুলভ সুমধুর ভাষায় বক্তৃতা আরম্ভ করেন। প্রথমতঃ ভারতবর্ষের মানচিত্রে মহারাজ অশোকের রাজত্বসীমা হইতে তাঁহার প্রোথিত স্তম্ভ ও বুদ্ধপুত্তলিকা, রাজগৃহের রেলিং, প্রাচীন শিল্পতত্ত্ব ও বহুবিধ বৌদ্ধশিল্পকলা, বৌদ্ধরাজ্যের, বৌদ্ধমন্দিরের নানাপ্রকার রমণীয় কারুকার্য্যখচিত বুদ্ধমূর্ত্তি, বুদ্ধগয়ার মন্দির, প্রাচীন রাজগৃহের ভাস্কর্য্য, পাটলিপুত্রের প্রাচীন বৌদ্ধ মন্দিরের রেলিং, ভগ্নস্তূপ, কুশীনগরের প্রাচীন ভগ্নমন্দির, নালন্দার বিহার, ও তত্তদ্দেশের বহুবিধ দর্শনীয় শিল্প ও শিল্পীর শিল্প-নৈপুণ্য এবং বুদ্ধের জন্ম, ভিক্ষুবেশী বুদ্ধচিত্র, যোগসাধন বোধিমূলে নির্ব্বাণলাভ, তাঁহার ধর্ম্মপ্রচার কালীন তেজপূর্ণ উজ্জ্বল কান্তি, শরীরচিত্র ও নির্ব্বাণ প্রাপ্তির

মর্ম্মস্পর্শী দৃশ্য, প্রভৃতি চিত্রপটে যেন জীবন্ত চিত্রের মত প্রতিভাত হইতেছে। সর্ব্বশেষে বুদ্ধের সরলতা মাখা, মাধুর্য্যপূর্ণ ধীরগম্ভীর চিরহাস্যময় মুখখানি উদিত হইল। আহা! সে যেন চিত্র নয়, করুণাময়ের সাক্ষাৎ জীবন মূর্ত্তি! আজ যেন তিনি ভক্তের নিকট উপস্থিত! তখন সেই চিত্র দেখিতে দেখিতে আত্মহারা হইয়া যেন কোন এক স্বর্গ রাজ্যে চলিয়া গিয়াছে! ভগবানকে যেন আজ সাক্ষাৎ প্রত্যক্ষ করিলাম! হৃদয়ে তখন অনির্ব্বচনীয় আনন্দ! অচিন্তনীয় ভাব! অজ্ঞাত স্বর্গসুখ! বুদ্ধের অনুপম দেদীপ্য ভাস্করজ্যোতিঃ প্রতিফলিত; যেমন সমাদ্দার মহাশয়ের চিত্র গুণ-বর্ণনার ভাষা, শ্রবণতৃপ্তিকর মিষ্ট বচন; তেমনই চিত্রপটের নয়নাভিরাম দৃশ্য। দেখিতে দেখিতে আরও কতই যেন দেখিতে ইচ্ছা হয়! যতই দেখি, ততই যেন নূতন নূতন দৃশ্য! একে একে অনেক চিত্র দেখান হইল। সমাদ্দার মহাশয় ক্রমে ক্রমে এক এক চিত্রের আশ্চর্য্য সুখশ্রাব্য গল্প বর্ণনা করেন। উক্ত বর্ণনাপ্রসঙ্গে কলিকাতার বৌদ্ধধর্ম্মাঙ্কুর—আদিবিহার এবং তাহার স্থাপয়িতা শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবিরের ভূয়সী প্রশংসা করেন; গুণালঙ্কার মহাস্থবির মহোদয়ও বাদ যান নাই। তাঁহার বক্তৃতা ভাবপুর্ণ, চিন্তনীয়, স্মরণীয় ও মর্ম্মস্পর্শী! উপসংহারে চিত্রপটে আমাদের বঙ্গেশ্বরের সৌজন্য ও সরলতা মাখা চিত্রখানি উদিত হইল। দর্শকমণ্ডলীর আনন্দ কোলাহলে সভাগৃহ কম্পিত ও মুখরিত হইল! আবার হঠাৎ বৈদ্যুতিক আলোকে সভাগৃহ আলোকিত হইল।

অনন্তর বর্দ্ধমানস্থ চকদিঘীর রাজা শ্রীযুক্ত মণিলাল সিংহ মহোদয় বলেন, "আজ বড়ই আনন্দের বিষয়, এই বৌদ্ধ সভায় আমাদের বঙ্গেশ্বর মহোদয় অনুগ্রহপূর্ব্বক উপস্থিত হইয়াছেন। তিনি আমাদের আন্তরিক ধন্যবাদের পাত্র। তাঁহার সৌজন্যে, সৌহৃদ্যে ও উদারতায় তিনি আজ বঙ্গবাসী মাত্রেরই ধন্যবাদভাজন হইয়াছেন। তিনি নিজের চরিত্রগুণে, গুণ প্রতিভায় ইউরোপবাসী হইয়াও আজ ভারতবাসী। আমি তাঁহাকে

আনন্দের সহিত ধন্যবাদ প্রদান করিতেছি। তিনি সর্ব্বত্রই সকলের ধন্যবাদের পাত্র। মিঃ গৌর্লে মহোদয় সভাপতির আসন অলঙ্কৃত করিয়া আমাদিগকে অনুগৃহীত ও বাধিত করিয়াছেন, তজ্জন্য তাঁহাকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। বক্তা অধ্যাপক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার মহোদয় যেরূপ শিল্প ও কারুকার্য্য বিশিষ্ট বৌদ্ধশিল্পের পুরাতত্ত্ব বিষয়ক নানাবিধ চিত্র দেখাইয়া আজ আমাদিগকে গভীর ভাবময়ী বক্তৃতা শুনাইয়া সুখী করিয়াছেন, তাহাতে অনেক শিখিলাম ও অনেক জানিলাম। তিনি পুরাতত্ত্ববিদ, অধ্যবসায়ী, জ্ঞানবান্ ও যশস্বীপুরুষ এবং আমার বিশেষ পরিচিত বন্ধু। তাঁহাকে আমি ধন্যবাদ প্রদান করিতেছি। সমাগত সভ্য মহোদয়গণ আজ এই বৌদ্ধ সভায় যোগদান করিয়া আমাদিগকে সাতিশয় আনন্দিত করিয়াছেন তজ্জন্য তাঁহাদিগকেও আমি ধন্যবাদ প্রদান করিতেছি"।

অনন্তর চট্টগ্রাম কলেজের পালি অধ্যাপক শ্রীযুক্ত মহিমা রঞ্জন বড়ুয়া এম্, এ, মহোদয় তাঁহার স্বভাবসুলভ সুললিত ভাষায় সদাশয় লর্ড কারমাইকেল মহোদয়ের সৌজন্যগুণের ভূয়সী প্রশংসা করিয়া বলেন,—"তাঁহার সৌজন্যে অমায়িকতায়, ও উদারতায় আমরা তাঁহার নিকট কৃতজ্ঞ। তিনি আজ অনুগ্রহ ও সহৃদয়তা প্রকাশে আমাদের বঙ্গীয় বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার শাখা সমিতির অষ্টম বার্ষিক অধিবেশনে উপস্থিত এবং সভার প্রারম্ভ হইতে শেষ পর্য্যন্ত সমাসীন থাকিয়া আমাদিগকে পরম কৃতার্থ ও বুদ্ধের প্রতি যথোচিত ভক্তি প্রদর্শন করিয়াছেন। তজ্জন্য আজ আমি আমাদের বৌদ্ধ সমাজের পক্ষ হইতে তাঁহাকে আন্তরিক ধন্যবাদ প্রদান এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। সভাপতি মিঃ গৌর্লে মহোদয় এই সভার সভাপতির আসন গ্রহণ করিয়া আমাদিগকে সাতিশয় আনন্দিত করিয়াছেন। তাঁহাকেও আমি সমগ্র বৌদ্ধের পক্ষ হইতে শত শত ধন্যবাদ প্রদান করিতেছি। অধ্যাপক শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ সমাদ্দার প্রত্নতত্ত্ববাগীশ মহোদয় যে সব বৌদ্ধমন্দিরের চিহ্ন, বৌদ্ধ শিল্পের

সমুজ্জ্বল ছবি প্রদর্শন করিয়াছেন, তাহা দেখিয়া আমরা অতীব আনন্দ লাভ করিয়াছি। তিনি যে সব পুরাতত্ত্ব উদ্ঘাটন করিয়া সর্ব্ব সমক্ষে প্রদর্শন পূর্ব্বক বৌদ্ধ সমাজের মহত্ত্ব জ্ঞাপন করিতেছেন, তজ্জন্য তিনি সমগ্র বৌদ্ধের নিকট প্রশংসীয়। আমি তাঁহাকে আন্তরিক ধন্যবাদ প্রদান করিতেছি। সমাগত ভদ্রমহোদয়গণ! আজ এই বৌদ্ধ সভায় আপনারা উপস্থিত থাকিয়া আমাদিগকে সাতিশয় আহ্লাদিত করিয়াছেন। তজ্জন্য আপনাদিগকেও ধন্যবাদ প্রদান করিতেছি"। ধন্যবাদের পর সভাপতি মহোদয়ের অনুমত্যানুসারে সাড়ে সাতটার সময় সভা ভঙ্গ হয়।

উপসংহারে স্যানিটোরিয়মের কর্তৃপক্ষ মহোদয় করুণাপ্রকাশে সভাগৃহ প্রদান করিয়াছেন বলিয়া, আমরা তাঁহাকে শত শত ধন্যবাদ প্রদান করিতেছি। কয়েকজন হিন্দু ভদ্রমহোদয়গণ উৎসাহের সহিত সভাগৃহের সাজসজ্জা ও অন্যান্য বিষয়ে সাহায্য করিয়াছেন বিশেষতঃ মাননীয় রাজা শ্রীযুক্ত মণিলাল সিংহ মহোদয় সভাগৃহের সাজসজ্জার ভার গ্রহণ করিয়াছেন। তজ্জন্য তাঁহাদিগকেও আমরা আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

দ্বিতীয় অধিবেশন—১২ই অক্টোবর বৃহস্পতিবার উনাইনপুরা নিবাসী শ্রীযুক্ত বাবু বিপ্রমোহন বড়ুয়ার উদ্যোগে শ্রীমৎ গুণালঙ্কার মহাস্থবির মহোদয়ের বাসাবাটী "প্রেয়ারভিলা" নামক বাড়ীতে রাত্রি ১০ ঘটিকার সময় উক্ত সভার অষ্টম বার্ষিক উৎসবের দ্বিতীয় অধিবেশন হয়। শ্রীমৎ আনন্দ ভিক্ষু অধ্যাপক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার, প্রত্নতত্ত্ব-বাগীশ মহোদয়ের পরিচয় প্রদান করিয়া তাঁহাকে সভাপতি পদে বৃত করিতে প্রস্তাব করেন। চট্টগ্রামস্থ শিলক গ্রাম নিবাসী কবিরাজ শ্রীযুক্ত নগেন্দ্রচন্দ্র বিদ্যারত্ন, আয়ুর্ব্বেদভূষণ মহোদয় অধ্যাপক সমাদ্দার মহাশয়ের গুণের ভূয়সী প্রশংসা করিয়া ভিক্ষু মহোদয়ের প্রস্তাব সমর্থন করেন।

অতঃপর অধ্যাপক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার প্রত্নতত্ত্ববাগীশ মহোদয় সৌজন্য ও কৃতজ্ঞতা প্রকাশ করিয়া সভাপতির পদ গ্রহণ

করেন। তৎপরে উনাইনপুরা নিবাসী (বর্ত্তমান দার্জ্জিলিং) শ্রীযুক্ত বিপ্রমোহন বড়ুয়া মহোদয় ১৫০৲ দেড়শত টাকা মূল্যের নূতন উৎকৃষ্ট ম্যাজিক লেণ্ঠন সমাদ্দার মহোদয়কে উপহার প্রদান করিতে অভিপ্রায় জ্ঞাপন করিলে, শ্রীমৎ গুণালঙ্কার মহাস্থবির মহোদয় সমাদ্দার মহাদয়কে তাহা গ্রহণ করিবার জন্য অনুরোধ করেন। সমাদ্দার মহোদয়ও উক্ত উপহার মহাস্থবির মহোদয়ের অনুরোধে সাগ্রহে গ্রহণ করেন। তদনন্তর মহাস্থবির মহোদয়ের অনুরোধে সমাদ্দার মহোদয় চিত্র দেখাইয়া বঙ্গভাষায় বক্তৃতা আরম্ভ করেন। প্রায় এক ঘণ্টা কাল চিত্র সহযোগে সমাদ্দার মহোদয় বক্তৃতা করিয়াছিলেন। তাঁহার বক্তৃতা অতি সুন্দর! চিত্রযোগে প্রাচীনশিল্পীর শিল্পনৈপুণ্য প্রদর্শন অতীব মনোরম হইয়াছিল! সভ্যমণ্ডলী শ্রীমৎ আনন্দ ভিক্ষু মহোদয়ের নিকট হইতে পঞ্চশীল গ্রহণ করেন, এবং প্রদর্শিত চিত্রের বর্ণনা করিয়া সমালোচনা করেন এবং ধন্যবাদ প্রদানের পর রাত্রি ১টার সময় সভা ভঙ্গ হয়।

দান—দার্জ্জিলিং প্রবাসী বৌদ্ধগণ যে ভাবে বৌদ্ধ সমাজের উন্নতির জন্য, মঙ্গলের জন্য নানাবিষয়ে দান করিতেছেন, তাহা অতীব প্রশংসার্হ। আমরা কোন দিন তাঁহাদিগের নিকট এত সাহায্য পাইব বলিয়া আশা করিতে পারি নাই। দার্জ্জিলিঙ্গে তাঁহারা ২০।২৫ জন বৌদ্ধ প্রবাসী মাত্র। গত আষাঢ় মাসে শ্রীমৎ গুণালঙ্কার মহাস্থবির মহোদয়ের দার্জ্জিলিংবাসের সমস্ত ব্যয় বহন করিয়াছেন। আবার গত আশ্বিন মাসেও দার্জ্জিলিং সভার যাবতীয় ব্যয়-ভার তাঁহারা অম্লানবদনে গ্রহণ করিয়াছেন। তাহাতে প্রায় ৩৫০৲ সাড়ে তিন শত টাকা ব্যয় হইয়াছে। তজ্জন্য আমরা উক্ত দাতৃগণকে সর্ব্বান্তঃকরণে আশীর্ব্বাদ ও শত শত ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। যে সমস্ত মহাত্মা দানকরিয়াছেন, তাঁহাদিগের নাম নিম্নে প্রদত্ত হইল।

ভাণ্ডারগাঁও নিবাসী শ্রীযুক্ত মহিমচন্দ্র বড়ুয়া, ৪০৲ টাকা, শ্রীযুক্ত বাবু দুর্য্যোধন বড়ুয়া, শ্রীযুক্ত বাবু আনন্দমোহন বড়ুয়া, শ্রীযুক্ত কালী

কুমার বড়ুয়া, শ্রীযুক্ত বাবু কর্ণধন বড়ুয়া, প্রত্যেকে ১০৲; শ্রীযুক্ত বাবু সুরেন্দ্রনাথ বড়ুয়া ৫৲ শ্রীযুক্ত বাবু লক্ষ্মীন্দর বড়ুয়া, শ্রীযুক্ত বাবু জয়রাজ বড়ুয়া প্রত্যেক ৩৲ টাকা, শ্রীযুক্ত বাবু বীরভদ্র বড়ুয়া, শ্রীযুক্ত বাবু বৈরাজ মোহন বড়ুয়া, শ্রীযুক্ত বাবু বরদা প্রসাদ বড়ুয়া, শ্রীযুক্ত বাবু প্রিয়নাথ বড়ুয়া, প্রত্যেক ২৲ টাকা, শ্রীযুক্ত বাবু রামচন্দ্র বড়ুয়া শ্রীযুক্ত বাবু ব্রজমোহন বড়ুয়া প্রত্যেকে ১৲ টাকা; শ্রীযুক্ত বাবু দীননাথ বড়ুয়া ।• আনা, বাথুয়ানিবাসী শ্রীযুক্ত বাবু কৃষ্ণকুমার তালুকদার ১০৲ টাকা, শ্রীযুক্ত বাবু মহেন্দ্র লাল বড়ুয়া ও শ্রীযুক্ত বাবু দীননাথ বড়ুয়া প্রত্যেকে ১৲ টাকা, ঢাকা নিবাসী (বর্ত্তমান দার্জ্জিলিং) শ্রীযুক্ত বাবু সুদর্শন মজুমদার (Merchant) ও বরিয়া নিবাসী বাবু হরকুমার চৌধুরী প্রত্যেকে ১০৲ টাকা। মেহেরহাটী নিবাসী শ্রীযুক্ত বাবু নীলকুমার বড়ুয়া, কর্ত্তালা নিবাসী শ্রীযুক্ত বাবু নটবর বড়ুয়া, পিঙ্গলানিবাসী শ্রীযুক্ত বাবু বেণীমাধব বড়ুয়া ও শ্রীযুক্ত বাবু রজনীকুমার চৌধুরী, চেনামতী নিবাসী শ্রীযুক্ত বাবু দুর্য্যোধন বড়ুয়া ও শ্রীযুক্ত মহানন্দ বড়ুয়া প্রত্যেকে ৫৲ টাকা। কৈঁয়াগড় নিবাসী শ্রীযুক্ত বাবু ক্ষীরোদচন্দ্র বড়ুয়া, চেনামতী নিবাসী শ্রীযুক্ত বাবু হেমেন্দ্রলাল বড়ুয়া. শ্রীযুক্ত বাবু মেঘনাথ বড়ুয়া ও শ্রীযুক্ত বাবু ভুবন-মোহন বড়ুয়া এবং চরতী নিবাসী শ্রীযুক্ত বাবু নবীনচন্দ্র বড়ুয়া প্রত্যেকে ১৲ টাকা। চেনামতী নিবাসী শ্রীমান রাজেন্দ্র লাল বড়ুয়া ও চরতী নিবাসী শ্রীমান রজনীকুমার বড়ুয়া প্রত্যেকে ।• আনা।

(স্বাক্ষর) শ্রীমহিমচন্দ্র বড়ুয়া,

সম্পাদক,

দার্জ্জিলিং শাখা-সমিতি।

বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভা

দার্জ্জিলিং শাখা

স্থায়ী সভাপতি—আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির।

সম্পাদক—শ্রীযুক্ত বাবু মহিমচন্দ্র বড়ুয়া, সাং ভাণ্ডারগাঁও।

সহকারী সম্পাদক—শ্রীযুক্ত মৈয়ফুরু বড়ুয়া, সাং চেনামতি।

" " শ্রীযুক্ত মৈয়ফুরু বড়ুয়া সাং চরতি।

হিসাব রক্ষক—শ্রীযুক্ত বাবু বিপ্রমোহন বড়ুয়া সাং উনাইনপুরা।

পরিদর্শক—শ্রীযুক্ত বাবু কৃষ্ণকুমার বড়ুয়া, সাং বাথুয়া।

সহকারী পরিদর্শক—শ্রীযুক্ত বাবু রজনী কান্ত চৌধুরী, সাং ভাণ্ডারগাঁও।

কার্য্যাধ্যক্ষ—শ্রীযুক্ত বাবু দুর্য্যোধন বড়ুয়া, সাং চেনামতি।

" " সুরেন্দ্রলাল বড়ুয়া, সাং ভাণ্ডারগাঁও।

" " ললিত মোহন বড়ুয়া, সাং ঐ

" " জয়রাজ বড়ুয়া, সাং ঐ

" " বিরুদ্ধকুমার বড়ুয়া, সাং ঐ

মেম্বরগণ

শ্রীযুক্ত বাবু দুর্য্যোধন বড়ুয়া সাং চেনামতি।

" " মহিমচন্দ্র বড়ুয়া " ভাণ্ডারগাঁও।

" " আনন্দমোহন বড়ুয়া সাং "

" " সুরেন্দ্র লাল বড়ুয়া " " "

" " বেণীমাধব বড়ুয়া " পিঙ্গলা।

" " দিলকুমার বড়ুয়া " মেভেরহাট।

" " দুর্য্যোধন বড়ুয়া " ভাণ্ডারগাঁও।

" " রজনীরঞ্জন চৌধুরী " " "

" " মহেন্দ্র লাল বড়ুয়া " " "

শ্রীযুক্ত বাবু কর্ণধন বড়ুয়া, সাং ভাণ্ডারগাঁও।

„ „ জয়রাজ বড়ুয়া „ „ „

„ „ রামচন্দ্র বড়ুয়া „ „ „

„ „ বরদাপ্রসাদ বড়ুয়া „ „ „

„ „ লক্ষিন্দর বড়ুয়া „ „ „

„ „ হরকুমার চৌধুরী, সাং বরিয়া।

„ „ বিপ্রমোহন বড়ুয়া, সাং উনাইনপুরা।

„ „ হরিশচন্দ্র বড়ুয়া „ বেলখাইন।

„ „ নটোবর বড়ুয়া „ কর্ত্তলা।

„ „ মৈত্রকুরু বড়ুয়া „ চেনামতি।

„ „ মহানন্দ বড়ুয়া „ „

„ „ মৈত্রফুল্ল বড়ুয়া „ চরতি।

„ „ রমেশচন্দ্র তালুকদার „ পিঙ্গলা।

„ „ রজনী কুমার বড়ুয়া „ „

„ „ কৃষ্ণকুমার তালুকদার, সাং বাথুয়া।

„ „ রামকিশোর বড়ুয়া, সাং উত্তর জোয়ারা।

„ „ নন্দলাল বড়ুয়া „ উনাইনপুরা।

„ „ ব্রজমোহন বড়ুয়া „ „ „

„ „ চন্দ্রকুমার বড়ুয়া „ বাকখালী।

„ „ সতিশচন্দ্র বড়ুয়া „ চরতি।

„ „ মনকিশোর বড়ুয়া „ „

„ „ রাজকিশোর বড়ুয়া কুতুয়া।

„ „ নিমাই চরণ বড়ুয়া ভাণ্ডারগাঁও।

„ „ অভিমন্যু বড়ুয়া সাং কেঁয়াগর।

„ „ মহেশ্বর বড়ুয়া „ লাখেরা।

„ „ কালিকুমার বড়ুয়া সাং হাজারীরচর।

শ্রীযুক্ত বাবু মহেন্দ্রলাল বড়ুয়া সাং হাজারিরচর।
" " প্রসন্ন কুমার বড়ুয়া সাং উনাইনপুরা।
" " মহন্ত কুমার বড়ুয়া সাং ভাণ্ডারগাঁও।
" " ঈশান চন্দ্র বড়ুয়া সাং আন্দারমাণিক।
" " পিতাম্বর বড়ুয়া সাং হাজারীরচর।
" " সুরেন্দ্র লাল চৌধুরী সাং উনাইনপুরা।
" " প্রমোদরঞ্জন বড়ুয়া সাং বরমা।
" " ধর্ম্মরাজ বড়ুয়া সাং সাইপুর।
" " কালিকুমার বড়ুয়া সাং ভাণ্ডারগাঁও।
" " শশীকুমার বড়ুয়া সাং চেনামতি।
" " ফকিরচাঁদ বড়ুয়া সাং কুতুবা।
" " সুদর্শন মজুমদার সাং ঢাকা (হাং সাং দার্জ্জিলিং বাজার)।

বৌদ্ধ-ধর্ম্মাঙ্কুর সভা

সিমলা-শাখা

(১৯০৬ খৃষ্টাব্দে শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবিরের দ্বারা স্থাপিত।)

একাদশ বার্ষিক অধিবেশন

আষাঢ়ী পূর্ণিমোৎসব

২রা আগষ্ট ১৯১৭ ইংরাজী।

সভারম্ভ।—অদ্য রাত্রি ১০ ঘটিকার সময় মহাসমারোহে সভার কার্য্যারম্ভ হয়। শ্রীযুক্ত বাবু গৌরচন্দ্র বন্দোপাধ্যায় সঙ্গিগণসহ ঐক্যতান বাদন সংযোগে সূচনা সঙ্গীত গাহিয়া সভাস্থল মুখরিত করেন।

সভাপতির আসন গ্রহণ।—কর্ত্তলা নিবাসী শ্রীযুক্ত বাবু কালীকুমার বড়ুয়ার প্রস্তাবে সর্ব্বসম্মতিক্রমে পাঁচখাইন নিবাসী শ্রীযুক্ত বাবু ধীরেন্দ্র লাল চৌধুরী সভাপতি ও বেলখাইন নিবাসি শ্রীযুক্ত বাবু ক্ষীরোদ চন্দ্র চৌধুরী সহকারি-সভাপতি পদে বরিত হন।

কার্য্য-বিবরণী পাঠ।—রাউজান নিবাসি শ্রীযুক্ত বাবু মেঘরাজ বড়ুয়া কার্য্য বিবরণী পাঠ করেন।

রচনা ও গাথা অবৃত্তি।—কর্ত্তলা নিবাসী শ্রীযুক্ত বাবু কালী কুমার বড়ুয়া একটী পালি গাথা অবৃত্তি করতঃ, তাহার সরল ব্যাখ্যা করিয়া সুন্দররূপে বুঝাইয়া দেন। করল নিবাসী শ্রীযুক্ত বাবু বরদা কুমার বড়ুয়া "অশোক", শ্রীযুক্ত বাবু বঙ্কিমচন্দ্র বড়ুয়া "শিক্ষা ও উপদেশ পদ্ধতি", শ্রীযুক্ত বারিক মিস্ত্রী "অশ্রু" কবিতা, রাউজান নিবাসী শ্রীযুক্ত মেঘরাজ বড়ুয়া "অনিত্য" কবিতা এবং বেলখাইন নিবাসী

শ্রীযুক্ত বাবু যামিনী কুমার বড়ুয়া, স্বদেশের মঠ-বিহার ও চৈত্য দাতাগণের প্রসংশা করিয়া এক দীর্ঘ কবিতা পাঠ করেন। প্রত্যেক কবিতা ও রচনা সর্ব্বাঙ্গসুন্দর ও শ্রুতি মধুর হইয়াছিল।

বক্তৃতা।—ঊনাইনপুরা নিবাসী শ্রীযুক্ত বাবু অপূর্ব্বরঞ্জন বড়ুয়া তাঁহার স্বাভাবিক ওজস্বিনী ভাষায় মহারাজ অশোকের সংক্ষিপ্ত জিবনী বর্ণনা করিয়া সভ্যবৃন্দের মনোরঞ্জন করেন। কর্ত্তলা নিবাসী শ্রীযুক্ত বাবু চিন্তারাজ বড়ুয়া "অনিচ্ছা দুঃখ অনাত্য" সরল ব্যখ্যা করিতে গিয়া, সংক্ষেপে চতুরার্য্য সত্যের কয়েকটী গাথা অবৃত্তি করিয়া তাহার সারাংশ সভ্যবৃন্দকে বুঝাইয়া দেন। তাঁহার বক্তৃতা অতিশয় হৃদয়গ্রাহী ও মর্ম্মস্পর্শী হইয়াছিল।

সম্পাদকীয় মন্তব্য।—সম্পাদক নাইখাইন নিবাসী শ্রীযুক্ত রামচরণ বড়ুয়া সমিতির গতবৎসরের কার্য্যাবলী আলোচনা পূর্ব্বক ভবিষ্যৎ উন্নতির জন্য গভীর গবেষণা পূর্ণ বাক্যে সভ্যবৃন্দকে উৎসাহিত করেন। শেষে তিনি এই সমিতির প্রধান পৃষ্ঠপোষক, বৌদ্ধ সমাজের উজ্জ্বল রত্ন জ্ঞানরত্ন কবিরাজ ৺গুণালঙ্কার মহাস্থবিরের ইহধাম পরিত্যাগের জন্য গভীর শোক প্রকাশ করেন ও ভগবানের নিকট তাঁহার পারলৌকিক মঙ্গল কামনা করিবার জন্য সভ্যবৃন্দকে অনুরোধ করেন।

সভাপতির অভিভাষণ।—সমবেত সভ্যমণ্ডলী! অদ্য আমাদের যুগপৎ আনন্দের দিন। কারণ অদ্য আমাদের আষাঢ়ী পূর্ণিমোৎসব ও সমিতির একাদশ বার্ষিক অধিবেশন। সমিতির গত কার্য্যাবলীর প্রতি জ্ঞান দৃষ্টি নিক্ষেপ করিলে দেখা যায়, এই ক্ষুদ্র সমিতি বৃহৎ ও ক্ষুদ্র অনেক জাতির কার্য্যে অংশ বিশেষ সহায়তা করিয়া, বৌদ্ধ সমাজের হিতসাধন করিয়া আসিতেছে। ইহা এই ক্ষুদ্র সমিতির একতারই বল। চট্টগ্রাম সহরের অনাথ বাজার বিহারে সংলগ্ন পান্থশালাই তাহার উজ্জ্বল প্রমান। কিন্তু বর্ত্তমান সময় আর্থিক অবস্থা শোচনীয়। ভবিষ্যত আর্থিক বলে সমিতিকে বলীয়ান করিতে হইলে সমিতির

সংস্কার বাঞ্ছনীয়। অতএব আমি আপনাদের উৎসাহ ও অধ্যবসায় দেখিয়া বড়ই প্রীত হইলাম। আশা করি, সুদুর ভবিষ্যতের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া আরও একতা বলে বলীয়ান হইয়া, সমাজের উন্নতি বিধান করিবেন।

অতঃপর শ্রীযুক্ত বাবু চিন্তারাজ বড়ুয়া পঞ্চশীল আবৃত্তি করতঃ তাহার মাহাত্ম্য করেন। পরে মঙ্গল সূত্র আবৃত্ত হয়। অতিশয় আনন্দের সহিত প্রকাশ করিতেছি যে, শ্রীযুক্ত বাবু মেঘরাজ বড়ুয়া, শ্রীযুক্ত বাবু অপর্ণ বড়ুয়া, শ্রীযুক্ত বাবু হরিরাজ চৌধুরী প্রভৃতি মহাত্মাগণের যত্নে ও অকাতর পরিশ্রমে সভার কার্য্য সুচারুরূপে সম্পন্ন হইয়াছিল, এবং পরিপাটীরূপে জলযোগ হইয়াছিল।

বলা বাহুল্য যে সহকারী-সভাপতি মহাশয় নিজ মন্তব্য প্রকাশের সঙ্গে, প্রত্যেক রচয়িতা ও বক্তাকে রচনা ও বক্তৃতার সারাংশ উল্লেখ করিয়া তাঁহাদিগকে ধন্যবাদ প্রদান করেন।

সংশোধন।—পরে সমিতির নূতন মেম্বার গ্রহণ ও সহকারী সম্পাদক নিয়োগ ও নূতন নিয়মাবলী প্রবর্ত্তন করা হয়।

Vice regal Ladge এর শ্রীযুক্ত লতিক মিস্ত্রি ও শ্রীযুক্ত হিরালাল দে প্রভৃতি অন্যান্য বৎসরের ন্যায় এই বৎসরও কনসার্ট পার্টী সহ সভায় যোগদান করিয়া বাধিত করিয়াছিলেন। রাত্রি ৫ ঘটিকার সময় সভা ভঙ্গ হয়।

(স্বাক্ষর) শ্রীরামচরণ তালুকদার,
সম্পাদক
শিমলা শাখাসমিতি।

বৌদ্ধ-ধর্ম্মাঙ্কুর সভার-শাখা

সিমলা শৈল সমিতি

(১৯০৬ খৃষ্টাব্দে স্থাপিত।)

একাদশ বার্ষিক অধিবেশন

আষাঢ়ী পূর্ণিমোৎসব

স্থায়ী-সভাপতি।—আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির।

সম্পাদক।—শ্রীযুক্ত বাবু রামচরণ তালুকদার সাং নাইখাইন।

সহকারী-সম্পাদক।—শ্রীযুক্ত বাবু কালীকুমার বড়ুয়া সাং কর্ত্তলা।

" শ্রীযুক্ত বাবু ধূর্জ্জটীরঞ্জন বড়ুয়া সাং রাউজান।

হিসাবরক্ষক।—শ্রীযুক্ত বাবু মেঘরাজ বড়ুয়া সাং রাউজান।

কার্য্যাধ্যক্ষ।—শ্রীযুক্ত বাবু জগতচন্দ্র বড়ুয়া সাং রাউজান।

" শ্রীযুক্ত বাবু অপর্ণকুমার বড়ুয়া সাং বিনাজুরী।

" শ্রীযুক্ত বাবু হরিশ্চন্দ্র চৌধুরী সাং পাঁচরিয়া।

" শ্রীযুক্ত বাবু রঘুনন্দ বড়ুয়া সাং পিঙ্গলা।

কার্য্যকরী সমিতির মেম্বরগণ।

শ্রীযুক্ত বাবু ক্ষিরোদচন্দ্র চৌধুরী সাং বেলখাইন।

" ক্ষেমেশচন্দ্র চৌধুরী সাং ঠেগরপুনি।

" ভাস্কর চন্দ্র বড়ুয়া সাং কর্ত্তালা।

" চিন্তারাজ বড়ুয়া সাং কর্ত্তালা।

আমাদের অবস্থান অস্থায়ী হেতু স্থায়ীভাবে মেম্বারগণের নাম প্রকাশিত হইল না। এতদ্ব্যতীত season এর সময় উপস্থিত বৌদ্ধমাত্রই সমিতির মেম্বার। প্রত্যেক মেম্বার সমিতির নিয়মানুযায়ী ১৲ এক টাকা ও ৷৷৹ আনা হিসাবে বার্ষিক চাঁদা দিয়া থাকেন।

বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভা

রাঁচি-শাখা

১৯১৭ইংরেজীর ২৯শে মার্চ্চ তারিখে ধর্ম্মাঙ্কুর সভার সহকারী- সভাপতি ৺গুণালঙ্কার মহাস্থবির মহোদয়ের স্মৃতি-সভা সুসম্পন্ন হইয়াছে। পরলোকগত মহাপুরুষের আত্মার উন্নতি কামনাই ইহার প্রধান উদ্দেশ্য ছিল। নিম্নলিখিত সভ্যগণ উক্ত শোক সভা উপলক্ষে চাঁদা দান করিয়াছেন :—

			টাকা।
শ্রীযুক্ত বাবু রামু রাম কণ্ট্রাক্টর			৬৲
„	পূর্ণচন্দ্র বড়ুয়া	সাং পিঙ্গলা	৫৲
„	বঙ্কুমার বড়ুয়া	„ লাখেরা	২৲
„	রাজকিশোর বড়ুয়া	„ করল	২৲
„	নবচন্দ্র বড়ুয়া	„ লাখেরা	১৲
„	ভুবনমোহন বড়ুয়া	„ করল	১৲
„	নিবারণ চন্দ্র বড়ুয়া	„ তালসরা	২৲
„	রূপচরণ বড়ুয়া	„ বেলখাইন	২৲
„	রমেশচন্দ্র বড়ুয়া	„ মুকুট নাইট	১৲
„	রাখাল চন্দ্র বড়ুয়া	„ উনাইনপুরা	১৲
„	প্রেমলাল বড়ুয়া	„ করল	॥০
„	কালীকুমার বড়ুয়া	„ উনাইনপুরা	॥০
„	চুন্নিলাল বড়ুয়া	„ কলিকাতা	॥০
„	নিশিকান্ত বড়ুয়া	„ উনাইনপুরা	॥০
„	মোহিনীরঞ্জন বড়ুয়া	„ উনাইনপুরা	॥০
„	বৈকুণ্ঠনাথ বড়ুয়া	„ পিঙ্গলা	॥০
„	তেজেন্দ্র লাল বড়ুয়া	„ তালসরা	॥০
„	কামিনীকুমার বড়ুয়া	„ লাখেরা	৵০
„	মহেশচন্দ্র বড়ুয়া	„ পোমরা	২৲
„	বরদা মোহন বড়ুয়া	„ পিঙ্গলা	১৲
„	বিশ্বনাথ চৌধুরী	„ ঐ	
„	সারদা চরণ বড়ুয়া	„	॥০
			৩১৵০
		এককালীন দান—	২০।৵০
		মোট—	৫১॥০

বৌদ্ধ ধর্ম্মাঙ্কুর সভা

রাঁচি শাখা

(মাঘী-পূর্ণিমা উপলক্ষে ১৯১৫ খৃষ্টাব্দে স্থাপিত।)

সভাপতি আচার্য্য—শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির
সম্পাদক—শ্রীযুক্ত নূতনচন্দ্র চৌধুরী সাং পিঙ্গলা চট্টগ্রাম।
সহকারী সম্পাদক—শ্রীযুক্ত রাখালচন্দ্র বড়ুয়া সাং উনাইনপুরা ঐ
তত্ত্বাবধায়ক—শ্রীযুক্ত বিশ্বনাথ চৌধুরী সাং পিঙ্গলা ঐ
কোষাধ্যক্ষ—শ্রীযুক্ত পূর্ণচন্দ্র বড়ুয়া ঐ পিঙ্গলা ঐ
একাউণ্টেণ্ট—শ্রীযুক্ত নিবারণ চন্দ্র বড়ুয়া ঐ তালসরা ঐ
সহকারী একাউণ্টেণ্ট—শ্রীযুক্ত রাজকিশোর বড়ুয়া সাং করল।

মেম্বরগণ

শ্রীযুক্ত রামুরাম কণ্ট্রাক্টার সাং রাঁচি।
" পূর্ণচন্দ্র বড়ুয়া সাং পিঙ্গলা।
" রাখালচন্দ্র বড়ুয়া সাং উনাইনপুরা।
" রাজকিশোর বড়ুয়া সাং করল।
" নবরাজ বড়ুয়া সাং ঐ।
" নিবারণ চন্দ্র বড়ুয়া সাং তালসরা।
শ্রীযুক্ত বাবু ভুবনমোহন বড়ুয়া সাং করল।
" রমেশ চন্দ্র বড়ুয়া সাং মুকরপাইঠ।
" প্রেমলাল বড়ুয়া সাং কর্ত্তালা।
" নূতনচন্দ্র চৌধুরী সাং পিঙ্গলা।
" প্রবীণচন্দ্র বড়ুয়া সাং কর্ত্তালা।
" রজনীকান্ত বড়ুয়া সাং উনাইনপুরা।

(স্বাক্ষর) শ্রীনূতনচন্দ্র বড়ুয়া,
সম্পাদক
রাঁচি শাখা-সমিতি।

হাইকোর্টের ভূতপূর্ব্ব সুযোগ্য বিচারপতি অনারেবল্ ডাক্তার স্যার্ শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় (Kt.) মহোদয়ের 'আশীর্ব্বাদ' ও বঙ্গের সেক্সপিয়ার্ নাট্যসম্রাট্ স্বর্গীয় ৺গিরীশচন্দ্র ঘোষ মহাশয়ের 'ভূমিকা' সম্বলিত "ভাব ও গাথা", "জ্ঞানাঞ্জন ১ম ভাগ", "জ্ঞানাঞ্জন ২য় ভাগ", "গুচ্ছ" প্রভৃতি গ্রন্থ-প্রণেতা ; ব্রিটিশ-রাজধানী লণ্ডন নগর-স্থিত গ্রেট্‌ব্রিটেন ও আয়র্লণ্ডের "রয়েল্ এসিয়াটীক্ সোসাইটী"র সদস্য ; বৌদ্ধ সমাজের একমাত্র মুখপত্র ও সমালোচন

—জগজ্জ্যোতিঃ-সম্পাদক—

শ্রীরমণীরঞ্জন সেনগুপ্ত বিদ্যাবিনোদ, M.R.A.S.

(Highly Patronised by the Hon'ble Director of Public Instruction, Bengal—Vide his Letter No. 11989 of 19th September, 1912.)

—বিরচিত—

স্তবক ও কোরক

(প্রথম সংস্করণ)

'বঙ্গীয় বৌদ্ধ ধর্ম্মাঙ্কুর সভার' স্থায়ী সভাপতি আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের অনুমত্যানুসারে ধর্ম্মাঙ্কুর সভার সহকারী সম্পাদক শ্রীঅনন্তকুমার বড়ুয়া এবং জগজ্জ্যোতিঃ-কার্য্যাধ্যক্ষ শ্রীঅন্নদাচরণ বড়ুয়া কর্ত্তৃক উক্ত সভার অন্তর্গত "গুণালঙ্কার লাইব্রেরী" হইতে প্রকাশিত।

১নং বুদ্ধিষ্ট টেম্পল লেন, কলিকাতা।

১৯১৭ ইংরেজী, ১৩২৪ সাল।

মূল্য — ৸৹ বার আনা।

মুখবন্ধ

কবিগণ স্ব স্ব মনের ভাব কবিতায় ফুটাইয়া প্রকাশ করেন। পূর্ব্বেই আমার "ভাব ও গাথা"য় প্রকাশ করিয়াছি যে আমি কবি নহি। হৃদয় ও মনের ভাষা কবিতায় ফুটাইয়া জগৎ-সমক্ষে আদর্শরূপে ধরিতে পারি, এমন কবিতা লিখিবার ক্ষমতা আমার নাই। তথাপি কাব্যগ্রন্থ পাঠ করা এবং হৃদয়ের ক্ষুদ্র ভাবটুকু ভাব ও ভাষাহীন নীরস ভাষায় প্রকাশ করা আমার বাল্যরোগ! কতিপয় বন্ধুবর্গের বিশেষ অনুরোধে আমার ভাব ও ভাষাহীন নীরস কবিতা সমূহের কয়েকটী "ভাব ও গাথা" রূপে সাজাইয়া সাহিত্যক্ষেত্রে উপস্থিত হইতে বাধ্য হই। তাহাতে কতদূর কৃতকার্য্য হইয়াছি, সহৃদ পাঠকপাঠিকাগণই ইহার বিশদ বিচার করিবেন!

বঙ্গীয় শিক্ষা বিভাগের সহৃদয় ডিরেক্টর মহোদয় অনুগ্রহ প্রকাশে তাঁহার ১৯১২ ইংরেজীর ১৯শে সেপ্টম্বের তারিখে ১১৯৮৯ নং পত্রানুযায়ী হাইকোর্টের ভূতপূর্ব্ব সুযোগ্য বিচারপতি অনারেবল্ ডাক্তার স্যার্ শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় (Kt.) মহোদয়ের 'আশীর্ব্বাদ' এবং বঙ্গের সেক্সপিয়ার্ নাট্যসম্রাট্ স্বর্গীয় ৺গিরীশচন্দ্র ঘোষ মহাশয়ের 'ভূমিকা' সম্বলিত মদীয় প্রথম পুস্তক "ভাব ও গাথা"র অনেকগুলি কফি ক্রয় করিয়া এবং কলিকাতা সংস্কৃত কলেজের প্রিন্সিপাল মহামহো-পাধ্যায় ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ M A., Ph. D.,

M.R.A.S. মহোদয়ের 'ভূমিকা' এবং বঙ্গের অন্যান্য সাহিত্য-রথিগণের অভিমত ও সমালোচনা সমন্বিত দ্বিতীয় ও তৃতীয় পুস্তকদ্বয় "জ্ঞানাঞ্জন—১ম ভাগ" ও "জ্ঞানাঞ্জন—২য় ভাগ" ঢাকা, চট্টগ্রাম ও রাজসাহী বিভাগের ৫ম ও ৬ষ্ঠ মান শ্রেণীর অন্যতম পাঠ্যরূপে নির্ব্বাচিত করিয়া (Vide Calcutta Gazette, 6th Dec., 1916) আমায় প্রভূত উৎসাহ ও সাহায্য প্রদান করায় বঙ্গের সুধীবর্গ ও সাহিত্যরথিগণের নিকট এই দীনের নগণ্য গ্রন্থগুলি সমাদৃত হইয়াছে জানিয়া বিশেষ উৎসাহ সহকারে কিছুদিন পূর্ব্বে আমার "স্তবক ও কোরক", "গুচ্ছ", "শ্মশানে" এবং "সচিত্র সশিষ্য রামকৃষ্ণ পরমহংস" নামক চারিখানি কবিতাগ্রন্থ যন্ত্রস্থ করি। কিন্তু কালের কুটীল চক্রে পৃথিবীব্যাপী মহাসমর-ব্যাপারে কাগজাদি দুষ্প্রাপ্য ও দুর্ম্মূল্য হওয়ায় উপরোক্ত যন্ত্রস্থ পুস্তকগুলি প্রকাশিত করা আমার পক্ষে অসম্ভবনীয় ব্যাপার হইয়া পড়ে! বহু আয়াসের ফলে স্তবক ও কোরক" মুদ্রাযন্ত্রের ভীষণ কবল হইতে উদ্ধার করিলাম। ইহাতে যথোপযুক্ত সাহায্য ও সহানুভূতি লাভ ঘটিলে, অন্যান্য পুস্তকগুলিও যত শীঘ্র সম্ভব প্রকাশিত করিবার বাসনা রহিল। বঙ্গীয় বৌদ্ধ ধর্ম্মাঙ্কুর সভার স্থায়ী সভাপতি কর্ম্মবীর ধর্ম্মপ্রাণ উদারহৃদয় আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির, সহযোগী সম্পাদক সদ্ধর্ম্মবাগীশ শ্রীমৎ আর্য্যালঙ্কার ভিক্ষু ও সহকারী সম্পাদক শ্রীযুক্ত অনন্তকুমার বড়ুয়া; ধর্ম্মাঙ্কুর বিহারের সহকারী বিহারাধ্যক্ষ শ্রীমৎ জিনালঙ্কার (কাজলকুমার)

ভিক্ষু; ডাক্তার শ্রীযুক্ত যুবরাজ বড়ুয়া; জগজ্জ্যোতিঃ-কার্য্যাধ্যক্ষ শ্রীযুক্ত অন্নদাচরণ বড়ুয়া; শ্রীযুক্ত অশ্বিনী কুমার বড়ুয়া এবং নিউ ব্রিটেনিয়া প্রেসের স্বত্বাধিকারী শ্রীযুক্ত ভূতনাথ মিত্র মহোদয় প্রমুখ মহাত্মাগণ স্বতঃই দয়াপরবশ হওতঃ আমায় উৎসাহিত ও সাহায্য না করিলে এ দুর্দ্দিনে "স্তবক ও কোরকের" উদ্ধার সাধন ঘটিত কিনা সন্দেহ! তাই তাঁহাদিগকে আমার এই ক্ষুদ্র হৃদয়ের প্রগাঢ় কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

"স্তবক ও কোরকের" বিষয়গুলি সুনির্ব্বাচিত করিয়া সুন্দররূপে সাজাইতে আমি বিশেষ প্রয়াস পাইয়াছি। গভীর কৃতজ্ঞতা সহকারে ইহাও স্বীকার করিতেছি যে কতিপয় বিশিষ্ট কবির ভাবালম্বনে "স্তবক ও কোরকের" কয়েকটী কবিতা রচিত হইয়াছে। 'কাঞ্চন' অপরের হইলেও তাহাকে পোড়াইয়া, পিটিয়া 'আপন ছাঁচে' গড়াইয়া লইতে চেষ্টার ক্রটী ঘটে নাই। সূক্ষ্মদর্শী ভাবুকগণের উপরই এই বিষয়ের বিশদ মীমাংসার ভার অর্পিত হইল।

পুস্তকের কলেবর আদির বিষয় চিন্তা করিয়া ইহার মুল্য ১৲ এক টাকা ধার্য্য করিতে সঙ্কল্প করিয়াছিলাম। কিন্তু যিনি আমায় অপত্যবৎ স্নেহ করেন;—যিনি আমার পরম হিতৈষী ও পৃষ্ঠপোষক;—যিনি স্বীয় অপরিসীম মহত্ত্ব ও উদারতায় আমার ন্যায় বিদ্যাবুদ্ধিহীন নগণ্য সংসারীকে "ধর্ম্মাঙ্কুর সভার কার্য্যকারী সমিতি"তে বঙ্গীয় বৌদ্ধ সমাজের একমাত্র মুখপত্র ও সমালোচন—"জগজ্জ্যোতিঃ"র সম্পাদক নির্ব্বাচন পূর্ব্বক কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস্ চেন্‌সেলার্ অনারেবল্ ডাক্তার শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী M A., L.L.D., C.I.E. মহোদয়ের

সভাপতিত্বে ভারত-সচিবের মন্ত্রণা-সভায় অধিষ্ঠিত অনারেবল্ শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ বসু মহোদয়ের 'অভিনন্দন-অধিবেশনে' বঙ্গীয় বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার পক্ষ হইতে পুষ্পমাল্য প্রদানে "জগজ্জ্যোতিঃ-সম্পাদক"রূপে বরণ করিয়া স্নেহ, উদারতা ও মহত্বের পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছেন ;—যিনি এই "স্তবক ও কোরক" প্রকাশকার্য্যের মূলে সম্পূর্ণরূপে নিহিত রহিয়াছেন বলিলেও অত্যুক্তি হয় না, সেই ধর্ম্মপ্রাণ উদারহৃদয় ঋষি-প্রবর আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়েরই অনুরোধে সর্ব্বসাধারণের সুবিধার্থ ইহার মূল্য ৸০ বার আনা এবং জগজ্জ্যোতিঃর গ্রাহক, ধর্ম্মাঙ্কুর সভার মেম্বর ও পৃষ্ঠ-পোষকগণের জন্য ৷০ আট আনা মূল্য স্থিরীকৃত হইল। বঙ্গসাহিত্যানুরাগী বন্ধুবর্গ ও সুধীগণের নিকট বিশেষতঃ 'জগজ্জ্যোতিঃ"র পাঠক-পাঠিকা, গ্রাহক-অনুগ্রাহক এবং "ধর্ম্মাঙ্কুর সভা"র মেম্বর ও পৃষ্ঠপোষকগণের নিকট ইহা আদৃত হইয়াছে জানিলে এই দীনের শ্রম সফল হইয়াছে মনে করিব।

উপসংহারে ইহা বলা বাহুল্য যে "জগজ্জ্যোতিঃ"র কার্য্য ও অন্যান্য বিষয়ে বিশেষ ব্যাপৃত থাকায় "স্তবক ও কোরকের" প্রুপাদি বিশেষরূপে সংশোধন করিবার অবসর আমার ঘটিয়া উঠে নাই। তাই অনেক ভ্রম প্রমাদ ও ত্রুটীর সম্ভাবনা! সহৃদয় পাঠক-পাঠিকাগণ অনুগ্রহপ্রকাশে এই ভ্রম প্রমাদ ও ত্রুটী নিজগুণে মার্জ্জনা করিবেন—ইহাই বিনীত অনুরোধ। ইতি—

"জগজ্জ্যোতিঃ-কার্য্যালয়"
১লা আশ্বিন, ১৩২৪ সাল।
১নং বুদ্ধিষ্ট টেম্পল লেন,
বহুবাজার, কলিকাতা।

শ্রীরমণীরঞ্জন বিদ্যাবিনোদ।

সূচিপত্র

জগদীশ!

তুমি প্রাণে আছ তাই— নিরাশায় আশা পাই,
অকূলেও কূল দেখি তুমি 'ধ্রুব-তারা' বলে ;
শোকেতে অশান্তি নাই, বিপদে অভয় পাই,
জীবনে মরণে শান্তি তোমারি চরণতলে।

স্তবক ও কোরক

প্রার্থনা

(১)

প্রভো !

এ জীবন কর মোর বসন্ত-শিশির-স্নাত
কুসুমেরি মত।
ঝরে যেন প্রেম-নীর চুমিয়া চরণ তব,—
দোলে অবিরত ॥
মলয় সুবাস বহি যায় যেন মাতাইয়ে
বিশ্ববাসিগণে।
পশি যেন দূরান্তরে মলয়ের সনে মিশি
নন্দন কাননে ॥

(২)

প্রভো !

এ জীবন কর মোর ওই স্রোতঃস্বিনী মত
আদর্শ-মহান।
কুলুকুলু নাদে যেন তোমার উদ্দেশে ধাই
গেয়ে তব গান॥
তব প্রতিচ্ছবি যেন গগন-মণ্ডল-সম
ভাসে স্বচ্ছ নীরে।
হেরি যেন নিরবধি তোমার পবিত্র ছবি
হৃদয়-মন্দিরে॥

(৩)

প্রভো !

এ জীবন কর মোর নির্ম্মল শশাঙ্ক-প্রায়
মহান-সুধীর।
দূর আকাশের গায় তব প্রেমে ভেসে যেন
ঝরে প্রেম-নীর॥
শুভ্র জোছনারাশি মোহিয়া বিশ্বেরে যেন
দেয়গো সান্ত্বনা।
ঘুচাইয়ে অনিবার শোকদুঃখ পরিতাপ
নাশিয়ে যাতনা॥

(৪)

প্রভো !

এ জীবন কর মোর ব্যোমবিহারীর মত
সরল স্বাধীন ।
শূন্যে উড়ে গাহি যেন তোমার পবিত্র নাম
করে ভ্রান্তি লীন ॥
শূন্যমার্গে উঠি তবু' নাহি ভুলি যেন কভু
বিশ্ব-প্রেম-রাশি ।
স্বরগের দেব যত শুনে মোর মিষ্ট গান
উঠে যেন হাসি ॥

জননী আমার

বাল্যকালে দুগ্ধ দানে কে মোর বাঁচাল প্রাণ ?
বাহু দোলাইয়া সদা কে করিত শান্তি দান ?
হাসিভরা মুখে সদা কে তুষিত দিয়ে চুম ?
'বাছা' ! 'বাছা' !! বলে সুখে কে মোরে পাড়া'ত ঘুম ?
——————জননী আমার।

নিদ্রা যবে না আসিত মম এ পোড়া আঁখিতে,
কে গাহিত গান সদা দীনেরে তুষিতে চিতে ?
কে মোরে দোলাত সদা মম ক্রন্দনের ভয়ে
সতৃষ্ণ নয়নে কেবা নিরখিত কাছে রহে ?
——————জননী আমার।

দোলনায় শুয়ে যবে সুখে যাইতাম ঘুম,
কে মোরে দোলাত সদা দিয়ে স্নেহমাখা চুম ?
নিরখিয়ে সদা মোরে কার হতো প্রেমাশ্রু বর্ষণ,
'বাছা' ! 'বাছা' !! বলে সুখে ডেকে মোরে অনুক্ষণ ?
——————জননী আমার।

দৌড়িবার কালে যবে পড়িতাম ভূমি'পরে
কে ধাইত কাছে মোর তিতি প্রেম-অশ্রু-নীরে ?
সান্ত্বনা দিবার আশে কে গাহিত সদা গান,
তুষিয়া সস্নেহে মোরে চুমে ঐ ক্ষতস্থান ?

——————জননী আমার ।

রোগযন্ত্রনায় যবে করিতাম ছট্‌ফট্
নিরখিত সদা মোরে কে রহিয়ে সন্নিকট ?
দারুণ রোগের দায়ে পাছে ঘটে মৃত্যু মোর
এই ভয়ে কার সদা ঝরিত নয়ন-লোর ?

——————জননী আমার ।

বিরত কি হতে পারি তাঁরে কভু পূজিবারে,
স্নেহভরে রক্ষিছেন সুখে দুঃখে যিনি মোরে,
মম তরে ভেবে ভেবে হইতেছে তনুক্ষীণ,
সস্নেহ মধুর বাক্যে তুষিছেন অনুদিন,

——————জননী আমার ।

নিয়ত পূজিব তাঁরে সঁপে মোর প্রাণমন
সুখে দুঃখে সদা তাঁর না ছাড়িব শ্রীচরণ।
দয়া করে অয়ি দেবি! এ দীনের পুরাও বাসনা,
অন্যথা কিছুতে প্রাণে হবে না সান্ত্বনা,
——————জননী আমার।

কোটীকল্প ধ্যান করি রাজীব চরণ ওই
মাতৃস্নেহ সমতুল হায়রে তা' হবে কই?
স্নেহময়ী বিশ্বমাতা মাতৃরূপে ধরাতলে
প্রেমশিক্ষা দিতেছেন স্থান দিয়ে ওই কোলে,
——————জননী আমার।

এস মাগো! এস, এস, প্রণমি ওপদে আজ
সার্থক মানব-জন্ম করিতে এ বিশ্ব-মাঝ
স্মরিতে স্মরিতে তব শান্তিময় শ্রীচরণ,
হয় যেন অভাগার এ জীবন সমাপন,
——————জননী আমার।

জন্মভূমি

হে মোর স্বদেশ! তোরে কৃতাঞ্জলি পুটে
নমি বার বার। তুইরে মা! প্রকৃতির
লীলা-নিকেতন,—বসন্তের কান্ত হাস্য
শরতের প্রফুল্ল জোছনা,—অবিরত
তমোময় নিশাকালে, বিদূরিয়া ধ্বান্ত
নিজবলে, করে সমধিক কান্তিময়
তোমার সুঠাম দেহ। হে বরেণ্যে পুণ্যময়ি!
তোমার দর্শনে, ধন্য মানি এ জীবন।
তোমার নিকুঞ্জে অয়ি মাতঃ! গুঞ্জে
সদা অলিকুল; কত ললিত ঝঙ্কারে
কোকিলা কুহরে পাপিয়া ধরিছে তান।
বসন্তের সমাগমে তরুরাজি সব
শুষ্ক পত্র ত্যজে, পুনঃ হয় পল্লবিত!
ভুবনমোহিনী প্রকৃতি সুন্দরী সেজে
কত নব সাজে, ভুলায় মানব-মন
কত নব ভাবে। পিকবধু রবে কুল-
বধূ সবে, হয় প্রাণে সদা উচাটন;—

কি জানি কি ভাবে হয়ে বিমোহিত, ভুলে
যায় তারা আপনার জ্ঞান। উদাসের
মত চেয়ে রয় কভু সুনীল গগন
পানে ; কভুবা আশ্বাসে প্রবোধিয়া কত
বুঝায় আপন প্রাণে,—মাতা যথা সুতে।

কিবা ছার সেই নন্দন-কানন,—বাসে
দেবগণ সদা যথা ;—কিবা ছার সেই
বৈকুণ্ঠের ধাম,—স্বরগের সুখাগার।
নাহিক তুলনা,—অতুলন এ ভারত-
ভূমি। পতিব্রতা সীতা সাবিত্রীর মত
কত সাধ্বী জন্ম লভে করে পুণ্যময়
দেব-বাঞ্ছনীয় স্থান, নাহিক গণনা
নাহিক তুলনা! বীর প্রসবিনী এই
ভারত-ভূমিতে লভেছিল জন্ম কত
বীরগণ, যথা লভে জন্ম গিয়াছেন
চলে, রেখে কীর্ত্তিধ্বজা—বীরের জননী
বীরপ্রসবিনী নামে। * * * *

তব রঙ্গমঞ্চে কত বীরবর হাসি,
গাহি, নাচি, ভ্রমি আবেশের বশে, চলে

যায় পুনঃ নিজ নিকেতনে, রেখে এই
বিশ্বমাঝে কীর্ত্তিগাথা, যাহা লোক-মুখে
যুগযুগান্তর হইয়ে ধ্বনিত, করে
নশ্বর মানবে, অমর নামের যোগ্য।
অয়ি দেবী মাতঃ! ভুবনমোহিনি! তুমি
দেবের আরাধ্যা ভূমি! তোমার বক্ষেতে
পুণ্যতোয়া কত বহিতেছে অবিরাম,—
গঙ্গা, ব্রহ্মপুত্র, সিন্ধু, যমুনা বহিয়া
করিছে পূত এ ভারত-ভূমি,—যাহার
পবিত্র সলিলে স্নান করে নর, করে
দূর শোক-দুঃখ-পাপতাপ। বিংশতি
কোটী তীর্থক্ষেত্র আছে যাহে বিরাজিত
সদা ; দর্শনে তাহার ত'রে পাপিগণ
হয়ে সাধু ইথে,—অন্তিমেতে স্বর্গগামী!
পুণ্য স্রোতস্বিনী ধীর প্রবাহিণী কল
কল রবে বহিছে অদূরে ভাগীরথী
ওই, যাহার পুলিনে আরামের আশে
বাস করে সদা কত সাধু যোগিগণ।
বসি যোগাসনে, হরষিত মনে দীর্ঘ

যোগে তারা সদা নিমগন! নাহি কম্প
তাহে,—অচল, অটল, স্থির, গিরিশ্রেষ্ঠ
ওই হিমাদ্রির মত। এই দৃশ্য হেরে
কাহার না মন হয় ধর্ম্মময়? হেসে
কত সাধুগণ ধর্ম্মের লাগিয়ে করে আত্ম-
বিসর্জ্জন, নাহি বিন্দুমাত্র ভয় ইথে
বন্ধনে দাহনে! * * *

পরিণামে কত পথ-ভ্রান্ত পান্থজন
ধ্রুব-তারা সম সদা লক্ষ্য করে সেই কীর্ত্তি-
ধ্বজা, চলে যায় তমোময় ভবিষ্যের
পানে, অনুমাত্র না চিন্তিয়া অতীতের
স্মৃতি এই ক্ষোভ-দুঃখ-সঙ্কুলিত ভবে।
* * * অয়ি দেবি! ঘৃণ্য আমি,
তুচ্ছ,—অতি ক্ষুদ্র হই;—নাহি মোর
ধর্ম্মাধর্ম্ম-জ্ঞান, পাপকার্য্যে পাপপথে
মতি মোর সদা; তবু ইচ্ছি তোমা সেবি
কায়মনোপ্রাণে,—ক'রে স্বার্থ বলিদান
তব পূত স্বার্থে—জীবনের কুরুক্ষেত্রে।

১৯১১ ইংরেজীর ১২ই ডিসেম্বর তারিখে
ভারত-সম্রাট-সম্রাজ্ঞীর শুভ আগমনে

ভারতের অপূর্ব্ব সৌভাগ্য

আজি কেন সুসজ্জিত নগর-নগরী ?—
শত ধ্বজা উড়িতেছে প্রতি গৃহ-চূড়ে,
ধ্বনিছে মঙ্গলবাদ্য প্রতি ঘরে ঘরে ;
কি সুন্দর সাজিয়াছে প্রকৃতি-সুন্দরী !

আর্য্যের আবাস-ভূমি এই ভারতের
বালবৃদ্ধ সবে কেন এত উচাটন ?—
উৎফুল্ল কেন আজি সবাকার মন ?
হৃদয়ের কি উল্লাসে আনন্দ তাদের ?

ছুটাছুটি করে সবে উৎসব-কৌতুকে,
কারো মুখে নাহি আজি নিরানন্দরাশি,
সবাকার মুখে শোভে আনন্দের হাসি,—
বিন্দুমাত্র নাহি দুঃখ আজি কারো বুকে !

সুমধুর নৃত্যগীতে প্রকৃতি বিভোরা ;
আঁকিয়ে মানসপটে পূর্ব্বস্মৃতি কথা,
গাহে সবে ভারতের যশকীর্ত্তিগাথা ;
নরনারী সকলেই যেন আত্মহারা।

বালবৃদ্ধ নরনারী উৎফুল্ল অন্তরে,
ধাইছে উধাও প্রাণে দেখিতে সম্রাটে ;—
সম্রাটের দরশন ভারত-ললাটে,
ঘটে নাই সার্দ্ধশত বৎসরেক তরে।

সহিয়ে প্রভূত ক্লেশ হতে বহুদূর,
আসিছেন এভারতে রাজারাণী আজি,
তাঁহাদের দরশনে দুঃখ-দৈন্য-রাজি
যাবে ঘুচে,—প্রফুল্লিত হইবে অন্তর !

আসিছেন আজি ওই মোদের জননী,
তুষিবারে স্নেহগুণে আমা সবাকারে,
মূর্ত্তিমতি দেবীরূপে হৃদয়-মাঝারে,
থাকিবেন বিরাজিতা দিবস-যামিনী।

স্নেহপূর্ণ হৃদি তাঁর করুণা আধার,—
উন্মুক্ত আশীষ সদা মোদের উপর,
মোদের দুঃখেতে দুঃখ তাঁর নিরন্তর
তাই আজি আসিছেন, হতে বহুদূর।

এস, মা! মূরতিময়ি! মঙ্গলদায়িনি!
ভকতের হৃদি-পদ্মে লওগো আসন;
পূজিব কি দিয়ে তোমা, মোরা অভাজন?
লও অর্ঘ্য নিজগুণে, করুণাদায়িনি।

পিতৃরূপী সম্রাটের কি দিব বর্ণন?
সুদূর ইংলণ্ড হতে আসিছেন হেথা,
বিদূরিতে সন্তানের দুঃখরাজি ব্যথা
শত শত নদনদী করিয়ে লঙ্ঘন।

ইংলণ্ডের সিংহাসন হতে ভারতের
দুঃখ দৈন্য শুনিতেন সদা দুঃখ-চিতে,
তাই আজি আসিছেন মহিষীর সাথে
দেখিবারে স্বচক্ষেতে কি দশা মোদের!

এস, পিতঃ! এস, দেব! জননীর সনে
তোমাদের আর্য্যভূমি—ভারত-সদনে,
লও পূজা, ভক্তি-অর্ঘ্য সেই নিকেতনে,
দুঃখ-দৈন্য নিবারহ চুম্বিয়ে সঘনে।

মোরা দীনজন আছে কি স্মরণ তব?—
কি দিয়ে পূজিব দেব! ও রাঙ্গা চরণ?—
ভকতি-কুসুমে মাল্য রচে সযতনে,
পূজিতে বাসনা হয় ঐদেব চরণ!

কে কোথায় আছ আজি ভারত-সন্তান,
ভক্তিভরে পূজ সবে তাঁহাদেরে চিতে;
যত্নে লও আশীর্ব্বাদ আজি মাথা পেতে,
নিমেষে ঘুচিবে দৈন্য,—পেয়ে যাবে ত্রাণ!

শাস্ত্রমতে রাজা হন দেবতা বিশেষ,
ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষ সব একাধারে
সুশোভিত আছে তাঁর হৃদয়-মাঝারে,
তাই তাঁরে নরনারী পূজিছে অশেষ!

ভারতী

(গান)

(স্বর্গীয় ডি, এল্‌, রায়ের "ভারতবর্ষে"র সুরে)

সুরভি-দৃপ্ত সুশীম অন্তে পাপিয়া কোকিল

গাহিছে গান।

দুলিছে বল্লী উল্লাস-ভরে গুঞ্জরি ভ্রমর

মোহিছে প্রাণ ॥

ললিত রাগিনী উঠিছে ধ্বনিয়া, মুকুল কুসুম

পরিয়ে সাজ।

তরুণ অরুণে হাসে উষারাণী গোলাপি ছটায়

ধরারি মাঝ ॥

জননীর পুত্র-স্নেহের সূত্রে পড়েছে আজিকে

বিষম টান।

হরিতে ভারতী আসিছে ছুটীয়া জুড়াতে সবার

বিদগ্ধ প্রাণ ॥

আকুল-কুন্তলা লুণ্ঠিত-অঞ্চলা দুয়ারে দাঁড়ায়ে

উন্মাদিনী।

কাঁদে অধোমুখে ফুকারি ফুকারি হারায়ে অঞ্চল-

রতন মণি ॥

বাল্মীকি ব্যাস হেম কালিদাস বঙ্কিম নবীন
সন্তানগণ।
ঘুমিয়ে অঙ্ক গেছে একে একে কাঁদায়ে মাতায়,—
বিশ্বজন॥
আয়! ওরে আয়!! কে আছ কোথায় চরণ-ধূলি
লুটিয়ে নে'।
সন্তান-তরে দুঃখিনী জননী পাগলিনী প্রায়
এয়েছে গেহে॥
মানস-লুব্ধ হৃদয়-সেতারে মাতৃনাম-তান
বাজাও আজি।
এমন সুদিন মিলিবে না আর বারেক হারালে
চরণরাজি।
চরণ তলে স্মরণ নিতেছি, হে মাতঃ! অনাথ
সন্তানগণ।
দাওগো চরণ ধন্য হোক আজি দীন হীনদের
ক্ষণিক জীবন॥

কবি ও কবিতা

কবিতা ভৌতিকবিদ্যা, কবি যাদুকর।
উভয়েরি মোহ বেশ মনোমুগ্ধকর॥
হরিতেছে মানবের চিত্ত সদা ছলে!
দুর্ল্লভ কবিতা-কলা এই ধরাতলে॥

কল্পনা মধুর ভাণ্ড, কবিতা মৌচাক।
কবিগণ ভেঙ্গে মধু, করিছে অবাক!!
জগতের লোক সবে হেরিয়ে স্তম্ভিত।
স্রষ্টার মহিমা গায়, পুলকিত চিত॥

কল্পনা প্রেমের খনি, কাব্য প্রেমনিধি।
কবিগণে প্রদানিছে দয়াময় বিধি॥
ভাগ্যবান কবিগণে সেই নিধি লভে।
ঢালিতেছে বিশ্ব-প্রেম মজাইয়া সবে॥

কল্পনা যুবতী সতী, কবি নাথ তার।
সতত চুমিয়া করে সোহাগ বিস্তার॥
কাব্য প্রেমে মাতোয়ারা কবিতা-সুন্দরী।
হরিতেছে কবি-প্রাণ আহা মরি! মরি!!

কল্পনা জোছনা আর কবি শশধর।
কবিতা-কিরণ তার অতি মনোহর ॥
নিজ-গুণে বিদূরিয়ে ধ্বান্ত নিজ-বলে।
আনিতেছে নব শোভা এমহীমণ্ডলে ॥

কল্পনা বসন্ত রাণী কবিতা কুসুম।
কবিগণ পরে' মালা দেয় তারে চুম ॥
কাব্য পিকবধূ আর প্রভাত-সমীর।
প্রকৃতিরে চুমাইয়া মুছে আঁখি-নীর ॥

কবি জলধর আর কাব্য বারিরাশি।
জলধর বর্ষে জল মহিমা প্রকাশি ॥
মানব-চাতক সবে বারি-সুধা লভে।
বাখানিছে কবিগণে সদা এই ভবে ॥

কল্পনা স্বরগভূমি,—নন্দন কানন।
কাব্য-পারিজাত তথা অতি সুশোভন ॥
কবীন্দ্র কবিতাপতি স্বর্গ-অধীশ্বর।
যশামৃত পান করে হয়েছে অমর !!

স্বর্গীয় গিরীশচন্দ্র

(বঙ্গের সেক্সপিয়ার নাট্যসম্রাট স্বর্গীয় ৺গিরীশচন্দ্র ঘোষ
মহাশয়ের স্মৃতিতে রচিত)

বঙ্গ-রঙ্গ-মঞ্চ-রথি নাট্যকাব্য-অধিপতি
কবি-ঋষি হে গিরীশচন্দ্র !
নাট্যে কাব্যে উপেক্ষিয়ে সৈম্যমন্ত্রে দীক্ষা নিয়ে
কাঁপাইছ কেন বিশ্ব-মন্দ্র ?

রঙ্গ-মঞ্চে অশ্রুধার কাব্য-রাজ্যে হাহাকার
হাহাকার আজি বিশ্ব জুড়ে !
পাপিয়া দয়েল পাখী তব শোক হৃদে মাখি
শাখে বসি বিলাপিছে সুরে ॥

অবোধ অনিল হায় ! বিরহ শোকের দায়
বিলাপিছে রহিয়া রহিয়া ।
হেথা সেথা ঘুরে মরে পাগলের মত করে,—
সবে যায় নমিয়া চুমিয়া ॥

বকুল আকুল শোকে সশ্বনে বুঝায় দুঃখে
পুষ্প অশ্রু ঝরিতেছে কত।
চামেলি সেফালি বালা না পারে সহিতে জ্বালা,—
ছড়াইছে অলঙ্কার যত ॥

তোমারি মাধুরী চেয়ে তব প্রেম বুকে নিয়ে
ছিল তা'রা অতি মধুময়।
ত্যজিছ তাদেরে সবে তাই তারা কাঁদে এবে
—শোকে বিশ্ব অবসাদময় ॥

যেথায় যেতেছ আজি মোরা সবে পরিত্যজি
চিরমধু বিরাজে সেথায়।
কাঁদেনা সেথায় কেউ খেলিছে প্রেমের ঢেউ
নিরানন্দ কোথা সেথা হায় !!

তুচ্ছ স্বার্থ হিংসা দ্বেষ নাহিক সেথায় লেশ,—
নহে তাহা কভু কলুষিত।
এ বিশ্বের অভিমান ছোট বড় ভেদ জ্ঞান
সেই রাজ্যে নহে পরিচিত ॥

স্থপবিত্র নট নটী সেথা করে ছুটাছুটী
নাচে গাহে আপনার তানে।
অপ্সরা দেবের বালা স্বরগের নাট্যশাল
উজলিয়া শোভিছে বিমানে॥

তাই বুঝি দেব! তুমি ছেড়ে এই রঙ্গভুমি
যাইতেছ সেই দূর দেশে।
রঙ্গমঞ্চে হতে রথি নাট্য-কাব্য-অধিপতি,—
পূত রঙ্গ করিতে হরষে॥

কালীদাস বিদ্যাপতি বাল্মীকি ভবভূতি
মধু হেম ঈশ্বর নবীন।
বঙ্কিমাদি কবি যেথা তুমিও শোভিবে তথা
বিরচিয়ে কাব্য চিরদিন॥

নমস্ত উপাস্ত তুমি তাই, কবি! তোমা নমি,
আশীর্ব্বাদ করো' সেথা হতে।
—যেন তোমাদের মত রচে' 'কাব্যহার' শত
ত্যজি বিশ্বে স্বর্গ-সুখ পেতে॥

দিয়েছিলে হাতে খড়ি তাই তোমা দেব ! স্মরি
কবিগুরু দীক্ষাগুরু ভেবে ।
গুরু-ভক্তি নিদর্শন কি দিবগো মহাত্মন ?
—ঝরে, "অশ্রু" সদা 'কাব্য' সেবে ॥

দেবদূত

(অমরকবি স্বর্গীয় নবীনচন্দ্র সেন মহোদয়ের স্মরণানুস্মৃতিতে)

মাখিয়ে সুষমা গায়   মাঝে মাঝে এ ধরায়
এসে থাকে স্বরগের দূত।
বিধির আশীষ নিয়ে   মর্ত্ত্যভূমি আলোকিয়ে
বিলাইতে ঈশ প্রেম-পূত॥

নন্দনের সুসৌরভ   ছড়াইয়ে অভিনব
কবিতার সুস্নিগ্ধ সুবাসে।
মাতাইয়ে বিশ্ব-প্রাণে   সঙ্গীত-লহরী-তানে
বিধাতার মহিমা প্রকাশে॥

বিশ্বেরে সান্ত্বনা দিয়া   শোক-দুঃখ-দগ্ধ হিয়া
করে শান্ত উজ্জ্বল মহান।
'জ্ঞানাঞ্জনে' দ্রুত নাশি   অজ্ঞান-তমসারাশি
কর্ত্তব্যেতে করে আগুয়ান॥

ভাঙ্গিয়ে বিশ্বের ঘুম প্রেম-ভরে দিয়ে চুম
দেবদূত নিমেষে পলায়।
'চট্টল-জননী' তারে সাজাইয়ে স্নেহ-হারে
নিজকোলে টেনে নিয়ে যায়॥

সাধিয়ে বিধির কাজ বিরাজিয়ে ধরামাঝ
দেবরূপে সদা কুতূহলে।
মাতার আহ্বান ধ্বনি 'নবীন' বারেক শুনি
চলে ধায় ভাসি প্রেমজলে॥

নববর্ষ

(গান)

(১)

অলস-নিমগ্ন বরষের শেষে, বৈশাখী প্রভাত
সমীর ধীর।
এনেছে মহীতে নবীন বারতা নব আগমন
প্রকৃতির॥

প্রকৃতি-সুন্দরী মোহিছে সবায় পত্রপুষ্পফল
পরিয়ে সাজ।
তরুরাজি সব উৎসব-কৌতুকে আনন্দে লুটায়
জগত-মাঝ॥

এসগো, এসগো, নবীন বরষ! বন্দিগো তোমায়
নমিয়ে শির।
আঁখি-বারি দিয়া ধোয়াবো চরণ, জানাবো বেদনা
দুঃখ গভীর॥

(২)

যেই দেশে আবাল-বৃদ্ধ-বণিতা নবীন বরষে
মধুর তানে।
গাহিত ধ্বনিয়া কীর্ত্তি যশগাথা মাতায়ে বিপুল
বিশ্ব-প্রাণে ॥

যেই দেশে মধুর আনন্দ-ধ্বনিতে নিখিল বসুধা
ফাটিয়ে যায়।
আনন্দেরই দ্বার রুদ্ধ সেথায় কত দীন দুঃখী
কাঁদে ক্ষুধায় ॥

এসগো, এসগো, নবীন বরষ! বন্দিগো তোমায়
নমিয়ে শির।
আঁখি-বারি দিয়া ধোয়াবো চরণ, জানাবো বেদনা
দুঃখ গভীর ॥

(৩)

সুখ আজি ওই দুর্ভিক্ষ-পীড়নে আকুল হইয়ে
পলা'য়ে রয়।
দুর্ভিক্ষ সবার শিওরে দাঁড়ায়ে ভীষণ করালে
ভ্রূকুটীময় !!

এস, এস, এস, বরষ! হায়ন! লইয়ে তোমার
নবীন বেশ।
ঘুচাতে যাতনা দুঃখ দৈন্য শোক, ভাসাতে শান্তি-
সাগরে দেশ॥

এসগো, এসগো, নবীন বরষ! বন্দিগো তোমায়
নমিয়ে শির।
আঁখি-বারি দিয়া ধোয়াবো চরণ, জানাবো বেদনা
দুঃখ গভীর॥

নববর্ষ

(২)

নব বেশে নব রসে,
এসেছে নব বর্ষ।
সাথে করে নব সুধা
পুলক নব হর্ষ ॥
নব গীতি নব প্রীতি
নব সোহাগ আর।
বিতরিছে নব প্রাণে,
আজিকে চারি ধার ॥
নব বিশ্ব নব দৃশ্য
কতই চমৎকার!
বসুধাটী পরিপাটী
শোভারই আধার ॥
নব ভূষা নব উষা
পরিয়ে তাড়াতাড়ি।
পূর্ব্বাকাশে যাচ্ছে হেসে
অতীত-স্মৃতি ছাড়ি ॥

নব শাখী নব পাখী
মাতিয়ে নব তানে।
নববর্ষে আহ্বানিছে
আজিকে ফুল্ল প্রাণে॥
নব পাখী ডাকা ডাকি
করিছে নব ডালে।
নব শাখী প্রেমে ডুবে
অর্ঘ্য দিচ্ছে ফুলে॥
নব বায়ু পরমায়ু
পেয়ে নব বর্ষে।
ছড়াইছে গন্ধ-ধূপ
মাতিয়ে নব হর্ষে॥
নব ধুনী তরঙ্গিণী
নব হিল্লোলে দুলে।
দিচ্ছে অর্ঘ্য বীচি-মালা
নব বরষে খুলে॥
নব জাত শিশু স্নাত
করুণা-প্রেম-নীরে।
হাসছে কত নবোল্লাসে
জড়ায়ে জননীরে॥

নবোল্লাসে নব আশে
মাতিছে সবে আজি।
হাসে যেন বসুন্ধরা
নব ভাবেই সাজি ॥
নবোত্তম অনুপম
জাগিছে সর্ব্বপ্রাণে।
পুরাতনে ফেলে দূরে
অভিনবেই টানে ॥
নব আস্যে নব হাস্যে
জগত মাতোয়ারা।
কার প্রাণ এই দৃশ্যে
হয় না আত্মহারা?

আমার বাসনা

আমার বাসনা শুধু—
ঐ (ফুল্ল) কুসুমেরই মত
পূত সৌরভ ছড়া'তে।
আমার বাসনা শুধু—
সাধিয়ে জীবন-ব্রত
নিভৃতে ঝড়িয়া যেতে॥

আমার বাসনা শুধু—
আপন অস্তিত্ব ভুলে,
অনন্তেরি পানে ছুটা।
আমার বাসনা শুধু—
শুভ্র-জোছনার মত
আনন্দে ধরণী লুটা॥

আমার বাসনা শুধু—
ওই অভ্র-পথ সম
হই, অনন্ত উদার।
আমার বাসনা শুধু—
পুণ্য-প্রেম-সত্যে মজি,—
ঝড়ে পূত অশ্রুধার॥

আমার বাসনা শুধু—
জুড়াবারে ধরাবক্ষ
স্নিগ্ধ সলিলের মত।
আমার বাসনা শুধু—
ব্যথিতের মুছি অশ্রু,
সেবি তারে অবিরত॥

আমার বাসনা শুধু—
আপনারে উৎসর্গিয়ে,
সাধি বিধাতার কাজ।
আমার বাসনা শুধু—
যখন তাঁহারে খুঁজি,
হেরি যেন (মম) হৃদিমাঝ॥

তুমি ও আমি

তুমি—শোভার অতুল বসন্তের ফুল
ফুটিলে এ বিশ্ব মোহিয়া।
আমি—পূত প্রেমভরে মধুপান করে
যাইব তোমার চুমিয়া॥ (১)

তুমি—কোকিল কুজনে ভ্রমর-গুঞ্জনে
সুস্বরে উঠিলে গাহিয়া।
আমি—ঢালি ক্ষুদ্র প্রাণ শুনি তব গান
আনন্দে উঠিব মাতিয়া॥ (২)

তুমি—প্রভাত-তপনে মোহিয়া ভুবনে
উঠিলে এ বিশ্ব জুড়িয়া।
আমি—প্রকৃতির পটে তোমায় নিকটে
হেরিব মানস পূরিয়া॥ (৩)

তুমি—সন্ধ্যা-তারা হয়ে মিটি মিটি চেয়ে
জ্বলিলে আকাশ ছাইয়া।
আমি—শ্যামল শয্যায় শুইয়া তোমায়
প্রাণ ভরে নিবো চাহিয়া॥ (৪)

তুমি—শারদগগনে পূর্ণশশী সনে
সমীরে উঠিলে হাসিয়া।
আমি—সুধার আধারে জীবনের সারে
হেরিব কালিমা নাশিয়া॥ (৫)

তুমি—প্রেমের বাহারে এহৃদি-সেতারে
লহরে উঠিলে বাজিয়া।
আমি—জীবনে মরণে স্বপ্নে জাগরণে
রবো তুমিময় হইয়া॥ (৬)

বিভুর প্রতি

হে বিভো! করুণাময়! বিশ্বের জীবন
তোমারি মহিমাগুণে বিচিত্র বসুধা,—
পশুপক্ষী মানবাদি জীবজন্তুগণ,
বাঁচিয়ে রয়েছে, পিয়ে তব প্রেম-সুধা।

স্থাবর-জঙ্গম-আদি বিশ্ব চরাচর,
কি কৌশলে নির্ম্মিয়াছ, কর্ম্মি সুনিপুণ!
কীর্ত্তিরূপে বিরাজিত সাগর ভূধর,—
কার সাধ্য বর্ণিবারে তব কীর্ত্তি-গুণ?

নদীর কল্লোলে, কোকিল-পাপিয়া-তানে,
জনক-জননী-স্নেহে, দাম্পত্য-মিলনে,
কোমল শিশুর কণ্ঠে, তব গুণগানে
সৃজিয়াছ কত শান্তি অতি সযতনে!

ক্লান্ত শ্রান্ত হয়ে যবে দেব দিনমণি,
অস্তাচল-শিরে যায় লভিতে বিরাম,
গোধূলি সখীর সাথে যামিনী তখনি,
আলিঙ্গন করে দেবে চুমি অবিরাম।

প্রেয়সীর চুমা খেয়ে ভাস্কর সুন্দর,
প্রেমমোহে অন্ধকার বিকীরণ করে,
বিলাইয়ে আপনার বিশাল অন্তর,
রজনীর বুকে থাকে, দীর্ঘকাল ধরে।

উষাদেবী হেসে হেসে সহচরী সাথে,
গগন-প্রাঙ্গণে যবে হন উপনীত,
সলজ্জিতা সর্ব্বরীরে রাখিয়ে পশ্চাতে,
তাড়াতাড়ি দিননাথ হয়েন উদিত।

ধীরে ধীরে সুহাসিনী প্রকৃতি-সুন্দরী,
বসন্ত-প্রভাতে যবে দেয় দরশন,
ফুটাইয়ে নবরাগ—ছুটা'য়ে মাধুরী,—
কি মহিমা প্রকাশহ হে প্রভো! তখন!

তব কীর্ত্তি গাহিবারে হেন সাধ্য কার?—
বিফল প্রয়াস তাহে, বিফল প্রয়াস;
হে বিভো! করুণাময়! সর্ব্ব মূলাধার!
ওচরণে দিও স্থান পূর্ণি অভিলাষ।

নির্ভরতা

কি ভয় আমার স্বামি ?—আছই ত অনুগামী,
—রহিয়ে নিকটে সদা অতি সন্তর্পণে।
যখন যেখানে যাই, নিরখি তোমায় তাই,
—তব সম বন্ধুজন মিলে কি ভুবনে ?

কি ভয় আমার দেব ?— দীনহীনে নিত্য সেব,
মেষ-পালকের মত পরম যতনে।
সাজাইয়ে স্তরে স্তরে সদা রম্য পানাহারে,
করিছ অভাব দূর প্রভো প্রাণপণে ॥

কি ভয় আমার নাথ ?— তুমিত অনাথতাত,
দুঃখ দৈন্য পাপ তাপ করিছ হরণ।
লুটায়ে পড়িলে ধূলে, লও তুমি কোলে তুলে,
মুছাইয়ে সারা অঙ্গ বলে'—'বাপধন' !

কিবা ভয় দুঃখশোকে ?—তুমিত করিছ বুকে,
—শান্তি প্রদানিতে আহা দীনে কত মতে !
মৃত্যু-দুঃখ-শোক ভয় সদা মোর মনে লয়,—
আশীর্ব্বাদছলে প্রভো ! বর্ষিতেছ মাথে ॥

কিবা ভয় একা আমি ?—তুমিত অখিল-স্বামী,
—সমগ্র বসুধা জুড়ে তুমি বিদ্যমান।
হোক ঘোর অন্ধকার, সুদুর্গম পারাবার,
কিবা ভয় তাহে ওগো সর্ব্বশক্তিমান ?

কি ভয় আমার পিতঃ ?— তুমিত শিখাও গীত
পূতমুখে গাহিবারে তোমার মহিমা।
ভুলে যদি যাই কভু, শিখাইয়ে দিও প্রভু !
কীর্ত্তিতে অনন্ত মুখে তব সে গরিমা ॥

বসন্ত সমাগমে

কেন আজি ধরিত্রীর শোভা মনোহর,
যেদিকে নেহারি আমি সকলি সুন্দর !
কেন আজি বহিতেছে মৃদু সমীরণ,
লতিকারে মুহুর্মুহু করিয়া চুম্বন ?
কেন আজি তরুলতা হয়ে পল্লবিত,
সেবিতেছে প্রকৃতিরে করিয়া সজ্জিত ?
কেন আজি পিকবধূ গাইছে সুতানে,
জাগায়ে মানব সবে কুহু কুহু তানে ?

উৎফুল্ল কেন আজি রাখালের দল,
চারিদিকে ছুটে ছুটে করে কোলাহল ?
কেন আজি সুকুমার ধেনু-বৎস সবে ?
ছুটাছুটী করিতেছে হম্বা হম্বা রবে ?
কেন আজি পুলকিত বালকের দলে,
ফুল তুলে,—মালা গেঁথে পড়িতেছে গলে ?
কেন আজি সুরসিক যুবক সকল,
সরসীর তীরে বসি হইছে বিহ্বল ?

কেন আজি অচকিতে যুবকের মন,
প্রেমরসে পরিপ্লুত,—উদাস নয়ন ?
কেন আজি মন্ত্রমুগ্ধা ফণিণীর মত,
সুরসিকা যুবতীরা প্রেমে অনুরত ?
কেন আজি তরুণীরা হতেছে সজ্জিত,
মানসমোহিনী সাজে ভুবনচকিত ?

কেন আজি প্রেমিকেরা প্রেমিকা সন্ধানে,
উদাস পরাণে ছুটে ধাইছে সঘনে ?
কেন আজি প্রাণনাথে পেয়ে প্রণয়িণী,
প্রেমালাপ করিতেছে হয়ে উন্মাদিনী ?
কেন আজি বিরহিনী যুবতীর মন,
প্রাণনাথে পাইবারে এত উচাটন ?
কেন আজি হেরি তার বিরস বদন,
অচকিতে ঝরিতেছে সদা দু'নয়ন ?

কেন আজি দূরস্থিত যুবকের মন,
বন্ধুজনে লভিবারে করে আকিঞ্চন ?
কেন তারা মাঝে মাঝে ছাড়িছে নিশ্বাস,—
আকুল উদাস প্রাণে করে হাহুতাশ ?

কেন তা'রা কর্ত্তব্যেতে আজি উদাসীন,
প্রাণসম বঁধুয়ারে ভাবে অনুদিন ?
কেন আজি ভাবুকেরা ভাবেতে তন্ময়,—
ভাবরসে পরিপ্লুত হইছে হৃদয় ?

কেন সবে প্রকৃতির দৃশ্যে আত্মহারা,
গাহিতেছে মনানন্দে—ঝরে প্রেমধারা ?
কেন স'বে বাখানিছে স্রষ্টার কৌশল,
অবিরত ভেবে মনে দৃশ্য সুবিমল ?
আসিছে কি হেথা আজি কোন বিদ্যাধরী
লইবারে সবাকার মনপ্রাণ কাড়ি,—
ভুলাতে মানব সবে নব নব ভাবে,
জানাইয়ে 'আগমনী' কুহু কুহু রবে ?

চড়ুই ভাতি

ওই পাড়ায় মণির বাড়ী
হচ্ছে চড়ুই ভাতি।
খবর পেয়ে তাই এয়েছে
ধরার রাণী মাতি ॥

ফুল-বসন ফুল ভূষণ
পরিয়ে ধরা-রাণী।
সাজিয়ে গুজে আছেন বসে
ফুল্ল বদনখানি ॥

মধুর স্বরে ডাক্‌ছে কোকিল
কেড়ে সবার প্রাণ।
ভ্রমর ভায়া গাচ্ছে গুণ্ গুণ্
মিষ্ট মধুর গান ॥

জুটেছে সব পাড়ার মেয়ে
ভরে গেছে বাড়ী।
কেউবা পরে' পাছা পেড়ে
কেউবা পরে' সাড়ী ॥

কেউবা দিচ্ছে উলুর ধ্বনি
কেউবা গাচ্ছে গান।
কেউবা বসে গল্প করছে
কেউবা খাচ্ছে পান॥

মাটীর মণ্ডা মাটীর মেঠাই
তৈয়ের কচ্ছে কেউ।
যতন করে রান্না করছে
কেউবা সেজে বউ॥

বাড়ীর গিন্নি সেজে কেউবা
কুটনা কুট্‌ছে বসে।
মিহি সুরেই বকছে বৌয়ে,
কভুবা ভাস্‌ছে রসে॥

গৃহিণী 'রাণী' ভীষণ ব্যস্ত
বাড়ীতে নিমন্ত্রণ।
ছুটছে ধেয়ে ওদিক সেদিক
বাজাইয়ে কঙ্কন॥

'মণি' 'পারুল' 'খোতন' 'বিবি'
পেড়ে আসন পিঁড়ি।
বসছে খেতে মনের সাধে
নিয়ে বাসন হাঁড়ি॥

'লাবু'-'চিনু'—বৌ ঘোমটা দিয়ে
লয়ে ভাতের থালা।
পরিবেশন করছে সবাই
ভুবন ক'রে আলা॥

কারও পাতে দিচ্ছে বেনুন
কারো বা পাতে ভাত।
পরাণ ভরে খাইচ্ছে সবে
নেড়ে আপন হাত॥

মিঠাই মণ্ডা দিল্লির লাড্ডু
গুড় সন্দেশ দৈই।
আরো কত কি খাইচ্ছে আহা
তার ইয়ত্তা নেই॥

এসব দেখে হলুম লুব্ধ
খাইতে হল সাধ।
খাইয়ে হায়! তথায় গিয়ে
গনলুম পরমাদ ॥

বোনেরা সব আমায় দেখে
কাপড় দিয়ে মুখে।
লজ্জায় মরে হাস্‌ছে কতই
গরীব্‌ দাদার দুঃখে ॥

ফুটায়ে হাসি বল্লো সবাই
—শুন মোদের দাদা!
ভাত বেন্নুন মণ্ডা মিঠাই
দই সন্দেশ কাদা ॥

সবই মাটী কি খাবে ভাই?
ফিরিয়ে যাও বাড়ী।
সত্যই কাল খাবাবো ভাত
করলুম্ সবাই 'আড়ি' ॥

'আড়ি' করলো তাইগো আমি
হলুম্ কতেক শান্ত।
পেটটা কিন্তু মানলো নাকো,—
সে যে ভারি দুর্দ্দান্ত !!

স্নেহের ভরে বল্লুম তবু,—
আচ্ছা তবেই বেশ।
দুরন্ত এই উদরটার
ঘুচায়ো দুঃখ ক্লেশ ॥

বোনেরা সব বিয়ে হলেই
শ্বশুর-বাড়ী যাবে।
সবার বাড়ী গিয়ে পেটুক
পেটটা ভরে খাবে ॥

দেখো তখন পেটুক্ দাদায়
হেঁকে দিওনা ভাই !
মনের সাধে খেলগো সবে
আমি এখন যাই ॥

নদী-সৈকতে

সন্ধ্যা বেলা একা আমি
সঙ্গে নাহি কেউ,
নদীর তীরে হেঁটে ধীরে,
গন্‌ছি নদীর ঢেউ ॥

রাঙ্গা রবি ভঙ্গ দিয়ে
ডুব্‌ছে নদীর জলে।
ভাঙ্গা মেঘ রঙ্গ করে
হাস্‌ছে কুতূহলে ॥

মন্দবায় গন্ধ বয়ে
ঢাল্‌ছে এনে গায়।
নেচে নেচে ঊর্ম্মিমালা
চিক্‌মিকিয়ে ধায় ॥

নৌকাগুলি আস্তে ধীরে
পাল তুলে যায়।
দাঁড়তালে ভাটিয়ালে
মাঝিমাল্লা গায় ॥

তারাপতি ব্যস্ত অতি
পত্নী-দরশনে।
হাসির ছটা গড়ায়ে পড়ে
প্রেমামৃত সনে॥

সন্ধ্যা-তারা— নূতন বৌ
থেমে মেঘ-কোণে।
মুচ্‌কি হেসে লজ্জাহীনা
আঁখি-ঠারে টানে॥

যায় চলি পাখীগুলি
পুলকিত মনে।
কলরবে দিক্ পূরিছে
বাসা অন্বেষণে॥

ধেনু সনে হৃষ্টমনে
রাখাল্ বালবৃন্দ।
গেয়ে ধায় কেবা চায়
তালমান ছন্দ?

বৎসগুলি লাঙ্গুল তুলি
হেথা সেথা ধায়।
গাভীগণ ব্যস্ত চিতে
ফিরে ফিরে চায়॥
সান্ধ্য শোভা মনোলোভা
ডুবিল আঁধারে।
কেন পান্থ! বৃথা চিন্ত
ফির নিজাগারে॥

অনাথিনী

চির অভাগিনী, চির অনাথিনী,
কে তুমি রূপসী বালা ?
মুছেছ সিঁদুর, ছেড়েছ নুপুর,
ভেঙ্গেছ শাঁখার বালা ॥
শোভার আধার, কেশের সম্ভার,
ধূলে গড়াইছে আজ।
মলিন বসন, অঙ্গ আচ্ছাদন,
কেনগো তোমার সাজ ?
বদনের হাসি, বিলাসের রাশি
তাম্বুল কর্পূর নাই।
কোথায় তোমার, কুসুমেরি হার,—
কেনগো ছিঁড়েছ তা'ই ?
এ ভরা যৌবনে, আবিল নয়নে,
কেন দীর্ঘশ্বাস শুধু ?
হতাশ পরাণে, কিবা বাণ হানে,
করেছে মরমে ধূ ধূ ?

হরিষ বিষাদ,   চির অবসাদ,
কিবা সুখ,—কিবা মান!
শরত হেমন্ত,   সুস্নিগ্ধ বসন্ত
নাহিক তোমার জ্ঞান॥
স্বরগেরি হেম,   ভালবাসা প্রেম,
কোথায় গিয়েছে চলে?
ভেবে ভেবে হায়!   বুক ফেটে যায়,—
দহিতেছ তুষানলে॥
ক্ষণে বিষাদিনী,   ক্ষণে পাগলিনী,
ক্ষণে হেরি ধ্যানমনে।
তিতি অশ্রুজলে,   কাঁদিছ বিরলে,
স্মরিয়া 'সর্ব্বস্ব ধনে'॥
এই দৃশ্য হেরে   মম মন পুড়ে',
হইতেছে ছারখার।
নাহি কিগো হায়!   ওগো দয়াময়!
এই দুঃখ প্রতীকার?
সাধ্বী হিন্দু-নারী   যাই বলিহারি,
ধরার রতন হার!
সতীত্ব-রতন   করে' সংরক্ষণ,
সার শুধু—'অশ্রুধার'॥

বিবাহ-বাসরে

(জনৈক বন্ধুর শুভ পরিণয়োপলক্ষে লিখিত)

প্রাণাধিক !

কনক-বরণ জিনি. শুভ দিন প্রসবিনী,
ইন্দু-উষা দিলে দরশন।
সুনীল আকাশ-পথে, আরোহি সুবর্ণ রথে,
দিননাথ করে আগমন ॥

হেরি সুপ্তা প্রণয়িনী, ফুলরাণী সরোজিনী
চুমি রবি টানে মুখবাস।
প্রাণপতি পরশনে, জাগি পুলকিত মনে,
কমলিনী হাসে মৃদু হাস ॥

প্রকৃতি সুষমা ভরা, আনন্দে আকুলপারা,
ডুবে যেন মহানন্দ-নীরে।
হাসি মুখে জীবগণ, সম্ভাষিছে প্রিয়জন,
প্রতিধ্বনি বাজে ঘরে ঘরে ॥

শুভ মাসে শুভ দিনে, নিশিযোগে শুভক্ষণে,
স্থখে যুক্ত হবে বর-বালা,
গ্রথি উভে একডোরে, দুই আত্মা এক করে,—
শোভে যথা শ্রীহরি-কমলা ॥

রসাল মাধবী যথা, 'প্রাণাধিক'-'আশা' তথা
পরিণয়ে পরে' প্রেমহার।
শোভার তুলনা নাই, এক বৃন্তে যেন দুই,
—দু'টী ফুল শোভার আধার ॥

শশী পেলে কুমুদিনী, তারকাদি সে যামিনী,
হেরে স্থখে যেরূপ বিমানে।
মোরা সব বন্ধুজন, জায়াপতি স্থমিলন
হেরিতেছি উৎফুল্ল প্রাণে ॥

সখা !

তুমি একা কর্ণধার, বিশেষ অশক্ত আর,
পরিপূর্ণ সংসার-সাগর।
দু'টী তরী একজনে, চালাইয়ে ধীরমনে,
নীতিপথে হও অগ্রসর ॥

পশ, সখে! সংসারেতে, হিংস্র জন্তু আছে পথে,
চলো সদা অতি সন্তর্পণে,
এত দিন একা ছিলে, এখন সঙ্গিনী পেলে,
রেখো পদে পরম যতনে॥

কভুবা হইবে ক্লান্ত, সংসারেতে পথ-শ্রান্ত,
নিরাশার দুর্গম প্রান্তরে।
সুখে দুঃখে সাথী হতে, নিরাশায় আশা দিতে,
তাই বিধি সৃজিলা নারীরে॥

সুখে দুঃখে দিতে শান্তি, বিদূরিতে মনোভ্রান্তি,
হিন্দুর ললনা অতুলন।
সর্ব্বস্ব রতন পতি, ঈশ-পদে সদা মতি,
নাহি কারো জগতে এমন॥

উড়াও সুকীর্ত্তি ধ্বজা, ঈশ-পদ করি পূজা,
সাধহ কর্ত্তব্য দৃঢ়মনে,
ভুলিয়া আপন-পর, হও কার্য্যে তৎপর,
জীবন-সঙ্গিনী রেখে সনে॥

ধর সখে ! প্রীতি-গাথা, ধর সতী 'আশালতা,'
দোঁহে দাও, দোঁহাকার গলে।
ধর এই প্রীতি-হার, প্রীতি-জাত উপহার,
স্মৃতির সিঁধুকে রাখ তুলে ॥

চারি দিকে মোহজাল, পাতিয়া রেখেছে কাল
সংসারের স্রোত খরতর।
হিংসা-দ্বেষ পরিহরি, স্বামীপদ লক্ষ্যকরি,
সাধু পথে থাক নিরন্তর ॥

তব হৃদি-রাজ্যোপ'রে অধীশ্বর কর তারে
কীর্ত্তির পতাকা তুলে পথে।
ঈশ-পদ নিদর্শন করি সদা দরশন
দোঁহে চল দোঁহাকার সাথে ॥

পিপাসী চকোর সম পিও সুধা অনুপম,
ভুলিওনা কভু এজীবনে।
ছায়া সম সদা সঙ্গে মনোরমা মনোরঙ্গে
থেকো সাথে, সদা প্রাণপণে ॥

শুন সতী 'আশালতা'! 'রমণীর' প্রেম-গাথা—
প্রিয় পূজ্য উপদেষ্টা পতি।
দময়ন্তী নল-তরে কত সহে অকাতরে
তাই তাঁর এত কীর্ত্তি-ভাতি॥

অতিশয় সযতনে তোষ পতি প্রাণপণে
যে রতন লভিলে এখন।
স্বামীর হৃদয়াকাশে জাগ নব তারা-বেশে
মাগ দোঁহে ঈশ-শ্রীচরণ॥

হিন্দু-বিবাহের মত পবিত্র মধুর এত
নাহি আর কিছু এ জগতে।
ধর্ম্মকার্য্যে সহায়তা আর্য্য নারী করে মিতা
হয়ে সতী,—থেকে সাধু-পথে॥

জগদীশ! মাগি ভিক্ষা—দোঁহে দাও প্রেমশিক্ষা
জয়যুক্ত হউক জীবন।
সত্যবান-রাম যথা সাবিত্রী অথবা সীতা,
হয় যেন তাঁদের মতন॥

জনৈক ইংরেজী শিক্ষিত যুবকের বন্ধুর নিকট পত্র

বন্ধু !

কি লিখিব মাথামুণ্ড ?—
অবোধ পিতার কাণ্ড,—
ভাবিয়ে হইয়াছি আকুল।
অষ্টাদশ গত প্রায় !—
যৌবন চলিয়ে যায়,—
দেখ ভাই ! মূঢ়ের কি ভুল !!
এ বয়সে দুটো পাশ,—
দিয়েছি লাগিয়ে ত্রাস !—
সে মূঢ়ের নাহিক চেতনা !
অশিক্ষিত পিতা তাই
মম দুঃখ বুঝে নাই,—
দিবানিশি কত যে যাতনা !!
কি আর পড়িব 'বি এ' ?—
এখনো হয়নি 'বিয়ে,'—
কি 'রসের দিন' চলে যায় !

'বিএ' পড়া পড়ে হবে,—
'এ যৌবন' পাব কবে ?—
চলে গেলে ফিরে আনা দায় !!
'ক্লাস-ফ্রেণ্ড' যত সব,—
প্রেম করে অভিনব,
রসবতী প্রেয়সীর সনে।
কি সুন্দর প্রেম-পত্র !—
ভাবি তাহে অহোরাত্র,
আছি ভাই ! দুঃখ-দিন গণে ॥
'ওল্ড' সেই 'ড্যান্স' 'ফুলে',
কভু সখা ! দেখা পেলে,
বুঝাইয়ে বলিও তাহারে।
তার পুত্র—গুণধরে,
ভুগিতেছে প্রেমজ্বরে,—
ভেসে সদা অকুল পাথারে !!

পিকবধূ

হে পিকবধূ! বসন্তের সন্দেশ-বাহক!
এস, এস, এস আজি মোদের এদেশে,
মাতাইতে প্রকৃতিরে সুমধুর তানে।
তব আগমন-আশে প্রকৃতিসুন্দরী,
রহিছেন বন্যকুঞ্জ সুকুমার করে;
নব পল্লবিত কুঞ্জে বসিয়ে সাগ্রহে
সঞ্জীবিত কর পুনঃ তুষিয়ে সবারে!
তোমার মোহন কুঞ্জ সতত সরিৎ,
সুস্নিগ্ধ বাতাস বহে তব আগমনে,
সুনীল গগন হাসে তব সঙ্গ পেয়ে,
কুহুতানে মাতোয়ারা করিছ সবারে।
শোক-দুঃখ-পরিতাপ তোমাতে অভাব
যখন যেদিকে ফিরি হৃদয় জুড়ায়।
পাপিয়ার সুখ-গীতি, ভ্রমর-ঝঙ্কার,
যাতি-যূথী-মালতীর অপূর্ব্ব মাধুরী
তোমার আগমে সখা! উপভোগে পাই,
তব সম সুখময় কে আছে ধরায়?

মিলন-স্রোত

ধূপ ওই আপনারে,
চাহিছে মিলাতে স্নুবাসে।
গন্ধ সে ধূপেরে চাহে,
বহিতে স্নুদূর আকাশে॥
সুর ওই আপনারে,
প্রকাশিতে ছন্দে চাহিছে।
ছন্দ সে আকুল প্রাণে,
সুর-আশ্নানন্দে গাহিছে॥
ভাব ওই পেতে চায়,
রূপেরই মাঝারে অঙ্গ।
রূপ সে লভিতে চাহে
ভাবেরই নিভৃত সঙ্গ॥
অসীম বসিতে যাচে
সীমার নিবির আসনে।
সীমা সে অসীমে মাগে
সাগ্রহে,—অতীব যতনে॥

বদ্ধ ওই ফিরিতেছে,
খুঁজিয়ে আপনারি মুক্তি।
মুক্ত সে যে মাগিতেছে
কঠোর বন্ধনেরি যুক্তি ॥
সৃষ্টি ওই আহ্বানিছে.
প্রলয়ে সংহার হইতে।
প্রলয় চাহিছে সদা
সৃষ্টিরে জড়ায়ে লইতে ॥
স্রষ্টার রাজ্যের মাঝে,
মরি কি অপূর্ব্ব ব্যাপার!
ধন্য তুমি, হে বিধাতঃ!
—সার্থক মহিমা তোমার ॥

কেন ভালবাসি ?

কেন ভালবাসি তারে
কি দিব উত্তর ?
এ পোড়া পরাণ কাঁদে কেন নিরন্তর ?
মজি কেন তার প্রেমে
হইয়ে বিভোরা,
নিশা যথা শশীসনে হয় আত্মহারা ?
তরঙ্গিণী সম সদা
কেন ছুটে ধাই,
চুমিয়ে তাহারে ঘন,—ঘুচাতে বালাই ?
ঝরে কেন কুসুমের
প্রেম-বিন্দু সম,
আঁখি হ'তে প্রেম-লোর সদা অনুপম ?
তাহার বিচ্ছেদে কেন
হই বিষাদিনী,
দিননাথ অদর্শনে যথা সরোজিনী ?

শ্রাবণের ধারা সম
কেন অবিরল,
ঝরে অশ্রু নিশিদিন, হইগো বিকল!
পলকে প্রলয় জ্ঞান
মনে হয়, হায়!
বিচ্ছেদে শুকায় তনু, হই মৃত প্রায়।
দাবানল সম চিন্তা
পুড়ে কেন মন,
দীর্ঘশ্বাস অধীরতা করে উদ্গীরণ?
তাহার অভাবে কেন
হারাই শকতি?
প্রলয় ঝটিকা-ঘাতে লতিকা যেমতি।
চাতকিনী সম কেন
চাহি ঊর্দ্ধপানে
ভাবি কত তার আশে প্রেমের বিমানে?
বরিষার অবসানে
শরতে মধুর,
হাসে যথা ধরা-সতী তুলে নব সুর।
বিচ্ছেদ-মিলন তার
কেন সুধাসম
দেয় মোরে নব প্রাণ,—তোষে চিত মম?

কুমুদিনী যথা হাসে
পেয়ে নিশানাথে,
পুলকে অধীরা কেন মিলি তার সাথে ?
লভি কেন শান্তি সুখ
প্রেম-নীরে ভাসি ?
—চিন্তি মনে যবে, তারে কেন ভালবাসি !
শোকদুঃখ ভুলে যাই
দরশে তাহার,
আহা কি অপূর্ব্ব শোভা হৃদি-দেবতার !

সে যে আনন্দেরি ছায়া

সেই অপরূপ রশ্মি পশিলে নয়নে।
আনন্দের ছায়া বলে ভ্রম হলো মনে॥
স্বর্গীয় অপ্সরা যথা ধরা আলোকিতে।
দেখা দিয়ে নিমেষেতে পলায় চকিতে॥
তেমতি তাহার সেই অপূর্ব্ব মাধুরী।
অদৃশ্য হইল হায়! নিয়ে প্রাণ কাড়ি॥
সমুজ্জ্বল আঁখি তার প্রদোষের তারা।
গোধূলি-কুন্তল সম কেশ মনোহরা॥
অঙ্গের সৌষ্ঠব আর বর্ণিতে বিশেষে।
অন্বেষিতে হয় তায় বসন্ত-প্রত্যূষে॥
চপলার মত সেই নৃত্যোন্মুখ গতি।
মানস-নয়নে খেলে প্রফুল্ল মূরতি॥

ক্রম-ঘনিষ্টতা মাঝে হেরিনু তাহায়।
স্বর্গিবধূ-রমা-রূপে মোহিতে ধরায়॥
সুস্মিতার মতিগতি কুমারী-সুলভ।
সুপবিত্র চিন্তাশূন্য গার্হস্থ্য অভিনব॥

কমনীয় রমনীয় সহাস্য আনন।
ভূত ভবিষ্যৎ চিত্র করিছে অঙ্কন ॥
হ'লেও মাধুরী তার অপ্সরার সমা।
ধরার ললনা সাথে মিলেগো উপমা ॥
দুঃখ সুখ, নিন্দাখ্যাতি, ঘৃণাভালবাসা।
লঙ্ঘে নাই অবলা সে হাসিকান্না আশা ॥

রমণীর দুর্ব্বলতা ঘেরিয়া বামায়।
ঔদার্য্য মাধুর্য্যময়ী করেছে তাহায় ॥
গবেষণাপূর্ণ হৃদি প্রশান্ত মোহন।
আলিঙ্গিতে শমনেরে না ডরে কখন ॥
সুদৃঢ় মানস আর সংযত বাসনা।
জ্ঞান বুদ্ধি নিপুণতা চরিত্র-সাধনা ॥
একে একে সুগঠিত করে সে নারীরে।
আদর্শ-রমণী-চিত্র দেখাইছে ধীরে ॥
যেন তার সেই মূর্ত্তি শিখায় মানবে।
সতর্কিত শান্তপূর্ণ হ'তে এই ভবে ॥

প্রেয়সী আমার।

এসলো সরলা বালা, অমিয় প্রেমের ডালা,
প্রেয়সী আমার!
তোমার মোহন ছবি, কেমনে বর্ণিবে কবি?
কি সাধ্য তাহার?
রক্ত বিম্বফল সম, শোভিতেছে অনুপম,
রক্তাভ আনন।
সুন্দর মাধুরীমাখা, লজ্জায় ঘোমটা-ঢাকা,
আয়ত লোচন॥
মুকুতা-দশন-হার, শুভ্র উজ্জ্বলতা তার,
অতি সুশোভন।
রূপের ছটায় তব, আছে শান্তি অভিনব,
মানসমোহন॥
তোমার কটাক্ষ বাণ, বিদ্ধকরে মমপ্রাণ,—
আপনা হারাই।
তব প্রেম-শান্তি-সুধা, দূর করে সব ক্ষুধা,
কিছুই না চাই॥

সুখে দুঃখে শান্তি দিয়ে, মনোভ্রান্তি বিদূরিয়ে,
তোষ অভাগারে।
যদি কভু হই শ্রান্ত, সংসারেতে পথভ্রান্ত,
স্মরিগো তোমারে॥
সদা চাতকের মত, তব পানে সচকিত,
তাকাইয়ে রই।
প্রেম-সুধা-বারি দানে, পরিতোষ কর প্রাণে,—
—পরাণ জুড়াই॥
মম প্রতি তব ভক্তি, দেয় মোরে নব শক্তি,—
ক্লান্তি দূরে যায়।
তোমার গভীর প্রেম, তুচ্ছ করে মুক্তা হেম,
তাঁহারে শিখায়॥
যে বিধি সৃজেছে নারী, তাঁহারে বর্ণিতে নারি,
কেমন সে জন!
কভু তাঁর দেখা পেলে, লুটাইয়ে পদতলে,
মাগিব চরণ॥

আমার গিন্নী

(স্বর্গীয় ডি, এল্, রায়ের "আমার দেশ" শীর্ষক সঙ্গীতের Parody.)

মান অভিমান-ভরা আমার এই মুখহরা,
তাহার মাঝে আছে গুণ এক সকল গুণের সেরা,
ওযে ক্রোধ দিয়ে তৈরি সেযে, কান্না দিয়ে ঘেরা।
এমন গিন্নী কোথায় খুঁজে পাবেনাকো তুমি,
সকল গিন্নীর রাণী সেযে আমি যারে নমি !!

খুঁজিলেও বসুন্ধরা, কোথায় পাবে এমন ধারা
কোথায় এমন খেলে তড়িত ক্রোধ-কাল-মেঘে,
ও তার গম্ভীর ডাকে কাঁপিয়ে উঠি,
গম্ভীর ডাকে জাগি।
এমন গিন্নী কোথাও খুঁজে পাবেনাকো তুমি
সকল গিন্নীর রাণী সেযে আমি যারে নমি !!

এমন উগ্র গিন্নী কাহার, কাহার এমন
বেশের বাহার ?
কাহার এমন রুক্ষম নেত্র আকাশ-তলে মেশে,
এমন চুলের উপর ঢেউ খেলে যায় সুবাস
কাহার কেশে ?
এমন গিন্নী কোথাও খুঁজে পাবেনাকো তুমি
সকল গিন্নীর রাণী সেযে আমি যারে নমি !!

সর্ব্ব কর্ম্মে দিয়ে ফাকি, নাকি সুরে ঝিকে ডাকি
গুঞ্জরিয়া চলে ধনী 'কুঞ্জে' মানে ধেয়ে,
সে যে খাটের উপর ঘুমিয়ে পড়ে,
সবার আগে খেয়ে।
এমন গিন্নী কোথায় খুঁজে পাবেনাকো তুমি,
সকল গিন্নীর রাণী সেযে আমি যারে নমি !!

পতি পত্নীর এমন প্রীতি কোথায় এমন
মধুর স্মৃতি,
ওগো তোমার চরণ দুটী বক্ষে আমার ধরি,
তোমায় পেতে জন্ম আমার, তোমায় পেয়েই মরি।
এমন গিন্নী কোথাও খুঁজে পাবেনাকো তুমি,
সকল গিন্নীর রাণী সে যে আমি যারে নমি !!

শনিবারের বারবেলা

শনির শেষে বারবেলাতে
অফিস থেকে এসে।
তাড়াতাড়িতে কাপড় ছেড়ে
হেঁকে ডাক্‌লুম—'নিশে'॥
'নিশা' নামের ভৃত্য আমার,
বড়ই প্রভুভক্ত।
বিনা বেতনে মেহনৎ করে,
তবুও অনুরক্ত॥
গিন্নীর সনে বন্‌তোনাকো
বড়ই বিসম্বাদ।
ঝগড়া ঝাটি সব সময়ে,
—ঘটতো পরমাদ॥
'নিশা' আমায় কর্‌তো নালিশ
গিন্নির আচরণে।
তুষতেম আমি সদাই তারে
মধুর আলাপনে॥

গৃহিণী তাই চটে আগুণ
সদা আমার প্রতি।
কখনও সে রাখতো নাকো
এই দীনের নতি ॥
এ দিনও সে ঝগড়া করে,
তাড়াইয়ে নিশায়।
তেলে বেগুণে জ্বলিয়ে উঠ্‌লো
হেরিয়ে অভাগায় ॥
'নিশার' নাম শুনিয়ে কাণে,
ছুটিয়ে তাড়াতাড়ি।
বৈঠক্‌খানায় দৌড়িয়ে এসে,
লাগালো হুড়াহুড়ি ॥
হুড়াহুড়ির চোটে আমার,
কর্ণ বধির হলো।
শঠান হয়ে পড়লো কেন,
হঠাৎ পড়েই ম'লো ॥
চরণ দু'টী ধরিয়ে তার,
আস্তে দিলাম মলে'।
জানু পাতিয়ে বস্‌লেম সেথা,
গিন্নীর পদতলে ॥

কতই মতে মাগিনু ক্ষমা
সাধ্য সাধনা করে।
কর্‌লেন দেবী ক্ষমা আমায়
বহু ক্লেশের পরে॥

তাই বল্‌ছি সবায় আমি
ভুলেও কভু কেহ।
ছাড়িও নাকো এই বারেতে,
আপনারই গেহ॥

ছাড়্‌লে পরে আমার মত,
ভুগতে হবে শেষে।
শনিবারের বারবেলাটী
বড়ই সর্ব্বনেশে॥

অশ্রু-সম্ভাষণ

(কলিকাতা-পথে,—গোয়ালন্দ-ষ্টীমারে)

পশ্চিম গগনে যথা ডুবিলে চাঁদিমা,
স্থচারুবসনা নিশি
পরিত্যজি শুভ্র হাসি,
প্রকাশে বদনে তার ভীষণ কালিমা,
তেমতি হে ভ্রাতৃগণ ! ভারাক্রান্ত চিতে
আসিয়াছি প্রাণভরে বিদায় লইতে।

মোদের প্রীতিরক্ষেত্রে বিমল বিধানে
নবব্রতে, নব প্রাণে,
প্রবেশিনু যেই ক্ষণে,
ভেবেছিনু চিরতরে এ স্থখ-মিলনে,
শারদ শশাঙ্ক-প্রায় সবারি হৃদয়ে
থাকিবগো চিরদিন পূর্ণজ্যোতিঃ লয়ে।

সাধিতে জীবন-ব্রত প্রিয় ভ্রাতৃগণ !
আজি বহু বর্ষ-পরে,
কালের চক্রেতে পড়ে,
ছাড়িয়ে যেতেছি সবে হয়ে ক্ষুণ্ণ মন,
তাই আজি ভাঙ্গা হৃদে, বিষাদিত চিতে
কাঁদিয়া এসেছি, ভাই ! বিদায় লইতে ।

নীরব প্রকৃতি-দেবী নীরব সকল
নীরব তটিনী-জল,
নীরব বিহঙ্গ-দল,
নিস্তব্ধ রাখালদল মৌন কৃষিবল, ;—
বিষণ্ণতা যেন আজি করে অধিকার
বিরাজিছে সগৌরবে চৌদিকে আমার ।

হেমন্ত আগমে যথা প্রফুল্ল কমল
ক্রমে হয় ক্ষীণ তনু,
হাসেনা উদিলে ভানু,—
ত্যজে রমণীয় কান্তি পূত পরিমল,
তেমতি গো আজি মম বিদায়ের দিনে
শরতের অবসান ভাবিতেছি মনে ।

নানা বাক্যে উপদেশে কোহিনূর জিনি,
দীনের অন্তর-গেহ
ভাতিয়াছ অহরহ,
নিশাকান্তে পেয়ে যথা উজলে যামিনী ;
কিনেছ এ ক্ষুদ্র হৃদি ভ্রাতৃভাব গুণে—
সোহাগে প্রীতিতে আর প্রেম আলাপনে।

ভ্রাতৃগণ !
এ দীনের অপরাধ কর পরিহার,
জ্ঞানে বা অজ্ঞানে কত,
দিয়েছি যন্ত্রণা শত,
ঠাট্টা-দ্বন্দ্ব-পরিহাসে ব্যথা অনিবার,
আজি সেই অনুতাপ সহস্র লহরে
রাবণের চিতাপ্রায় দহিছে অন্তরে।

বড়ই কঠিন ওগো ! বিদায়ের ধ্বনি,
বিদায় কহিতে হায় !
হৃদয় বিদরে যায়,
কোন প্রাণে লই আজি বিদায় অমনি ?
এসেছি সন্ধ্যায় সেই কমলের প্রায়,
প্রভাতি শশাঙ্ক সম লইতে বিদায়।

তোমাদের কাছে আজ কাতর প্রার্থনা
করিলে শতেক দোষ,
স্নেহগুণে ত্যজে রোষ,
ছোট ভাই বলে তাই করিও মার্জ্জনা,
কাঁদিয়ে এসেছি আজি কাঁদাতে সবায়,—
ভ্রাতৃগুণে ক্ষমা দানে দাওগো বিদায়।

সাধিয়ে মনের সাধ যদিবা কখন,
মায়ের চরণ চুমে,
ফিরি পুনঃ জন্মভূমে,—
তোমাদের পূর্ব্বস্নেহ করিয়ে স্মরণ
দিও সদা অভাগারে হৃদ্দিকোণে স্থান,—
কুন্ঠিত হয়োনা কভু দিতে এই দান।

আছে কি এ হেন দ্রব্য হৃদয়-ভাণ্ডারে,
যাহা আজি যত্ন ভরে,
অরপিব তোমাদেরে
দুঃখভারাক্রান্ত চিতে, কৃতজ্ঞ অন্তরে ?—
নাহি কিছু,—বিনে মম তপ্ত অশ্রুজল,
—এ মরতে একমাত্র দীনের সম্বল।

দয়া করে লও এই ক্ষুদ্র উপহার,—
স্মৃতির সিঁধুকে রেখো,
কভু দীনে ভুলোনাকো,—
এই ভিক্ষা দাও দীনে মিনতি আমার ;
হয় কি না হয় দেখা জীবনে কখন,
লও আজি অভাগার "অশ্রু-সম্ভাষণ" !

আজি কোথা যাবো ?

হৃদে বল কোথা' পাবো ?—
সহায়-সঙ্গতি-হীন   হইয়াছি আজি,
ভেঙ্গে গেছে ক্ষুদ্র হৃদি,
অশ্রু ঝরে নিরবধি,—
—আজিকে কোথায় যাবো ?
হৃদে বল কোথা পাবো ?

দাঁড়াবার (স্থান) কোথা পাবো ?—
কে মোরে করিবে দয়া   এ হেন দুর্দ্দিনে,
কে মোরে দিবেগো ভিক্ষা,
কে মোরে দিবেগো শিক্ষা,—
আজিকে কোথায় যাবো ?
দাঁড়াবার স্থান কোথা পাবো ?

আজি কাহারে ডাকিবো ?—
কে করিবে কর্ণপাত   দীনের কথায় ?
কে মোরে দিবেগো সাড়া ?
কে হইবে আত্মহারা ?—
—আজিকে কোথায় যাবো ?
আজি (আমি) কাহারে ডাকিবো ?

তাঁরে কোথা গেলে পাবো ?—
করিবেন দয়া যিনি, এই অভাজনে,
ভিক্ষা, শিক্ষা, সারা দিয়ে,
তুষিবেন কোলে নিয়ে ?—
—আজিকে কোথায় যাবো ?
—তাঁরে কোথা গেলে পাবো ?

বৌদ্ধ বিহার

(কলিকাতা বৌদ্ধধর্ম্মাঙ্কুর বিহার সন্দর্শনে)

আহা কি শান্তির ভূমি বৌদ্ধের বিহার,
যেথা বাসে তরে সাধু ভব-পারাবার,
সংসারের দুঃখ দৈন্য নাহিক হেথায়,
ঈর্ষা-ঘৃণা আদি কভু নাহি স্থান পায়।

বাসনা নাহিক হেথা সংসার সুখের,
কভু নাহি বহে স্রোত ঘৃণিত পাপের ;
শোক-দুঃখ-জরা-মৃত্যু-জন্ম আদি হ'তে,
মুক্তি আশে বাসে সবে হেথা পূত চিতে।

দারা পুত্র পরিবার আদি ধন জন,
তুচ্ছ করে বাসে সাধু হয়ে পূত মন ;
কভু নাহি শ্রান্তি-গ্লানি আশ্রম-মাঝারে,
নাহি কভু কোন দুঃখ কাহারো অন্তরে।

দিবানিশি একমনে সবে করে ধ্যান—
সঁপিয়া পরম ব্রহ্মে কায় মনোপ্রাণ ;
বাহ্যদৃশ্যে নাহি মন,—নাহি যাগ হোম,
পূতমনে করে ধ্যান হ'তে পূর্ণকাম !

আতিথেয় সদা এই বৌদ্ধ যতিগণ,
অতিথি সেবায় কভু নহে ক্ষুণ্নমন ;
সাধু উপদেশে সদা তুষিছে সবারে,
সাধিছে বিশ্বের হিত অশেষ প্রকারে।

এমন পবিত্র ধাম নাহি কোথা আর,
নাহি,—নাহি,—নাহি এই ধরণী মাঝার,
ত্যজিয়া সংসার মোহ—ধন-পরিজন,
এস হেথা,—নিবাসহ, ওরে ভ্রান্ত মন !

বুদ্ধদেব

কে তুমিগো যোগিবর ! ধ্যানে নিমগন,—
নিবাত-নিষ্কম্প চারু প্রদীপ যেমন,—
সংসারের তুচ্ছ সুখ করি বিসর্জ্জন,
নিমিলিত নেত্রে সদা করিছ মনন ?

রাজ্য-সুখ,—ভোগসুখ,—বাসনা সকলি,
তুচ্ছ বলে' অকাতরে দিয়ে জলাঞ্জলি'
কি হেতু সহিছ আজি অসহ্য যাতনা,—
অনিদ্রায় অনশনে করিয়ে সাধনা ?

দারাপুত্র পরিবার আজি কোথা তব ?
কেনবা ছাড়িলে তুমি অসীম বৈভব ?
লভ কি আনন্দ তায় তব এই ধ্যানে ?—
ছাড়িয়ে সংসার-সুখ তুচ্ছ মনে জ্ঞানে !

যদি হয় সুখ ইথে কিবা সুখ বল,
ঘুচাতে কি পারে কভু জরাদি সকল ?
শোক-দুঃখ-পরিতাপ-জন্ম-মৃত্যু-জরা,
ঘুচিতে কি পারে তাহে,—ত্যজে এই ধরা ?

যে বিষয়ে রত হয়ে করিতেছ ধ্যান,
হইয়ে তাহাতে সিদ্ধ, সাধহ কল্যাণ ;
পৃথিবীর আর্ত্ত-ব্যাধি-মৃত্যু-শোক-তাপ,
ঘুচাও নিমেষে দেব ! দেখায়ে প্রতাপ !

ভাঙ্গহ মোহের ঘুম মানব সবার,
বুঝাইয়ে তাহাদেরে অনিত্য সংসার,—
দারাপুত্র পরিবার, বিপুল বৈভব
তুচ্ছ ! তুচ্ছ !! অতি তুচ্ছ !!! ঘৃণ্য অতি সব !

ফিরাও পরম ব্রহ্মে তাহাদের প্রাণ,
বিতরিয়ে অকাতরে তব সৌম্য জ্ঞান,
লভুক অটুট শান্তি মানব সবায়,
সাম্যজ্ঞান, সৌম্যমন্ত্র লভি এ ধরায় ।

বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার স্থায়ী সভাপতি ও বিহারাধ্যক্ষ আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির ও সহকারী সভাপতি জগজ্জ্যোতিঃ-সম্পাদক জ্ঞানরত্ন কবিধ্বজ শ্রীমৎ গুণালঙ্কার মহাস্থবির মহোদয়দ্বয়ের পুণ্য-স্মৃতিতে

ভক্তি-কুসুমাঞ্জলি

রবি-শশী-প্রায় উজলি ধরায়
কে তোমরা মহাজন!
ধরম-তিমিরে বিদূরিয়া ধীরে
মোহিতেছ বিশ্বজন?

সত্য-গুণ-জ্ঞানে মাতায়ে পরাণে
বিদূরিয়া অন্ধকার।
সদ্ধর্ম্মের জ্যোতিঃ কীর্ত্তিযশ ভাতি
প্রকাশিছ পুনর্ব্বার॥

ধর্ম্ম-উপদেশ আশীষ অশেষ
বুদ্ধ-মহিমা-গান।
হৃদয় কান্তারে মধুর ঝঙ্কারে
তুলে নিষ্কাম তান॥

অসীম করমে বিলুপ্ত ধরমে
রক্ষিয়া বিনাশ হ'তে।
বুদ্ধ-মহিমা— ধরম-গরিমা
নিনাদিলে এ জগতে॥

আপন-প্রভাবে জাগায়ে মানবে
ধরম-নিশান ধরে।
সাধিতেছ কত করম সতত
জীবের কল্যাণ তরে॥

স্বজাতির দুঃখে ত্যজি নিজ-সুখে
ভিক্ষা-ঝুলি কাঁধে লয়ে।
উৎফুল্ল অন্তরে দেশ-দেশান্তরে
পূত প্রেমে যাও ধেয়ে॥

বিশ্বপ্রেমে গলে সিমলা চট্টলে
দিল্লী লক্ষ্ণৌ আদি স্থানে।
স্থাপিয়া বিহার করিছ প্রচার
বিলুপ্ত ধরম,—জ্ঞানে॥

কলিকাতা ধামে 'ধর্ম্মাঙ্কুর' নামে
বিহার স্থাপন করি।
কত কষ্ট সহে অহরহ তাহে
সিঞ্চিতেছ প্রেমবারি ॥

অজ্ঞানান্ধ নরে উদ্ধারের তরে
'জগজ্জ্যোতিঃ' প্রকাশিয়া।
ধর্ম্ম-জ্ঞান দানে ঢালি সুধা প্রাণে
তুষিছ সবার হিয়া ॥

রাজা-মহারাজা দীন-হীন প্রজা
পেয়ে সবে সমাদর।
ভক্তি-যুত মনে আতিথ্য গ্রহণে
আপ্যায়িত নিরন্তর ॥

অনাথ-শরণ পতিত-পাবন
এমনি কে আছে আর ?
রক্ষ প্রাণপণে বিশ্ব-সর্ব্বজনে
তোমরা ধরার সার ॥

নিন্দা-প্রশংসার ঘৃণার লজ্জার
বহু উর্দ্ধে অবস্থান।
শত সুখ-দুঃখ হইছে বিমুখ—
হৃদে নাহি পায় স্থান॥

স্বীয় গুণ-বলে এই ভূমণ্ডলে
লভ কীর্ত্তি-যশঃ শত।
অফুরন্ত ভাবে প্রকৃতির সবে
কীর্ত্তিগাথা গাহে কত॥

মৃদু সমীরণ বহে অনুক্ষণ
যশোগন্ধ লয়ে বুকে।
আনন্দেতে ধায় যথায় তথায়
মাতোয়ারা হয়ে সুখে॥

কোকিল-পাপিয়া প্রেমেতে মাতিয়া
সঘনে গাহিছে গান।
সুকণ্ঠ সেতারে মহিমা প্রচারে
মোহিয়া সবার প্রাণ॥

সুধাকণ্ঠ অলি সদা প্রাণ খুলি
হর্ষে যশোগাথা গায়।
ভ্রমি কুতূহলে এ ফুলে ওফুলে
ফুল্ল প্রাণে নেচে ধায়॥

তোমাদের যশে ভাসি নব রসে
ধায় নদী সিন্ধু-পানে।
চুমিয়া সাদরে পূত প্রেমভরে
প্রাণেশে বন্দিছে গানে॥

ওহে ধর্ম্মস্বামি! মূঢ়জন আমি
কি বর্ণিব কীর্ত্তি যত।
সহস্র লিখনি যায় হার মানি
দীন-হীন-শক্তি কত?

আশীর্ব্বাদ কর পাপতাপ হর
ওই মহিমার গুণে।
ধন্য হই যেন লভি গুণ হেন
ভালবাসি বিশ্বজনে॥

ইচ্ছা হয় মনে ধর্ম্মবাণী শুনে
সতত কাটাই কাল।
ত্যজি মোহমায়া লভি পদছায়া—
টুটিগো বন্ধন-জাল ॥

হৃদয়-উদ্যান হয়েছে শ্মশান
বিষয়ের দাবানলে।
ভক্তি-পুষ্পহার কোথা পাব আর
দিতে অর্ঘ্য পদ-তলে ?

বিনে অশ্রুধার কি আছে আমার
সাজাতে পূজার ডালা ?
স্নেহ বরিষণে লও নিজ-গুণে
অশ্রু-কুসুম-মালা।

কলিকাতা বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার স্থায়ী সভাপতি আচার্য্য শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের প্রিয়তম শিষ্য শ্রীমৎ আর্য্যালঙ্কার ভিক্ষু মহোদয়ের সিংহলস্থ সুপ্রসিদ্ধ 'কল্যাণী' সভা-প্রদত্ত "সদ্ধর্ম্মবাগীশ" উপাধি প্রাপ্তি উপলক্ষে

আনন্দোচ্ছ্বাস

কত বর্ষ আজি হায়! আনন্দে কাটিয়ে যায়,—
তব সাথে ঘটিল মিলন।
'কৃপাশরণের' সনে ভ্রমি দেব! হৃষ্টমনে
"কর্ম্মক্ষেত্রে" দিলে দরশন॥

নিদারুণ বরষায় পথ-শ্রম ক্লান্তি হায়!
পায় নাই তব হৃদে স্থান।
দীনে তুষিবার তরে নিজগুণে দয়া করে
বাড়াইলে অভাগার মান!

স্বরগ-পীযূষ সম লভে শান্তি অনুপম,
গণেছিনু তোমারে তখন।
কৃপাশরণেরে নমি, নিশ্চয় হইবে তুমি—
কর্ম্মবীর, সুধী, মহাজন!

জানিবারে হল আশ　　　মনোভাব পরকাশ
করে' আমি শুধাইনু সবে।
সকলে বলিল মোরে　　　চিনে এই ভিক্ষুবরে
হেন জন নাহি কেহ ভবে ॥

কর্ম্মবীর তুমি হও　　　কভু যশ-প্রার্থী নও
নিরবেতে কর্ত্তব্য সাধিয়া।
জ্ঞানধর্ম্ম অনুসরি　　　উদ্দেশ্য সাধন করি
নিজ-মনে যেতেছ চলিয়া ॥

কত ক্ষণ তুলারাশি　　　অনল-মহিমা নাশি
রাখিবারে পারেগো ঢাকিয়া ?
আগুণ প্রদীপ্ত হলে　　　তুলারাশি যায় চলে
অগ্নি উঠে স্বতঃ প্রকাশিয়া ॥

তেমতি মহিমা তব,　　　আকর্ষিয়া অভিনব,—
তুষ্ট করে সবাকার মন।
তব চেষ্টা ব্যর্থ করে,—　　　তার স্বীয় গুণ ধরে
বিমোহিল আজি সর্ব্বজন !!

পণ্ডিতের লীলাভূমি— সাগরের বক্ষ চুমি
শোভে যেই 'সিংহল' নগর।
তদ্দেশীয় সুধীজন হয়ে পুলকিত মন
তব গুণে করে সমাদর॥

গুণীজন-সমাদর লভিয়ে হে ভিক্ষুবর!
কি গৌরব করিলে অর্জ্জন!
জহুরী বিহনে ভবে কাঞ্চন আদৃত করে?—
যোগ্য-হস্তে পড়িল রতন!!

সেবি 'কৃপাশরণেরে,' সেবি 'বৌদ্ধসমাজেরে'
যেই কীর্ত্তি লভিলেগো আজি।
চীর পীতবাস পরে' সদ্ধর্ম্মের হিত-তরে
বিরাজহ দেব-সাজে সাজি॥

PUNCTUALITY

বা

পাগলের প্রলাপ

আমরা সব 'Punctualistsএর' দল।
সময়-নিষ্ঠ হওয়া কষ্ট 'Regular' সকল॥
কতই 'Plan'মাথায় খাটাই 'Punctualists' হতে
ঘড়ি ধরে 'Routin' করেও পারিনা কোনমতে॥
সদাই ভাবি আমরা খুবই 'Punctualists' হব!
Follow করে 'Routine সদাই' পড়্ব, খাব,শোব॥
এক মিনিটও 'waste' নাহি করবো কোন দিন।
কাঁটায় কাঁটায় 'Follow' করেই চালাব 'Routin'॥
"Early to Bed", "Early to Rise" এই—
'Motto' ধরে।
শুয়ে পড়ি সকাল সকাল 'Early Rise'এর তরে॥
উঠা কষ্ট 'Early Time'এ মধু ঘুমটা ছেড়ে।
তাই উঠি কোন মতে বেলা দুপুর করে॥
তাড়াতাড়ি শয্যা ছাড়ি পুকুরের দিকেই ছুটি।
'Friends'এর সঙ্গে আড্ডা দিয়েই ঘণ্টা দুয়েক কাটি॥

আড্ডা ছেড়ে বিদায় নিয়ে 'Any How' ধুয়ে মুখ।
'Routin Follow'করিবারেই হইগো উৎসুক ॥
'Time' দেখিয়ে অবাক হই, কতই 'Repent' করি।
এটা সেটা বহি ধরে 'Hurridly'তে পড়ি ॥
কত যে পড়ি মাথামুণ্ডু এক নিশ্বাসেই হায়!
তবু' পড়া হয়না কিছুই এযে বিষম দায় !!
বহু দীর্ঘশ্বাস ছাড়ি তাড়াতাড়ি নাইবারে যাই।
কোথায় নাওয়া কোথায় দাওয়া তাড়াতাড়ি খাই ॥
খাওয়া দাওয়া হল শেষ,—তিন গ্রাসেই সারা!
হাঁপিয়ে ফুঁপিয়ে দৌড়িয়ে গিয়েও খেলুম স্কুলে তারা!
স্কুল-'Gate'এ ঢুকবার সময় হঠাৎ মনে হলো।
ভুলে গেছি 'Task' আনতে, আহা কেমন মনভুলো!
বকে ঝকে 'Teacher' খুবই পিটুনি দিলেন পিঠে।
পিটুনি যাহা কি বলিব যেন নিম্ নিস্থুন্দি মিঠে ॥
এইতো হলো পড়ার ফর্দ্দ 'Daily statement'!
ধরলুম যা' তা' পাশ করিয়ে 'Hat, Coat, Pent' ॥
ডেপুটী আদি হাকিমিগিরির উমেদারি করি।
ভাগ্যে যদি ঘটে কভু সাতপুরুষ যায় তরি' ॥
তখন আমরাই হর্ত্তাকর্ত্তা স্বয়ং ভগবান।
ধর্ম্মাধর্ম্ম নাহিক বিচার নাহিক কুলমান ॥

যাহা ইচ্ছা তাহাই করি' অন্যায়ে না করে ভয়।
'Wine, Tea,' Beef' আদি খাই যত মনে লয়॥
দপ্তরী বেয়ারা আমলাদির করি সর্ব্বনাশ।
এক মিনিট 'Late' ও হলে তাদের গলায় দিই ফাঁশ॥
'Dham,' 'Fool,' 'গাধা', 'শূয়ার' কত কিছু ডাকি।
'Dismiss' করে জেয়াস্ত মারতেও রাখিনাকো বাকী
মাঝে মাঝে বকি—"Dham, শূয়ার, You should
be regular"।
আপন 'Regularity' আহা ! সে যে—
কতই চমৎকার !!
নিজের কাছে যেগুণ নাই পরের তাহা চাই।
মোদের মত বুদ্ধিমান আর কোথায় আছে ভাই ?

বৈশাখী পূর্ণিমোৎসব-উপলক্ষে ভারতগৌরব স্বনামধন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্ণধার হাইকোর্টের সুযোগ্য বিচারপতি অনারেবল্ ডাক্তার স্যার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় নাইট, সরস্বতী, সি এস্ আই মহোদয়ের সভাপতিত্বে কলিকাতা বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভায় পঠিত

শুভ আবাহন-গীতি

নির্ম্মল নীলিমাকাশে, মধুর জোছনা ভাসে,
প্রফুল্ল শশাঙ্ক হেসে অবনী হাসায়।
তরুরাজি পত্রযুত, পুষ্পদলে সুশোভিত
হাসিতে হাসিতে যেন ধরণী লুটায়॥

সুমধুর কুহুতান, মোহিত করিছে প্রাণ,
পিকবধু তরুশাখে গাহিছে অদূরে।
পুষ্পমধু আহরণে, ঝাঁকে ঝাঁকে অলিগণে,
গুণগুণ স্বরে আজি আহ্বানিছে নরে॥

বহে মৃদুমন্দগতি, কুলুকুলু স্রোতস্বতী,
আনন্দে ছুটিছে ওই সাগরের দিকে।
মেঘরাশি নিরমল, ঢালিতেছে অবিরল,
নব বারি-সুধা কত ধরিত্রীর বুকে॥

"পূর্ণিমা-উৎসবে" আজি, পুলকে বসুধা সাজি
মাতাইছে মহানন্দে সবাকার প্রাণ।
ভাই বন্ধু সবে মিলি করিতেছে কোলাকুলি,
বৈশাখী পূর্ণিমা-দিনে হয়ে একতান॥

ধর্ম্মপ্রাণ নরনারী, স্ব-উৎসবে তাড়াতাড়ি,
হেথায় সেথায় আজি যেতেছ ছুটিয়া।
জাপানাদি চীন লঙ্কা, ইউরোপ আমেরিকা,
গাইছে বিভুর গীতি বুদ্ধেরে স্মরিয়া॥

বৈশাখী পূর্ণিমা দিনে, 'শাক্যসিংহ' শুভক্ষণে,
জনম বুদ্ধত্ব মৃত্যু লভেছিলা ভবে।
তাই 'পূত দিন' বলে বাখানিছে কুতূহলে,
করিতেছে যোগদান এ পুণ্য-উৎসবে॥

নাহি আজি হিংসা দ্বেষ, নাহি আজি শোক লেশ,
নাহি আজি দুঃখতাপ এ পুণ্য-মিলনে।
উচ্চ নীচ নাহি জ্ঞান, হয়ে সবে একপ্রাণ,
ধ্বজাঘট পুষ্পমালা সাজাছে যতনে॥

তাই আজি সুসজ্জিত, মহানন্দে নিমজ্জিত,
'ধর্ম্মাঙ্কুর সভাগৃহ' ঘটমাল্য ধ্বজে।
পূর্ণঘট হাসিমুখে, ধ্বজা ঐ সকৌতুকে,
আহ্বানিছে সবাকারে মহানন্দে মজে ॥

আহ্বান করিছে সবে, সসম্ভ্রমে এ উৎসবে,
প্রকৃতির সনে মিশি লয়ে পুষ্পমালা।
বাণীর শ্রদ্ধার পাত্রে',— 'জননীর মুখ্য পুত্রে,'
সভাপতি বরিবারে হাতে লয়ে ডালা ॥

এ হেন মধুর দিনে, এস দেব! শুভক্ষণে,
সভাপতি-রূপে হেথা ধার্ম্মিক প্রধান!
এই দীন বৌদ্ধগণে, আহ্বানিছে সযতনে,—
এস ধ্রুবতারা সম আদর্শ-মহান !!

ধার্ম্মিক সুজন জ্ঞানী, তব সম নাহি মানি,—
ধর্ম্মেতে উন্মুক্ত প্রাণ তুমি মহাজন!
পরহিত-কামনায়, সদা তব চিত্ত ধায়,
বিশ্বের মঙ্গল তরে অশেষ যতন ॥

সুবিচারী ন্যায়বান, জ্ঞানবান সুপ্রধান,—
জ্ঞানের উন্নতি তরে তোমারি প্রয়াস।
উচ্চশিক্ষা সুবিচার, নিতি নিতি রচে হার,
পরাইয়ে তব গলে মিটাইছে আশ॥

যশপ্রার্থী নহ তুমি, যশ যায় তোমা চুমি,
অনন্ত বসুধা ঘুরে তব যশ গায়।
তোমার কৃপার ঋণ, কভু নাহি হবে ক্ষীণ,
তব সম বন্ধুজন কে আছে ধরায় ?

দীনদুঃখী সর্ব্বজনে, তু'ষে সদা প্রাণপণে,
অর্জ্জিতেছ কত কীর্ত্তি আপনার গুণে।
'ভারতের অধীশ্বর,' বাড়াইয়ে নিজ কর,
সাজালেন তাই তোমা উপাধি ভূষণে॥

ভ্রমর-পাপিয়া-গানে, কোকিলের কুহুতানে,
গাহিছে অনন্ত বিশ্ব তোমার মহিমা।
কুলু কুলু কুলু স্বরে, স্রোতঃস্বিনী গান করে,
চন্দ্রসূর্য্য প্রকাশিছে তোমার গরিমা॥

মৃদুমন্দ সমীরণ, বয়ে ধীরে অনুক্ষণ,
তোমার সুবাস দূরে ছড়ায় নিয়ত।
পশুপক্ষী কীট যত, ভূধর সাগর কত,
গাহিছে তোমার যশ এবিশ্বে সতত ॥

ভক্তিযুত পূতমনে, সবিনয়ে সযতনে,
আবাহন করি তোমা কৃপা-ভিক্ষা-আশে।
নিজগুণে দয়া করে, দীন "বৌদ্ধ ধর্ম্মাঙ্কুরে,"
এস, এস, এস, দেব ! মহিমা প্রকাশে ॥

জ্ঞানশিক্ষা উপদেশে, অজ্ঞান তমসা নেশে,
আলোকিত কর, দেব ! এ ক্ষুদ্র অন্তর।
তোমার মহিমাগুণে, শান্তি যেন পাই মনে,—
লভিয়ে অপূর্ব্ব সুখ বিশ্বে নিরন্তর ॥

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস্‌চেন্‌সেলার্ ডাক্তার শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী মহোদয়ের সভাপতিত্বে কলিকাতা বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভায় শ্রীযুক্ত ভূপেন্দ্র নাথ বসু মহাশয়ের "প্রীতি-বিদায়-অধিবেশনে" সুপ্রসিদ্ধ সঙ্গীত-অধ্যাপক শ্রীযুক্ত হেমচন্দ্র সেন মহোদয় কর্ত্তৃক সুমধুর তান-লয়ে গীত

বিদায়-সঙ্গীত

বিদায়েরি ধ্বনি বড়ই কঠিন
পরাণ বিদরে শ্রবণে হায়!
কোন প্রাণে আজি দিবগো বিদায়
মন যে প্রবোধ মানে না তায় ॥
প্রভাতি শশাঙ্ক, সন্ধ্যারি কমল
নিষ্প্রভ যথা বিচ্ছেদ যায়।
বিদায়ের ক্ষণে তেমতি মোদের
হৃদয় শতধা ফাটিতে চায় ॥
দীন 'ধর্ম্মাঙ্কুরে' নাহি কিছু ভাই
অরপিব যাহা প্রীতির ভরে।
ভিক্ষুর সম্বল—মঙ্গল আশীষ
দয়া করে লও স্মৃতির তরে ॥

স্মৃতি-মঞ্জুষায় রাখিও যতনে
ভুলোনা, ভুলোনা—কামনা তায়।
হউক পূরিত পূত মনস্কাম
পূজি' মহাদেবী ভারত-মা'য় ॥

কানন-রাজ্য

(শিবপুর বোটানিকেল গার্ডেন সন্দর্শনে)

প্রকৃতির রম্য শোভা অতিশয় মনোলোভা
সন্দর্শনে করিনু মনন।
পশিলাম ধীরে ধীরে ডুবিলাম ভাব-নীরে
হেরিবারে বিচিত্র কানন ॥
সম্মুখে অপূর্ব্ব রাজ্য প্রকৃতির সুসাম্রাজ্য
নেহারিয়ে হইনু বিকল।
হৃদে আনন্দের ধারা ব'য়ে করে আত্মহারা
লভিলাম শান্তি পরিমল ॥
ছুটীনু পাগল-প্রায় হইয়ে উধাও হায়!
কান্তারের এদিক সেদিক।
একাধারে দৃশ্য সব মুগ্ধ ক'রে অভিনব
চিত্ত-পথে ক'রে ঝিক্‌মিক্ ॥
ঘুরে ঘুরে বহু পথ নেহারিনু শত শত
ফলেগ্রাহী, অবকেশী লতা।
কত কুঞ্জ পুষ্পবাটী অতিশয় পরিপাটী
বিরাজিছে ফল-ফুল নতা ॥

সে অটবী-অধীশ্বর   সুবিশাল তরুবর,

বহুপাত রয়েছে দাঁড়ায়ে।

উষ্ণীষ শোভিছে শিরে   বহুদূর আছে ঘিরে

রাজদণ্ড হস্তে বাড়াইয়ে॥

বিমোহিয়া সর্ব্বজন   প্রকৃতির সিংহাসন

হাসিতেছে নিজ ধনে পেয়ে।

সাম্য সৌম্য সুউদার   সে রাজার ব্যবহার

প্রজাগণ আছে সুখে খেয়ে॥

সমীরণ নিজে এসে   নেচে নেচে হেসে হেসে

করিতেছে ব্যজন সবারে।

অনুচর, প্রজাগণ   লভে সুখ অগণন

হাসে সদা উৎফুল্ল অন্তরে॥

এ রাজ্যে নাহিক কর   জমি সবই নিষ্কর

নাহি হেথা আদান-প্রদান।

'রঞ্জন' করিছে বলে   রাজ্যবাসী কুতূহলে

বহুপাতে করিছে সম্মান॥

নহে রাজা স্বেচ্ছাচারী—সতত সে ধর্ম্মাচারী

আতিথেয় মিষ্টভাষী আর।

নাহি উপদ্রব হেথা,—বিরাজিছে যেথা সেথা

সুখশান্তি রাজ্যেতে সবার॥

আত্মপর ভেদ নাই বিবাদের নাহি ঠাঁই
এ রাজ্যেতে সব একাকার।
হিংসা ঘৃণা দ্বন্দ্ব দ্বেষ নাহি কিছুমাত্র লেশ;
—মরি কিবা সৃষ্টির বাহার!!
শান্তি-সুখ সুবিপুল এ রাজ্যের অনুকূল—
বিষাদ-কালিমা দৈন্য কোথা?
লভে রম্য বায়ুজল পায় শান্তি নিরমল
দুরাকাঙ্ক্ষা কভু নাহি হেথা॥
সুবিনয় সদাচার বিরাজিছে চারিধার
সকলেই চির আতিথেয়।
অতিথি আসিলে ঘরে প্রাণ দিয়ে সেবা করে
এ আতিথ্য চির উপমেয়॥
সুবিশাল শাখা দিয়া পরিতুষ্ট করে হিয়া
অতিথিরে করিয়ে ব্যজন।
শ্রান্তি ক্লান্তি তার যাহা নিমেষে ঘুচায় আহা!
মেনে তারে আপন-স্বজন॥
ফল-ফুল-ছায়া দানে ভালবেসে প্রাণে প্রাণে
নিত্য করে অতিথিসৎকার।
তাই আমি ফুল্লমনে ঢুকিলাম কুঞ্জবনে
নেহারিনু কিবা চমৎকার!!

কুঞ্জবাসী সব এসে মাতাইল হেসে হেসে
সযতনে ব্যজন করিয়া।
অভিনব খাদ্য যত খাইলাম মনোমত
সুবিস্তীর্ণ ছায়ায় বসিয়া॥
ক্ষুধা-তৃষ্ণা দূর হ'ল— লভিলাম সুবিমল
শান্তি-সুখ কত অতুলন!
তারপর বহুক্ষণ অভাগার শান্ত মন
চিন্তা-স্রোতে হল নিমগন॥
ভাবনার স্রোতঃ-নীরে ভাসিলাম বহুদূরে
উঠিবারে নাহিক সম্বল।
ভীষণ তরঙ্গময় যত সব উর্ম্মিচয়
কে'ড়ে নিল হৃদয়ের বল॥
হেরে মহা বিভীষিকা জীবনের যবনিকা
পড়ে গেল সেই স্রোতঃ-জলে।
নিদ্রাদেবী সযতনে তুলে, মোরে ধীর মনে
জড়াইল আপন আঁচলে॥

তারকা

দিবসের শেষে কাহার উদ্দেশে
রূপে ক'রে ধরা আলা,
আকাশ-প্রাঙ্গণে হাস ফুল্লমনে
তোমরা দেবের বালা ?
অপার্থিব সুখে সদা ক'রে বুকে
কেন থাক পরকাশি,
শান্ত-স্নিগ্ধ চিতে এসে এ মহীতে
কেন ঢাল সুধারাশি ?
জগতের ক্রোড়ে সুখ ঘুম-ঘোরে
থাকিলে সমগ্র ধরা,
গভীর আঁধারে খুঁজহ কাহারে
চাহি মিটি বসুন্ধরা ?
না হয়ে অলস ঢাল স্নেহ-রস
সুখদুঃখ পরিহরে,
তোমাদের আঁখি দিয়েছে কি ফাঁকি
ছার নিদ্রা চির তরে ?

নাহি ক'রে দ্বিধা তাই কিগো সদা
তাকাইছ আর্ত্ত পানে,
পাপী দীনহীনে দুঃখী তনুক্ষীণে
চেয়ে চেয়ে আর্দ্র পানে ?
পূত প্রেমভরে বিধাতা তোদেরে
পাঠাইয়ে ধরামাঝে,
বুঝিবা তাঁহার মহিমা অপার
প্রকাশেন কত সাজে !
থাক চির তরে ফুল্ল প্রেম-ভরে
তোমরা দেবের বালা !
হলে ক্ষুব্ধ মন চাহি অনুক্ষণ
ঘুচাব প্রাণের জ্বালা ।

মাতৃভূমি সন্দর্শনে
কোন প্রবাসীর হৃদয়াবেগ

এমনো পাষণ্ড কিগো আছে এ মহীতে,—
যেবা কভু নাহি ভাবে স্বদেশেরে চিতে ;
যার নাহি গর্ব্ব হয় জন্মভূমি তরে ;
নাহি হেরে জন্মভূমি প্রেমার্দ্র অন্তরে ;
জন্মভূমি কি যে স্বর্গ যেবা নাহি জানে ;
যার প্রাণ নাহি কাঁদে স্বদেশের টানে,
নিবাসিছে সুখে সদা এই মরলোকে,
বিন্দু অশ্রু নাহি ঝরে কভু তার শোকে ?
যদি তা' সম্ভব হয়, কি বলিব আর ?—
নাহি কেউ ধরা-মাঝে হেন কুলাঙ্গার !
হতে পারে সেই নর উচ্চ কুলোদ্ভব ;
হতে পারে আছে তার অতুল বৈভব ;
হতে পারে আছে তার বিদ্যাবুদ্ধিজ্ঞান ;
হতে পারে আছে তার প্রভূত সম্মান !
তার সম নীচাশয় কোথা পাবে আর,
দুষ্টমতি নরাধম অবনী-মাঝার ?

ঐশ্বর্য্য অতুল মান বিদ্যাবুদ্ধিজ্ঞান,
নিমেষেতে ধ্বংশ হবে, লভিলে শ্মশান !
নাহি গাবে কেউ আর তার গুণ-গান,—
উপেক্ষা করিবে সবে তৃণের সমান !
তার তরে না ঝরিবে বিন্দু অশ্রু-নীর,
না হইবে কেউ কভু শোকেতে অধীর।
ঘৃণা লজ্জা অপমান সম্বল তাহার,
ঘোষিবে বিশ্বের সবে অপযশ ছার !

আহা কিবা অপরূপ জন্মভূমি মোর !
যাঁর তরে সদা ঝরে প্রেম-সুধালোর,
প্রবাসের কোলে বসি দুঃখেতে নির্জ্জনে,
ফেলিয়াছি কত অশ্রু কাঁদিয়া সঘনে ;
হইয়াছি আত্মহারা ভেবে অবিরাম,
সুখে দুঃখে স্মরিয়াছি সদা তাঁর নাম।
আহারে বিহারে কিম্বা শয়নে স্বপনে,
হয়েছি পাগল-প্রায় চিন্তে তাঁরে মনে।
তাঁর সেই স্নেহগাথা—স্মৃতি অতীতের,
স্বপ্নসম মনে জাগে, নাহি থাকে ফের !
জনক-জননী-স্নেহ ভ্রাতা-ভগিনীর
সদা মম মনে জাগে ঝরে আঁখি-নীর।

বাল্যসখা-সখীসাথে বকুল-তলায়
গাঁথিয়াছি কত মালা বকুলের হায় !
করিয়াছি কত প্রেম সখা-সখী সাথে,
খেলিয়াছি কত খেলা গৃহ-আঙ্গীনাতে।
হইয়াছি পুলকিত প্রাণের মাঝারে,
কোকিলের কুহুতানে ভ্রমর-ঝঙ্কারে।
দয়েল পাপিয়া শুক কাকাতুয়া টীয়া,
করেছে উদাস কত এই ক্ষুদ্র হিয়া !
সেফালিকা গন্ধরাজ যুঁই যুতি যাতি,
মোহিত মানস সদা দিয়ে হৃদে ভাতি।
নব জবা-পলাশের হেরে রক্তরাগ,
বাড়িত দীনের হায় কতই সোহাগ !
তর তর নাদে নদী হায় নিরবধি,
শুনায়েছে কত গান নাহিক অবধি !
নলিনীরে হেরিয়াছি সরোবরে কত,
হাসিতে নাথের সনে আহা কত মত !
নিশানাথে কুমুদিনী করিতে রমণ,
মনে পড়ে হেরিয়াছি অতি সুশোভন !
শস্যপূর্ণ বসুন্ধরা শোভিতে শরতে,
হেরিয়াছি তারে হায় সদা কত মতে !

নাহি মম পুত্রকন্যা আত্মীয় স্বজন,
নাহি মোর সখা সখী—বাল্য-সাথিগণ।
চলে গেছে একে একে দেবের সদন,
কাঁদাইয়ে অভাগারে!—করে নির্ব্বাসন—
হয়েছে শ্মশান হৃদি নানা শোক-দুঃখে,
তবু' শান্তি লভি আজি জন্মভূমি বুকে!
এমন স্বরগরাজ্য কোথা আছে আর,
ত্রিজগতে শান্তি-ভূমি শোভার আঁধার!

কেন ?

কেন দুরু দুরু পরাণ আজিকে,
হৃদয় মাঝারে নাচিছে ?
কেন ?—কার তরে এ হিয়া আমার
উদ্‌ভ্রান্ত প্রায় ছুটিছে ?
কেন আজি তনু কাঁপিছে সঘনে,—
শিহরিয়া ঘন এ অঙ্গ ?
কেনবা আজিকে এই হিয়া মাঝে,
বহিছে প্রেমের তরঙ্গ ?
কেনগো প্রকৃতি নাচিতেছে আজি
মনের উল্লাসে হাসিয়া ?
কেন সমীরণ ধাইছে হরিষে,
গাহিছে দয়েল-পাপিয়া ?
কেন স্রোতঃস্বিনী মাতোয়ারা হয়ে
সাগরে চুমিছে সঘনে ?
কেন বিরহিনী ফুল্লচিতে আজি
ভাবিছে প্রাণেশে যতনে ?

কেন শিশু ওই দোলনার মাঝে,
আধ ঘুম-ঘোরে হাসিছে ?
কেন ?—কার তরে উৎফুল্ল অন্তরে,
হরিষে এধরা ভাসিছে ?
কেন আজি যত রাখাল বালক
ফিরিতেছে গৃহে আনন্দে ?
কেন আজি সবে মিলি কুতূহলে
গাহিছে মনেরই ছন্দে ?
বুঝি আজি মিলনের তানে,
হয়েছে সবে আত্মহারা ;
যেন তাই সবে মিলি এ উৎসবে,
ভাসায় "অর্ঘ্যে" বসুন্ধরা !

ভুলেগেছি সব

ভুলেগেছি আজি সব শৈশবেরই কথা,
ভুলেগেছি আজি সেই জননীর গাথা,
ভুলেগেছি আজি তাঁর মধুর চুম্বন,
ভুলেগেছি আজি সব,—ভুলেছি স্বজন।
ভুলেগেছি শৈশবের যত সাথিগণে,
ভুলেগেছি বাল্যক্রীড়া সখাদের সনে,
ভুলেগেছি মালাগাথা বকুলের তলে,
ভুলেগেছি পরাইতে আপনার গলে।
ভুলেগেছি সরলতা হাসি সুমধুর,
ভুলেগেছি সুখশান্তি,—সব গেছে দূর।
ভুলেছি যৌবন-মোহে নশ্বর সংসারে,
ভুলেছি মাৎসর্য্য-সুখে সেই দেবতারে।
ভুলিয়া রয়েছি সদা কামিনী-কাঞ্চনে
ভুলিয়া রয়েছি মোহ-সুখ-প্রলোভনে!
এ হেন দুর্দ্দিনে কিগো স্মরাবেনা মোরে?—
স্নেহ করে কেউ কিগো লইবেনা ক্রোড়ে?

শরতে—

মলিনা বিনতা কালিমামাখা—
বরষা-দেবীর বিষণ্ণ মুখ।
ফুল্ল আজিকে শারদ-আভায়
বিগত বিষাদ-দুঃখ-শোক ॥
চোখের ধারা শুখিয়ে গেছে,—
পড়িছে গলে হাসির ধার।
ঝটিকা-নিশ্বাস বহেনাকো আর
চিত্ত-বিকার ঘটেনা আর ॥
যৌবন মদ-মত্ত তটিনীর
উত্তাল উন্নত তরঙ্গ ভীম।
উতলা করেনা নৌ-আরোহীরে
এবে সে শান্ত ঊর্ম্মিহীন ॥
কাতর কণ্ঠে চাতক ডাকেনা
কণ্ঠ তার শুধায় না আর।
কোমল কমল শুভ্র কান্তি
জুড়ায় তপ্ত হৃদয়-ভার ॥
মধুপপুঞ্জ কুঞ্জ পূরিয়া
গুঞ্জরি করে অমিয় পান।

চিত্ত-চকোর   শুনিয়া আকুল
মিষ্ট মধুর মাতাল গান ॥
দিগন্ত পূরিয়া   কাঁপায়ে মেদিনী
বাজিছে আজি বিজয় ঢাক।
বালকবৃন্দ নাচিছে গাহিছে
বাজায়ে মৃদঙ্গ-ঘণ্টা-শাঁক ॥
বিরহ-বিধূরা   মিলন-আশে,
বাঁধিছে বিকল দগ্ধ প্রাণ।
উচ্ছ্বাসে উন্নত বক্ষ চাপিয়া
আনন্দ-অশ্রু করিছে দান ॥
অর্ঘ্য রচিছে সেবকবৃন্দ
দীর্ঘ বরষের রচিত ফুলে।
আসিবেগো আজি জগত-জননী
দীনের ঘরে তুষিতে ছেলে ॥

—চরণ—

আয়! ওরে আয়!!   মায়ের ছেলে
মায়ের চরণ পূজিবি কে?
মায়ের ভাণ্ডার   উন্মুক্ত আজি
অমূল্য রতন লুটিয়ে নে ॥

মায়ের চরণ পরম রতন
ধূলি কণা ঐ পরশমণি,
মায়ের চরণ সাধনারি ধন
স্বরগ হতেও শ্রেষ্ঠ গণি ॥
ছেলের তরে জননী মোদের
খুলেছে আজি ভাণ্ডার তার।
এমন সময় পাবে না কখন
বহিয়ে গেলে, মিলে না আর ॥
আয় ! ওরে আয় !! কে আছ কোথায়
পূজার ডালি বহিয়া আয় !
চারিদিকে শুন পড়িয়াছে সারা
বুঝিবা বেলা বহিয়া যায় ॥
চরণ-তলে স্মরণ নিতেছি
তোমারই অনাথ সন্তানগণ !
দাও, মা ! চরণ ধন্য হোক আজি
দীন-হীনদের ক্ষণিক জীবন ॥

—পূজা—

বড় আশা মাতঃ ! পূজিতে চরণ
কিন্তু মোদের শকতি কই ?

বিনে অশ্রুধার   কি আছে মোদের ?
কিবা দিব সেই অশ্রুবই ?
হৃদয়-উদ্যানে   ফুটেনা কুসুম,
ভক্তি-সিক্ত হায় নহেকো সে !
একাগ্রতা-বায়   বহে না সেথায়
সুবাস সেথায় পায় না যে ॥
জ্ঞানের প্রদীপ   মানস-মন্দিরে
জ্বলে না চিত্ত করিয়া আলা ।
বাসনা-মেঘেতে   আবৃত আকাশ
প্রেমের রশ্মি নাশে না কালা ॥
ত্যেয়াগ যজ্ঞের   অগ্নি-শিখা কভু
জ্বলেনাকো হায় হোমকুণ্ডে !
মত্ত মাতঙ্গ --কাম-ক্রোধ-মোহ
নাশিতেছে সবে ভীমশুণ্ডে ॥
অঞ্জলি পূরিয়া   গলিত অশ্রু
দিলেম চরণে দশভুজা !
পূজা-উপচার   নাহি কিছু আর
এতে কি তব হয় না পূজা ?

বিসর্জ্জন

নবমীর নিশাশেষে, সুখ-শান্তি সব নেশে,
নিবে গেল মায়ের আলোক।
ধরণী কাঁদিছে হায়! মাতৃশোকে প্রাণ যায়,
ছুট ফুট করে যত লোক।

মলিনা দশমী-উষা, পরিত্যজি নিজ ভূষা,
কাঁদে মুখ লুকায়ে অম্বরে।
কাঁদিতেছে দিকবধূ, কাঁদিতেছে কুলবধূ
কাঁদে আজি সবে সমস্বরে॥

বিনিদ্র বিহগগণ, শোকে বিষাদিত মন,
নাহি ছাড়ে আপনার নীড়ে।
মৌণ-কৃশ চাষীদল, হইয়ে শোকে বিহ্বল,
কেশ ছিঁড়ে,—দেয় ধূলা শিরে॥

গুণ গুণ স্বরে আর নাহি করে ঝঙ্কার,
ফুল্ল অলি মধু আহরণে।
নীরবে বসিয়ে তা'রা হয়ে শোকে আত্মহারা,
কাঁদিতেছে আপনারি মনে॥

মৃদু মন্দ সমীরণ নাহি বহে অনুক্ষণ
কুসুম-সুবাস লয়ে সনে।
শন শন শন স্বরে লতাপাতা জড় করে,
কাঁদিতেছে,—আজি ক্ষুব্ধ মনে ॥

তরুরাজি শস্য সব বিষাদিত অভিনব,
মাতৃশোকে,—বিজয়া দিবসে।
নাহি দোলে সমীরণে কাঁদিছে নীরব মনে
জড় সব দৈব বিধি বশে ॥

শেফালিকা পুষ্পদল কেঁদে শোকে অবিরল
নীরবেতে পড়িতেছে ঝরে।
চামেলী অপরাজিতা, হয়ে অতি মর্ম্মাহতা,
তিতিতেছে প্রেম-অশ্রুনীরে ॥

বৎস-সাথে ধেনুগণ নাহি করে অন্বেষণ,
আপন-আহার আজি মাঠে।
যুবতী কলসী কাঁখে মাতৃনাম ঘন হাঁকে,
দাঁড়াইয়ে পুকুরের ঘাটে ॥

মন্দস্রোতা স্রোতঃস্বতী এবে বহে খরগতি,
নাহি তার কল কল তান।
দুঃখের বারতা লয়ে সাগরের পানে বয়ে,
খুলিতেছে আপনার প্রাণ॥

বালবৃদ্ধ যুবাগণ হয়ে বিষাদিত মন
মাতৃশোকে কাঁদিছে সঘনে।
নাহি কারো মুখে হাসি, ঝরিতেছে অশ্রুরাশি,
নীরবেতে আপন-সদনে॥

মাতৃ পূজা হবে বলে এসেছিল কুতুহলে,
যত সব প্রবাসী মানব।
আজি দীর্ঘশ্বাস ফেলে, লুটাইয়ে ধরাতলে,
মাঝে মাঝে ছাড়ে হা হা রব॥

শঙ্খনাদে পুরোহিত হয়ে বিষাদিত চিত্ত
জানাইছে শোকের বারতা।
ঢোল কাঁশি শঙ্খচুর সুতান করিয়ে দূর,
বাজিতেছে হয়ে মর্ম্মাহতা॥

দেবীরে লইয়ে কাঁধে, পুর-জন ওই কাঁদে
ধীরে চলে বিসর্জ্জন ঘাটে।
বাল-বৃদ্ধ নর নারী দেখিবারে তাড়াতাড়ি
যায় ধেয়ে পথে,—শূন্য মাঠে॥

দেখিয়ে অনন্ত মূর্ত্তি মনে কিছু পায় স্ফুর্ত্তি,
শান্ত সৌম্য সে মাধুরী হেরে।
ছল ছল ত্রিনয়ন, দুঃখে ম্লান সে বদন
লয় প্রাণ সবাকার কেড়ে॥

ভারত-শ্মশান দেখে, বিষাদ-কালিমা মেখে
যায় চলে দেবী দশভুজা।
বিরাজিছে দৈন্য দুঃখ কারো মনে নাহি সুখ,
নাহি হল ভালমতে পূজা॥

বিজয়ার সমস্যা

মাকে ডাকবো "মা" "Mamma" কি "Mother"
বাপ্‌কে "Papa" "বাবা" কি "Father"—
'These things I can not solve';—
বিজয়ার সমস্যায় 'Distressed' হয়েছে 'Mind,'
'How to greet them' না পারি করিতে 'Find'.

'Aged' গণের নেবো কি ধূলি,
না,—অম্‌নি করবো কোলাকুলি,—
'These things I can not solve';—
বিজয়ার সমস্যায় 'Distressed' হয়েছে 'Mind'
'How to greet them' না পারি করিতে 'Find'.

ভ্রাতা, ভগ্নী, 'Friends' গণে
কিরূপে করিব 'Greetings' যতনে—
'These things I can not solve';—
বিজয়ার সমস্যায় 'Distressed' হয়েছে 'Mind'
'How to greet them' না পারি করিতে 'Find'.

'Kiss' কি 'Hand-shaking' করিব প্রিয়ারে,
অথবা সাজাব প্রেম-ফুলহারে,—
'These things I can not solve' ;—
বিজয়ার সমস্যায় 'Distressed' হয়েছে 'Mind'
'How to greet them' না পারি করিতে 'Find'.

"Old Fools" এর 'Customs' ধরি,
'Or New Learnings' অনুসরি—
'These things I can not solve' ;—
বিজয়ার সমস্যায় 'Distressed' হয়েছে 'Mind'
'How to greet them' না পারি করিতে 'Find.'

ভুলিল সে আজি

[চট্টলের অন্যতম সুসন্তান মদীয় বাল্য সুহৃদ্ পরম প্রীতি-ভাজন সহোদর প্রতিম স্বর্গীয় ৺ধীরেন্দ্রলাল কানুনগোয়, বি, এস্ সি মহোদয়ের অকালমৃত্যু-শোক স্মৃতিতে লিখিত।]

কেন আজি মন মম এত উচাটন ?
কেন আজি দহিতেছে এ পোড়া জীবন ?
বিষ-মাখা জ্ঞান হয় এ মহীমণ্ডল,
হৃদয়ের স্তরে স্তরে বাজিছে কেবল !
মরমের কোণে কোণে বাজিছে সঘনে,
অকাল বিদায় তার জেগে উঠে মনে
হৃদয় আজিকে বুঝি হয়েছে শ্মশান
তাই বুঝি থেকে থেকে জ্বলে উঠে প্রাণ
দুইজনা ছিনু সদা দোসরের প্রায়,
দহে নাই এ জীবনে বিচ্ছের ঘায় !
উভয়ের ছিল সদা একটী অন্তর ;
আজি কেন হইয়াছে অন্তরে অন্তর !

কোন দেশে কবে বুঝি গিয়াছে চলিয়া
অভাগার কথা সব নিমেষে ভুলিয়া ;
নিঠুর হয়েছে বুঝি গিয়ে সেই স্থান, —
ভুলেছে সে' হেতু বুঝি হইয়ে পাষাণ !
হাস হাস মুখখানি বিনম্র লোচন,
স্মরিলে এখনো দহে এই পোড়া মন,
নিশিদিন যাপিতাম চিন্তিয়া যে আঁখি,
মুদেছে সে আঁখি আজি দিয়ে মোরে ফাঁকি ।
সদা আমি কেঁদে কেঁদে হইতেছি সারা
নিঠুরের তরে হায় বৃথা কেঁদে মরা ।

ফুরালো আমার আজি—সকলি মিটিল,
সব খেদ সব আশা ক্ষণেতে ডুবিল ;
বুঝেছিগো আজি সব বুঝেছি এখন,
চলেগেছে সেই 'ধন' দেবেরি সদন, —
নরের আরাধ্য ভূমি বৈকুণ্ঠ ভবন
বহে যথা চির-স্নিগ্ধ মলয়-পবন !

সেই দেশে গেলে কেউ ফিরে নাহি আসে,
চিরদিন বাসে সুখে দেবেরি সকাশে ;

শোক দুঃখ ঈর্ষ্যা ঘৃণা কভু সেথা নাই,—
সাম্য-ভাব সৈম্য-মূর্ত্তি বিরাজে সদাই
পাছে গিয়ে ভুলে থাকা জগত-স্বভাব,
তাই বুঝি পাশরিছে লভে সাম্য-ভাব !

অন্তিমের পথিক

কে তুমি হে উদাসীন! উদাসীর বেশে আজি
বধির উদাস প্রাণে যেতেছ সংসার ত্যজি;
সংসারের সুখ দুঃখ বিষয়-বাসনা যত
উপেক্ষিয়া অকাতরে মহানিদ্রা-ধ্যানে রত?
সুকোমল শয্যোপরে শয়ন করিয়া তুমি,
লভিয়াছ কত সুখ সাদরে প্রিয়ারে চুমি।
কঠিন মৃত্তিকাভূমে আজি হেরি শয্যা তব;
এ কেমন ভাব আজি?—দেখি কিবা অভিনব!
মশক-দংশন-ভয়ে হয়েছ অধীর কত,
বন্ধন-দাহনে এবে নাহি ডরে তব চিত!
ভুলিয়ে পরম তত্ত্ব অর্থ-সংগ্রহণ আশে,
ধাইত তোমার মন,—মত্ত ছিলে তদুল্লাসে।
মাথা ঘামাইতে সদা অর্থ-তরে ভেবে ভেবে
চলিছ কোথায় আজি পরিত্যজি তাহা সবে?
যাহাদের প্রেমে তুমি ছিলে মুগ্ধ অনুক্ষণ,
ক্ষণ-বিচ্ছেদের ঘায় হতে কত জ্বালাতন!
ভীষণ নিষ্ঠুর প্রাণে ছাড়িয়া তাদেরে আজি,
যাচ্ছ তুমি, কোন রাজ্যে ঘোর উদাসীন সাজি?

বকেছ প্রভুত্বে কত, সদা দাস দাসীগণে
নির্ব্বাক হইয়ে তুমি, আজি রয়েছ কেমনে ?
সুচিক্কণ বেশ ভূষা করিতেগো পরিধান
সুগন্ধির সমভারে মোহিতে সবার প্রাণ।
সভ্যতার অসভ্যতা চিনিলে কি আজ্ঞ তুমি,
আলিঙ্গন করে এই কঠোর মৃত্তিকা-ভূমি ?
বিলাসিতা পরিহরি, দিগম্বর বেশে আজি,
কোথায় চলিছ তুমি কাঙ্গাল ভিখারী সাজি ?
হিংসা দ্বেষ অভিমান, নিমেষে ভুলিয়ে সব,
সাম্যমন্ত্রে সৈম্যতন্ত্রে নিয়ে দীক্ষা অভিনব,
স্বজনের আর্ত্তনাদ—ভীষণ ক্রন্দন-ধ্বনি,
উপেক্ষিয়া আজি তুমি যেতেছ কোথায় মানি ?
চিনিলে কি আজি এই নশ্বর সংসারে যোগি ?
তাই কিগো চলিয়াছ যত সব পরিত্যাগি ?
কিবা অপরূপ সুখে আজি, এ মহানিদ্রায়
নিদ্রিতেছ মহাযোগি, নাহিক তুলনা তায় !
অন্তিমে নির্ব্বাক ভাষে, উপদেশ দিচ্ছ সবে
—'অলিক স্বপন সম সুখ দুঃখ এই ভবে ;
প্রাণবায়ু হলে লীন ধূলা-শয্যা হবে সার,
নাহি কোন সুখ ইথে ভজ 'সেই সারাৎসার' !

হ'লনা আমার

(গান)

ঠেকে দেখে তবু প্রভু হ'লনা আমার,
এ হেন জনম তাই হ'ল ছাড়খার !
ক্ষণে ভাবি জানি সব, ক্ষণে চিন্তি অভিনব,
ক্ষণেকে ঝরিতে থাকে ক্ষীণ অশ্রুধার ॥
কুপথ ছাড়িব বলে বদ্ধপরিকর হলে,
পর ক্ষণে যাই ভুলে চরণ তোমার ।
বাসনার খরস্রোতে মোহের তরঙ্গাঘাতে,
নিমেষে অধীর হই,—করি হাহাকার !!
অভিনব ভাবে লভি আশার মোহন ছবি,—
মরীচিকা সম করে সৌন্দর্য্য বিস্তার ।
কি হবে উপায় এবে এ ভ্রম ভাঙ্গিবে কবে
তোমার পবিত্র করে হায় অঙ্গগার ?
কবে সব হবে মাটী, তুমিই রহিবে খাঁটী,—
সর্ব্বস্ব হইবে কবে তুমি গো ! আমার !

তেজারতি

(গান)

ভবে আমি করি তেজারতি,—
তেজারতি বেব্‌সা আমার
খাটি' তাহে দিবারাতি।
পুণ্য-রত্ন মূলধন আমার,
হৃদয়-সিঁধুকে রাখি ;
খাতক এসে টাকা খুঁজ্‌লে,
সিঁধুক খুলে দিয়ে থাকি।
রিপুকুল খাতক সেজে,
পুণ্য-রত্ন নেয় ধার ;
দিয়ে থাকে সদাই মোরে,
পাপরূপে স্থদের হার।
মূলধন আর হয়না উস্থল,
স্থদ দিয়ে সে সময় কাটে ;
স্থদের ছলে নিচ্ছে সদাই,
পুণ্য-রত্ন আমার লুটে।

একা শুধু

(গান)

ভবের হাটে এসেছিনু,
হৃদি-ভাণ্ড লয়ে সাথে।
পয়সা ছিল গণ্ডা কতক,
তারি হিসাব নাহি চিতে॥
কিনেছি যা' মনে ধরে,
ভবেরি আপণ হতে।
যাবার সময় ভেবে দেখি,
আসল দ্রব্য নাহি সাথে॥
নকলে পূরেছি ঝুড়ি,
বোঝা বড় লাগে মাথে।
পাপের ভারে ভারি বোঝা,
হবে কষ্ট বড় পথে॥
সকলে গিয়েছে চলে
হালকা বোঝা নিয়ে সাথে।
আমি আছি একা শুধু,—
দাঁড়াইয়া শূন্য পথে॥

আয় অশ্রু ! আয় !! আয় !!!

জোছনার মত শুভ্র স্বচ্ছ পূত
আয় অশ্রু ! আয় !! আয় !!
শোকের পীড়নে অসহ্য তাড়নে
তুই (মোর) একান্ত সহায় ॥
দুটী আঁখি ভরি আয় অশ্রুবারি
রাখিব যতনে তোরে ।
হয়োনাকো লীন দীনে চিরদিন
ভাসাও নয়ন-লোরে ॥
কোন সাধ নাই শুধু তোরে চাই
দুঃখ অকূল পাথারে ।
কভু না ছাড়িব যতনে ধরিব
নিরাশ-ঊর্ম্মি-মাঝারে ॥
হৃদয়ের আশা প্রাণের পিয়াসা
সবে দীনে ছেড়ে গেছে ।
তাই দিবানিশি তোরে ভালবাসি
ওরে অশ্রু ! আয় কাছে ॥
চিরদিন তরে বিসর্জ্জন করে
বাসনা কামনা সব ।

তোরে অশ্রুধার ! করেছি সেতার

জীবন-সম্বল নব ॥

যায় যাবে যাক সবি চলে যাক

কিছু নাহি চাহি আর ।

শুদ্ধ শুভ্র ধার তুমিই আমার

—তোমা বিনে সবি ছার !!

দুঃখের ওষধি দরিদ্রের নিধি

হে মহান অশ্রুধার !

মুকুতার সম শোভ অনুপম

রচিয়ে মোহন হার ॥

প্রেমিক সুজন করিলে মন্থন

প্রেমের বিশাল সিন্ধু ।

সুধারূপে তার শোভে কি বাহার

দুনয়নে অশ্রু-বিন্দু !!

ভাবুক সতত ভাবে ডুবে শত

আপনাতে হ'লে হারা ।

তুমি গো উল্লাসে নয়নের পাশে

দেখা দাও অশ্রুধারা !!

দুঃখেতে ডুবিয়া শোকেতে মজিয়া

মরিছে যে জন ভবে ।

কে আছে তাহার তুমি বিনে আর ?—
অশ্রুমোর ! বল এবে ॥
বড় ব্যথা মনে পাইনু জীবনে
কোথা আর শান্তি পাই ?
এ পোড়া পরাণ হয়েছে শ্মশান
চিতা ভস্ম চিহ্ন তাই ॥
দুঃখ-শোক-বাণ হানিতেছে প্রাণ,—
বিদ্ধ করে দিবানিশি ॥
স্নেহ ভাসা পূত প্রেম-আশা
গিয়াছে কোথায় ভাসি ॥
তাই বলি' মোর ওহে আঁখি-লোর !
নাহি গতি তোমা বই ।
ছাড়িও না মোরে, ফেলিও না দূরে
শুন, বন্ধো ! ডেকে কই ॥
ভাসি' তব সাথে তরঙ্গের ঘাতে
যেতে সেথা অভিলাষ ।
শান্তির আলয়ে ওই দয়াময়ে
নেহারি' পূর্ণিব আশ ॥

জননী

(গান)

আমি অধম সন্তান বলেগো জননি!
(কভু) অনাদর মোরে করনি।
দিয়েছ স্তন্য, দিয়েছ খাদ্য,
কত ক্ষীর সর নবনী ॥
চুমেছ সদাই বুকে করে সুখে,
(কভু) দূর করে মোরে দাওনি।
হলে অভাগার রোগের সঞ্চার,
দূরে সরে কভু যাওনি ॥
না খেয়ে না দেয়ে খাটিয়াছ কত,
(কভু) প্রতিদান কিছু চাওনি।
তারি প্রতিদান দিবার আশায়,
ডাকিগো দিবস-যামিনী ॥
অসম্ভব আহা শোধিবারে ঋণ,
হে দেবি করুণা-রূপিণী!
তপ্ত-অশ্রু-অর্ঘ্য নেও অভাগার,—!
আর কিছু নাহি জননি!

জননী

গিয়েছ কোথা তুমি স্নেহময়ি মোর ?
ভাসাইয়ে অভাগারে ছিঁড়ে স্নেহ-ডোর ?
হ'লনা-তিলেক দয়া—　　কাটাতে সন্তান মায়া ?
অভাগা সন্তান বুকে জ্বালায়ে অনল
কোন দোষে ত্যজিলে মা ! করিয়ে বিকল ?

গিয়েছ কোথায় করে' ধরণী আঁধার
ভুলেছ কি ভালবাসা এই অভাগার ?
সুখশান্তি কেড়ে নিয়ে　　কোথা আছ পলাইয়ে
কেন মাতঃ ! ছেড়ে গেলে অভাগা সন্তানে ?
সুতীক্ষ্ণ বিচ্ছেদ-অসি হানি ক্ষুদ্র প্রাণে ?

হে দেবি দীনের ধন ! স্বরগ রতন !
একবার দেখা দাও জুড়াই জীবন ;—
বাছা ! বাছা !! বলে সুখে　চুমু কেটে নিয়ে বুকে
ফিরাও অভাগা সুতে এ মর জগতে
লভি যেন সুখশান্তি পুনঃ তোমা হতে ॥

এস মা ! লও মা ! আজি দীন সুতে কোলে
অধীর হয়েছি বড় চরণ হেরিব বলে ;
কি বলিব মাতঃ আর ?— ঝরিতেছে আঁখিধার
শ্রাবণের ধারা সম হায় অবিরত !
সেদিন হইতে দেবি ! যেদিন হইলে গত।

জীবন-সর্ব্বস্ব মোর হে দেবি ! কেমনে,
ত্যজিয়া গিয়েছ সুতে—ভুলে অভাজনে ?—
এ জ্ঞান থাকিত যদি চোখে চোখে নিরবধি
রাখিতাম সযতনে ধ্রুবতারা জ্ঞানে
কার সাধ্য কেড়ে নিতে তোমা হেন ধনে ?

অবোধ অজ্ঞান হায় ! ছিনু সেই কালে,
বুঝিনাই সুখদুঃখ কি ঘটিছে ভালে ;
না লভিতে তিন মাস দীন-গলে দিয়ে ফাঁস
মারিয়াছ অভাগারে জীবনের তরে,
অপমৃত্যু-ভয় কভু জাগেনি অন্তরে।

পাড়ার ছেলের সাথে খেলিতে খেলিতে
মাতৃভালবাসা হেরি তব স্মৃতি জাগে চিতে ;
ছুটিয়া পাগল-প্রায় শুধাইলে পিসিমায়
চুমিয়া স্নেহের ভরে লইতেন কোলে টানি,—
কি ঘটিত তার পর, তাহা মাতঃ নাহি জানি !

কভু তাঁর কোলে বসি তাঁহার চিবুক ধরে,
জিজ্ঞাসা করেছি কত আধ আধ আধ স্বরে,—
"পিসিমা ! বলনা মোরে মা কোঠায় গেছে ছেড়ে
হামারে ডিডিরে আর ডাডাগণে ভুলে ;
মোডেরে নেয়নি কেন যেটে কোলে টুলে ?

"ও পাড়ার সাডুর মা' যাডুর মা যেটে
কোলে কোলে নিয়ে ডায় টাডেরে বেড়াটে
মা বুঝি বেড়াটে গেঠে কোলে কবে নিবে এঠে
সাডু যাডু বেড়া' সডা কোলে চড়ে মার,
আমি কি পিসিমা ! বেড়াটে পারিনা আর ?

"পিসিমা ! মা কোঠায় চলেগেঠে কি হয়েঠে টার ?
কবে সে ফিরিবে হেথা,—আসিবে আবার ?
যদি রাগ করে ঠাকে চরিয়া আনিব টাকে
বেড়াবো পাড়ায় সুখে চড়ে সদা কোলে টার
এবার আসিলে টাকে ছাড়িব না আর।

"পিসিমা কওনা কঠা বলনা আমায়
মা আমায় ফেলে ডুবে গিয়েসে কোঠায় ?
সে যখন যায় ডুবে টুমি কি ঠিলেনা ঘরে
সিলে যদি কেন টারে যেটে দিলে হায় !
এখন কোঠায় খুঁজে আনিব টাহায় ?

'পিসিমা ! টুমিট বলিয়া ছিলে বিটি ডয়াময়,
বিটিট করে না ডয়া পাঠায় না মায় ?
মাকে পাঠাইবে কবে ?—যাইব কি আমি টবে ?
পঠ ডেখাইয়ে টুমি ডাও আজি মোরে,
আনিব টাহারে আমি সাঠে সাঠে চরে'।"

—সরল বিশ্বাস হায়! শিশু অভাগার
ভেবেছিনু তাই টেনে আনিব আবার
জ্ঞানহীন বুঝি নাই   ক্ষণতরে ভাবি নাই,—
ভুলিয়ে এ ছার মায়া ওই দেব-লোকে
নিরুদ্বেগে যাপিতেছ দিন সদা সুখে।

অসহ্য ক্রন্দনজ্বালা সহিতে না পেরে
তাই বুঝি মাতঃ! তুমি গেছ মোরে ছেড়ে?
হেথা হতে বহুদূরে   সেই রাজ্যে সুরপুরে
যেথা কভু না পশিবে ধ্বনি অভাগার,
সহিতে হবে না যেথা রোগশোক আর॥

থাক মাতঃ! চিরসুখে থাক সদা সেথা,
কিবা ক্ষতি?—তুচ্ছ হৃদি ফেটে যাক হেথা;
অভাগার তরে হায়!   পুড়িয়াছ যাতনায়
দিই নাই সুখ তোমা পলকের তরে,
কিবা অধিকার তাই ডাকি বুকভরে?

থাক মাতঃ! চিরসুখে থাক সদা সেথা
তব স্মৃতি বুকে করে ঘুরিবগো হেথা
পাগলের প্রায় ঘুরে হইবগো ভব-ঘুরে
স্মৃতিখানি হেরি সদা মানস-দর্পণে—
রাখিয়ে 'জীবন ধন' অতি সঙ্গোপনে!

অন্তিমে

(গান)

হে মাতঃ! পদ-প্রান্তে রেখো অধমে।
আঁখিনীরে ভেসে ভেসে যাব চুমে ॥
—সংসার-লহর যবে,
উঠিবেক ভীম রবে,
তোমারি চরণ-গুণে যাবে থেমে ॥
শোক-দুঃখ-উর্ম্মিঘাতে,
হইলে বিকার চিতে,
দয়া করে দিও মাতঃ! তাহা দমে ॥
বিষয়-বাসনা-কেন,
যদি করে পুণ্য লীন,
নিজ-গুণে ক্ষমা করে নিও অন্তিমে।
হে মাতঃ পদপ্রান্তে রেখো অধমে ॥

ক্ষমা

(গান)

এ পাপ পরাণ ডাকেনি তোমারে,
দয়া করে তুমি ডেকেছ।
হৃদয় আমারি মরুভূমি—তবু'
চরণ দুখানি দিয়েছ॥
ঘৃণা অবহেলা করেছি তোমায়,
তবু'—তুমি কোলে নিয়েছ।
তোমারি কার্য্য সাধি নাই কভু,
তবু'—তুমি মোরে চেয়েছ॥
তোমারি ঈঙ্গিত উপেক্ষা করিয়া
কত পাপকার্য্য করেছি।
পাপ-প্রলোভনে তোমায় ভুলিয়ে,
পাপে ডুবে সদা রয়েছি॥
আপনারি গুণে তরাইছ দাসে,
কি আর প্রভো! বলিব তোমা?
রেখে ওচরণে সদা অভাগারে,—
করো দয়াময় ক্ষমা!!

নিরঞ্জন

অব্যক্ত মধুর কোমল কণ্ঠে
কে মোরে শুনাও তান ?
চঞ্চল অধীর হইতেছ কেবা
জুড়াতে এ তপ্ত প্রাণ ?

আহারে বিহারে শয়নে স্বপনে
কে তুমি রহিছ কাছে ?
হয়েছি আকুল জানিতে তোমারে
দুরু দুরু প্রাণ নাচে ॥

থাকহ কে তুমি আমি যেথা যাই
গোপনে মরম-কোণে ?
দূরেতে সরিয়ে যাইগো যখনি
কে তুমি আনগো টেনে ?

ভাবিগো সদাই নাহি কেউ কাছে
আমি আছি একা শুধু ।
কেবা তুমি সখা ! থেকে ছায়া সম
ঢাল সুধা—প্রেম-মধু ?

আকুল পরাণে   এ বিশ্ব ত্যজিতে
বাসনা করিলে কভু।
কেবা তুমি মোরে   প্রবোধ বচনে
বিরত করহ প্রভু ?

আশার মূরতি   পবিত্র উজ্জ্বল
ধর মোর কাছে কেবা ?
ব্যাধি শোক দুঃখ   নিমেষে নাশিয়ে
কে মোরে করিছ সেবা ?

চিনেছি তোমায়   বুঝেছি এখন
তুমি মোর প্রিয়জন।
তোষিছ দানেরে   প্রতিদান ভুলে
—সখা মম 'নিরঞ্জন' !!

তোমায় ছাড়িয়ে

তোমায় ছাড়িয়ে প্রভো !
পেয়েছি অনেক ব্যথা।
সকলি হেরেছ তুমি
গাঁথিয়ে করম-গাথা ॥
অশ্রু-জলে ভেসে ভেসে
বিষাদে কেটেছি দিন।
শোকে দুঃখে পড়ে হায় !
পরাণ হয়েছে ক্ষীণ ॥
অনুতাপ-দাবানলে
এ হৃদি করেছে ছাই।
এবে প্রভো ! বুঝিলাম—
তোমা বিনে গতি নাই ॥
দিয়েছিলে—'আশীর্ব্বাদ'
করেছি সম্ভোগ কত।
হাতে 'স্বর্গ' দিয়েছিলে
করে যত্ন নানামত ॥

উপেক্ষিয়ে মোহে হায় !
ফেলেছিনু সবি দূরে।
সংশয় নিরাশ মোরে
করেছিল ভবঘুরে ॥
আবার দিয়েছ যদি
কৃপা-হস্ত প্রসারিয়ে।
নিয়োনাকো পিতঃ ! আর
দীন সুতে ফাঁকী দিয়ে ॥
ফেলিওনা মোহে কভু
এই দাসে—অভাজনে।
বঞ্চিতে অধম সুতে—
দীন সেবক "রঞ্জনে" ॥

বিহ্বলতা

কখনো তোমারে জানিনি দেবতা !
বুঝি নাই তব প্রেম।
মজিয়া রয়েছি তোমায় ভুলিয়ে,—
নিয়ে তুচ্ছ মুক্তা-হেম ॥
সমুজ্জ্বল প্রভা নেহারি কভুও
হৃদয়ে লাগেনি প্রীতি।
পুণ্য প্রতিভা উজ্জ্বল ছটায়
দেখিনি স্বরূপ জ্যোতিঃ ॥
পরম স্বরূপ পূর্ণব্রহ্ম রূপে
হেরিতে তোমারে প্রভু !
জাগেনি পরাণে ব্যাকুলতা হায় !—
ডাকিনি তোমারে কভু ॥
তবু মর্ম্মস্থলে অলক্ষ্যে উথলে
পূত স্পন্দন তব।
হৃদয়-সেতার উচ্ছ্বসে ধীরে,—
বেজে উঠে অভিনব ॥

কি যেন কেমন   অচেনা সুতানে

পরাণ কাড়িয়া লয়।

ঊর্দ্ধ অধঃ হেরি   সতৃষ্ণ নয়নে

তবু হৃদি স্থির নয়॥

এই বিহ্বলতা   ভাঙ্গিওনা স্বামি!

তোমাতে আবেশে মজি।

ভাঙ্গিব আমার মোহের স্বপন

নিশিদিন তোমা ভজি!!

অন্বেষণ

পরাণ-মাঝারে অতৃপ্ত বাসনা
রহিয়াছে সঙ্গোপন।
দিশাহারা হৃদে উৎসুক পরাণে
করি তাই অন্বেষণ ॥

প্রেম-প্রীতি-স্নেহ আকুল পিয়াসা
রেখেছি বাঞ্ছিত-তরে।
সাজায়ে সতত অতি সযতনে
হৃদয়ের স্তরে স্তরে ॥

মর্ম্ম-পট জুড়ে তাহারি সে ছবি
থাকিলেও সদা আঁকা।
অসংযত চিত্ত— মানস মলিন
তাইগো মিলেনা দেখা ॥

চপলার মত ক্ষণ দীপ্তি দিয়ে
অনন্তে মিশিয়ে যায়।
ভীষণ আঁধারে ক্ষীণ জ্যোতিঃ তা'র
ঝলকে নয়ন হায় !!

দ্বিগুণ আবেশে কেঁপে উঠে প্রাণ
দুরু দুরু করে হিয়া।
চির-আকাঙ্ক্ষিত! কোথা তুমি মোর?—
ঢাল শান্তি,—দেখা দিয়া॥

রাখিয়াছি শূন্য হৃদি-সিংহাসন
তোমারে লইতে বরি'।
এস গো সুখদ! মানস-মোহন!
অন্তর-কালিমা হরি'॥

তোমারই তরে

এ জীবন শুধু প্রভো! তোমারই তরে—
অনন্ত জীবনে মোর তমসা হেরিলে ঘোর
তুমিই চালাও মোরে লক্ষ্যপথ ধরে;
এজীবন শুধু প্রভো তোমারই তরে!

এ জীবন শুধু প্রভো! তোমারই তরে—
চাহিয়ে তোমার পানে যে ফুল ফুটিবে প্রাণে
রাখিও তাহারে সদাই অমর করে;
এ জীবন শুধু প্রভো তোমারই তরে!

এ জীবন শুধু প্রভো! তোমারই তরে—
তব সব নাহি আর তাই তোমা অনিবার
ধর্ম্ম কাম মোক্ষ ব'লে বাখানিছে নরে;
এ জীবন শুধু প্রভো তোমারই তরে!

এ জীবন শুধু প্রভো! তোমারই তরে—
তুমি মোর প্রিয়তম— চিরশান্তি অনুপম
তুমিই অনন্ত স্বর্গে দেখাবে অমরে;
এ জীবন শুধু প্রভো তোমারই তরে!

এ জীবন শুধু প্রভো ! তোমারই তরে—
মৃত্যু-ঘেরা এ জীবনে মিলিবারে তব সনে
আছি চেয়ে তারই তরে অপেক্ষা ক'রে ;
এ জীবন শুধু প্রভো তোমারই তরে !

এ জীবন শুধু প্রভো ! তোমারই তরে—
পূত হৃদে শান্ত মনে মিশে যাবো ঐচরণে
ভুঞ্জিব অনন্ত শান্তি অনন্তের ক্রোড়ে ;
এ জীবন শুধু প্রভো তোমারই তরে !

আমার বিবাহ

বিবাহের তরে, কভু ভেবোনারে
হে মোর পাগলা মন !
শমন আসিয়ে, লগ্ন নিরূপিয়ে,
করিবেক সঙ্ঘটন ॥

আত্মীয় স্বজনে, সেই শুভ দিনে,
বরের যাত্রিক সেজে।
বংশ দোলা করে, বিবাহের তরে,
নিবে তোমা সেজে গুজে ॥

শ্বশুরের ঘর, যাইবেক বর,
উলুধ্বনি—"হরিবোল"।
কেহবা হাসিবে, কেহবা কাঁদিবে,
বাঁধাইবে মহারোল !!

শ্মশানের ঘাট, সেই ধূ ধূ মাঠ,
তোমার শ্বশুর-বাড়ী।
দৃশ্য শ্মশানের, কতই মধুর,
তাহা যে বর্ণিতে নারি !!

ষোল কড়া কড়ি, চাল মুষ্টি চারি,
কলসী তুলসী আর।
দিবেগো তোমারে, সম্প্রদান-ঘরে,
বিবাহের উপহার॥

যাজক ব্রাহ্মণ করে সম্প্রদান,
পাঠাবে বাসর-ঘরে।
ফুল-শয্যা তব, কত অভিনব,
আম্রকাষ্ঠ-শয্যোপরে॥

বহ্নি-সতী এসে, চুমিবেক হেসে,
তোমার সুচারু মুখ।
চুমিয়ে সাদরে, পূত প্রেম ভরে,
পাতিবে বিশাল বুক॥

বুকের ভিতর, মাখিয়ে তোমার
বাসরের প্রেম-ছাই।
হাসিবেক সতী, মিলিবে দম্পতি,—
সে প্রেম-তুলনা নাই!!

সে প্রেম-মহিমা,　　　　সে প্রেম-গরিমা
কোথা পাবে এ সংসারে ?
অন্তে মোক্ষ পেতে—　সে' প্রেম লভিতে,
ভজ সেই সারাৎসারে ॥

পরপারে

প্রভো !

বসন্ত প্রভাতে যবে নির্ঝরিণী-কূলে।
মলয় সমীর ধীরে চুমে যাবে ফুলে॥
তব প্রেম-অশ্রু-নীরে তি'তে বসুন্ধরা।
হাসিবেক নব হাস্যে হয়ে আত্মহারা॥
তরুরাজি দিবে অর্ঘ্য ফুলের সম্ভারে।
গন্ধবহ গন্ধধূপে মাতাবে তোমারে॥
তর তর তর বেগে হেলে নেচে হেসে।
ধাইবেক স্রোতঃস্বিনী তোমার উদ্দেশে॥
ভ্রমর পাপিয়া শুক দয়েল কোকিল।
গাহিবে পঞ্চম সুরে মাতায়ে অনিল॥
তখন বারেক তুমি, এসে অভাগারে।
শিখাইও মহামন্ত্র জপিতে তোমারে॥
মহামন্ত্রে তব দাস উদাসীন হলে।
যেয়োনাকো ফেলে দূরে অভাগারে ছলে॥
তুচ্ছ যশ ধন জন মোহ ছিন্ন করে।
যখন ত্যজিব বিশ্ব উদাস অন্তরে॥

আত্মীয় স্বজনগণ অভাগারে ঘিরে।
তিতিবে বিচ্ছেদ-শোকে, মোহ-অশ্রু-নীরে ॥
সবাই সাজাবে চিতা 'কর্ণফুলী'-তীরে।
পবন সাজাবে ফুল থরে থরে ধীরে ॥
গাহিয়ে তোমার গান সবে সমস্বরে।
রাখিলে আমার দেহ চিতা-শয্যোপরে ॥
সে সময়ে তুমি দেব! এই অভাগারে।
কোলে তুলে নিও স্নেহে,—সেই পরপারে ॥

বাণী

বিশ্ব মাঝারে থাকহ জাগ্রত
হে মোর বিশ্ববাসি !
চিত্ত আলোকে হয়ে সমুজ্জ্বল
বিদূর মোহান্ধরাশি ॥
সত্য-ধর্ম্মের উড়াও নিশান
বাড়ায়ে বিশ্ব-মান।
কর্ম্ম-ঝঙ্কারে করহ উধাও
বিশ্বের সব প্রাণ ॥
ভ্রান্ত পথিক ! মোহের আঁধারে
ঘুরোনা কভু আর।
চিত্ত-মাঝারে দেখহ তাঁহারে—
ঐ সেই সারাৎসার ॥